
সংকল্প
অন্বেষণের মুখপত্র
WELCOME

আপনার আজকের শিশু আগামী দিনের কর্ণধার।
সেই ছোট্ট শিশুর ভবিষ্যৎ গড়ার দায়িত্ব নিয়েছে—

# রামকৃষ্ণ সারদা মিশন বিদ্যালয়

(শিশু শ্রেণী—অষ্টম শ্রেণী)

স্থাপিত—২০০৪

হরপাড়া, মাধবপুর, কোলকাতা-৭০০১২১

EDUCATION- শব্দটি বিশ্লেষণ করলে পাওয়া যায়—

E - Energy - শক্তি, সামর্থ্য, উদ্যম, তেজ।
D - Duty - কর্তব্যনিষ্ঠা।
U - Unity - একতা, ঐক্য।
C - Carefulness - যত্নশীলতা।
A - Attention - মনোযোগ, অভিনিবেশ, সতর্কতা।
T - Truthfulness - সত্যবাদিতা।
I - Intellect - বুদ্ধি, চিন্তাশক্তি।
O - Obedient - বাধ্যতা, বিনয়,নম্রতা।
N - Neatness - পরিচ্ছন্নতা।




জ্ঞানলাভের জন্য ছাত্র-ছাত্রীদের 'EDUCATION' শব্দের প্রকৃত অর্থ বুঝে উপরোক্ত গুণাবলী অর্জনের চেষ্টা করতে হবে।।

# শুভেচ্ছা বার্তা

যাঁরা এবং যাঁদের
ঐকান্তিক সহযোগিতায় ও
নিরলস পরিশ্রমকে পাথেয়
করে 'অ-ন্বে-ষ-ণ' মাথা
তুলে দাঁড়াচ্ছে তাঁদের
সকলকে জানাই আন্তরিক
অভিনন্দন
ও
শুভেচ্ছা

বারাসাত অন্বেষণ

## 'অন্বেষণ'-এর পক্ষ থেকে আবেদন

- ফুলের মত পবিত্র ছোট্ট শিশুকে '**শ্রমিক**' হতে দেবেন না। শিশু শ্রমিক রাখা দন্ডনীয় অপরাধ। (৩—১৪) বছর বয়সী সকল শিশুকে বিদ্যালয়ে পাঠান।
- শিশু ও নারী পাচার জঘন্যতম অপরাধ। শিশু ও নারী পাচার প্রতিরোধে এগিয়ে আসুন।
- বৃক্ষরোপন করুন ও পরিবেশ রক্ষায় এগিয়ে আসুন। পলিথিন ব্যাগ ব্যবহার বর্জন করুন।
- '**ধূমপান বিষপান**'—সমস্ত রকম ধূমপান বর্জন করুন।
- জলের অপচয় বন্ধকরুন। আর্সেনিক মুক্ত বিশুদ্ধ পানীয় জল পান করুন।
- 'রোগকে ঘৃণা কর-রোগীকে নয়'—অসহায়, দুঃস্থ রোগীর সেবায় সর্বদা এগিয়ে আসুন।
- নারী নির্যাতন বন্ধ করুন।
- চাষের কাজে রাসায়নিক সারের পরিবর্তে জৈব সার ব্যবহার করুন।

"যুগের ধর্ম এই,
পীড়ন করিলে সে পীড়ন এসে পীড়া
দেবে তোমাকেই।।"—নজরুল।

বারাসাত
**'অ-ন্বে-ষ-ণ'**
(শিশু, নারী ও সমাজকল্যাণমূলক স্বেচ্ছাসেবী সংগঠন)
হরপাড়া • বেড়াবেড়িয়া • কলকাতা-৭০০১২১

***Regd. Under 12AA, 80G & FCRA***
email : barasatanweshan@yahoo.com/gmail.com
website : www.anweshan.in

# সূচিপত্র


| | | | |
|---|---|---|---|
| ১. | সম্পাদকের কলমে | ঃ | ১ |
| ২. | অন্বেষণ কি?/সৃষ্টি/কর্মসূচী | ঃ | ২-৪ |
| ৩. | কবিতা-রাস্তার ছেলে (দূর্গা ভট্টাচার্য) | ঃ | ৪ |
| ৪. | শ্রীমতি রেবা সরকার (চেয়ারপার্সন) | ঃ | ৫-৬ |
| ৫. | কবিতা-শুধু বেঁচে থাকা (মনোজ বিশ্বাস)<br>কবিতা-পথযাত্রী (পরিমল দে) | ঃ | ৬ |
| ৬. | মা মন্দাকিনী (দূর্গা ভট্টাচার্য) | ঃ | ৭-১৫ |
| ৭. | কবিতা-দেবী সরস্বতী (এম.ডি হাসমত আলী) | ঃ | ১৫ |
| ৮। | একদিন দেখা (ডঃ এস. পি মুখার্জ্জী) | ঃ | ১৬-২২ |
| ৯। | গরিবের বন্ধু (রিয়া সাহা) | ঃ | ২৩ |
| ১০। | চন্দ্রযান—১ (রবীন মণ্ডল) | ঃ | ২৪ |
| ১১। | কবিতা-ভূতের নাচ (সন্তু দাস) | ঃ | ২৪ |
| ১২। | রক্তদান একটি মহৎ কাজ (ড. দীপক কুন্ডু) | ঃ | ২৫-২৬ |
| ১৩। | কবিতা -আমাদের অন্বেষণ (সনজিত গঙ্গোপাধ্যায়) | ঃ | ২৬ |
| ১৪। | আনন্দময়ের আনন্দ আলয় (পার্বতী ব্যানার্জ্জী) | ঃ | ২৭-২৮ |
| ১৫। | কবিতা - মা (শৈবা রায়চৌধুরী) | ঃ | ২৮ |
| ১৬। | ফিরে দেখা | ঃ | ২৯-৩১ |
| ১৭। | সংসর্গ (শুক্লা ভট্টাচার্য) | ঃ | ৩১ |
| ১৮। | ক্যুইজ ক্যুইজ | ঃ | ৩১ |
| ১৯। | বিজ্ঞানের খবর | ঃ | ৩২ |

মুখ্যমন্ত্রী
পশ্চিমবঙ্গ

**CHIEF MINISTER**
WEST BENGAL

Writers' Buildings, Kolkata-700 001
West Bengal, India
E-Mail: cm@wb.nic.in
Fax : 0091-033-22145480
Tel : 0091-033-22145555

No. 1059- P / CM
14 August,2008

***I am happy to know that Barasat Anweshan is bringing out a special number of its Annual Magazine on 15 August, 2008 on the occasion of its 5th Anniversary.***

***I wish the organisation success in all its endeavours.***

*(Buddhadeb Bhattacharjee)*

***Shri Shyamal Raychowdhury***
***Secretary***
***Barasat Anweshan***
***North 24 Parganas.***

**SUBHAS CHAKRABORTY**

**Minister-in-charge**
Transport Sports &
Youth Services Department
Govt. of West Bengal
Writers' Buildings
Kolkata - 700 001

D. O. No. 1017/MTS/2008

Date 19 - 8 - 2008

## MESSAGE

I am glad to know that the 'Barasat Anweshan', a philanthropic voluntary organization of Harpara, P.O. Beraberia, Amdanga, North 24-Parganas has published a Magazine on 16th August, 2008.

I extend my congratulations to the organizers, participants and all others concerned.

( Subhas Chakraborty)

The Secretary,
'Barasat Anweshan',
Harpara, P.O. Beraberia, Amdanga,
North 24-Parganas.

Dr. Asim Kumar Dasgupta

*Minister-in-charge*
Finance & Excise Department
Government of West Bengal
Writer's Buildings
Kolkata - 700 001
Phone : (033) 2214-5525(O)
Fax : (033) 2214-1338/4016
e-mail : micfin@wb.gov.in

November 7, 2008

**Message**

It is a pleasure to know that a Souvenir will be published on the occasion of 5th Anniversary of Barasat Anweshan on August 15, 2008.

I wish this occasion every success.

(Asim Kumar Dasgupta)

Shri Shyamal Raychowdhury,
Secretary,
Barasat Anweshan,
North 24 Parganas.

বিশ্বনাথ চৌধুরী মন্ত্রী
নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগ
এবং কারা বিভাগ
পশ্চিমবঙ্গ সরকার
মহাকরণ
কলকাতা - ৭০০ ০০১

**Biswanath Chowdhury**
MINISTER-IN-CHARGE
Department of Women & Child
Development and Social Welfare
and Department of Jails,
Government of West Bengal
Writers' Buildings
Kolkata - 700 001

D.O. No 815/MIC/CW.

The 28/7/08

# MESSAGE

It is a pleasure to know that the Barasat Anweshan of Harpara North 24-Parganas is going to organize their Awareness Programme for the distressed, helpless poorest section. To commemorate this occasion they have contemplated to publish a colourful souvenir on 15th August, 2008.

I extend my good wishes to the Organizing Committee and also all the participants to find the programme a grand success.

**( Biswanath Chowdhury )**

**The Secretary**
**Barasat Anweshan**
**Harpara , P.O. Beraberia**
**Amdanga, North 24- Parganas**
**Kolkata – 700 121.**

Tarit Baran Topdar
Member of Parliament
(Lok Sabha)

सत्यमेव जयते

RESIDENCE :
154, NORTH AVENUE
NEW DELHI - 110001
PHONE - 011 2309 2167
Mob: 09868180507

MEMBER: PUBLIC ACCOUNTS COMMITTEE, STANDING COMMITTEE ON ENERGY, CONSULTATIVE COMMITTEE FOR THE, MINISTRY OF CIVIL AVIATION

Ref. No.................................. Date 06.08.2008.

Dear friends,

I am delighted to learn that 'Barasat Anweshan' — a Govt. Regd. philanthropic voluntary organization, has endeavoured to publish a Magazine on 15th August, 2008, depicting the multifarious social welfare activities which have been successively implemented since the inception of the organization.

friends, I am really enthused to learn about the stretched out area of operations to serve especially for the benefit of the children and helpless women of the distressed and poorest section of our society bringing smile to their faded face and your such activity sounds the voice of humanity. I shall hope that the excellence of the sacred task of serving others be consecrated with the realisation of social obligation.

friends, dauntless songs you sing in your propitious path of social welfare activities with devotion, dedication and determination.

I wish your assiduous endeavour all success.

With warm wishes,

[signature]

Shri Shyamal Ray Chowdhury,
Secretary,
Barasat Anweshan,
Beraberia,
Amdanga,
Kolkata - 700121.

MEMBER OF PARLIAMENT LOKSABHA

32, Barasat Road, P.O.- Nona-Chandanpukur, Barrackpore, Kolkata - 700122 Ph.- (033) 2592-0408 / 1444 Office : (033) 2592-1515

*Pratim Chatterjee*

सत्यमेव जयते

*Minister in-charge*
*Department of Fire and Emergency Services*
*Government of West Bengal*
*Writers' Buildings, Kolkata - 700 001*

*No.* ..........................

*Dated* ..........................

## MESSAGE

I am glad to know that Barasat Anweshan is going to bring out a magazine consisting of various activities rendered by this philanthropic organization for the betterment of society.

I hope the same will be inspiring one.

I wish a grand success in publishing the magazine and I convey my best wishes to all concerned.

(Pratim Chatterjee)
08/08/08

Secretary
Barasat Anweshan
Harpara
P.O. Beraberia, Amdanga
North 24-Parganas.

নরেন্দ্রনাথ দে
মন্ত্রী
কৃষি ও ক্রেতা সুরক্ষা দপ্তর
পশ্চিমবঙ্গ সরকার
মহাকরণ, কলকাতা-৭০০ ০০১
☎ : ২২১৪-৫৭৮৯
ফ্যাক্স : ২২১৪-৩৩৫৭

**NARENDRA NATH DEY**
*Minister-in-Charge*
**AGRICULTURE & CONSUMER AFFAIRS DEPARTMENT**
Government of West Bengal
Writers' Buildings
Kolkata-700 001
☎ : 2214-5789
Fax : 2214-3357


ডি.ও.নং 2262/MIC/AFC

তারিখ 12.8.08

## MESSAGE

I have the immense pleasure to learn that **'BARASAT ANWESHAN'**, a philanthropic voluntary organization (NGO) Registered under W.B. Societies Registration Act XXVI of 1961, mainly serves the distressed, helpless poorest section (especially for the benefit of the children and helpless women) of the villages, they are taking after, throughout the year, is going to bring out a colourful **'Magazine'** with all kinds of the past activities on 15th August, 2008.

I wish alround success of the programme.

11.8.08.
**(Narendra Nath Dey)**

**Shri Shyamal Roy Chowdhury**
**Secretary**
**Barasat Anweshan**
**Kolkata.**

রেখা গোস্বামী
ভারপ্রাপ্ত মন্ত্রী
স্বনির্ভর গোষ্ঠী এবং স্বনিযুক্তি বিভাগ
পশ্চিমবঙ্গ সরকার, মহাকরণ
কলকাতা - ৭০০ ০০১
দূরভাষ : ২২১৪-৫৮০০, ২২১৪-১৫৭৬ (করণ)
ফ্যাক্স : ২২১৪-১৫৭৬
২৫২৮-৯৮৮৯ (বাসভবন)

REKHA GOSWAMI
Minister-in-Charge
Self Help Group and Self Employment Deptt
Government of West Bengal
Writers' Buildings
Kolkata-700 001
Ph. : 2214-5800, 2214-1576 (O)
Fax : (033) 2214-1576
2528-9889 (Resi.)

D. O. No. 407/MIC/SHG & SE/08

Date 24.07.2008

## ***MESSAGE***

*It is a matter of pleasure for me to know that "Barasat Anweshan" is going to publish a Magazine incorporating its all kinds of the past Activities on 15th Day of August, 2008.*

*Since 2003, the organisation has been serving for poor helpless and deprived people especially for empowerment of children and women of unadvanced section within their working jurisdiction of our community. This organisation has been giving so many trainings such as on Sewing, Cutting, Knitting various types of Jute works, Food Processing, Horticulture, Floriculture, Duckery, Poultry, Pisciculture etc. by the Experienced Instructors which is much praiseworthy.*

*I am glad to know that besides this entire programme they also facilitate people by giving them clothes, spectacles, nutritious food and different medical help and arrange various Awareness Programmes.*

*I convey my thanks to the organizers for their endeavour and wish them all success and prosperity.*

Rekha Goswami
*(REKHA GOSWAMI)*

*Secretary*
*Barasat Anweshan*
*Harpara, Beraberia, Amdanga,*
*24 Pgs (N),*
*Kolkata-700121.*

Subrata Bose
MEMBER OF PARLIAMENT
(LOK SABHA)

1/385 Gariahat Road South
Jodhpur Park, Kol - 700 068
Telephone : 2473-4598 (R)

Subhas Sadan, Champadali More
Barasat, 24 Pgs.(N), Kol - 124
Telephone : 2552-1020 (Off.)

Ref No. ..............................

Date ০৪/০৯/২০০৮

সম্পাদক
বারাসাত অন্বেশন,
হারপাড়া, পোঃ- বেরাবেড়ি, আমডাঙ্গা,
উত্তর ২৪ পরগনা

আমি খুশি হলাম যে আপনারা একটি স্বারকপত্র প্রকাশিত করতে যাচ্ছেন জেনে। আপনারা শিশু, নারী, ও সমাজের অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে পড়া শ্রেণীর জন্য কাজ করছেন, আপনার সংগঠনের উত্তর উত্তর শ্রীবৃদ্ধি কামনা করছি। আপনার সংগঠনের সকলকে জানাই আন্তরিক সুভেচ্ছা।

নমস্কারান্তে,

ইতি
সুব্রত বসু

সুব্রত বসু

**DR. BITHIKA MANDAL**
Member,
West Bengal Legislative Assembly

Anima Apartment (2nd floor)
82/2, K. N. C. Road
Barasat, North 24-Parganas
Kolkata-700 124

Date ২৮/০৪/০৮

শুভেচ্ছাবার্তা

বারাসাত অন্বেষণ প্রতিবারের মতো এই বারেও তাদের স্মরণিকা প্রকাশ করছে জেনে খুশী হ'লাম। সামাজিক বিভিন্ন ক্ষেত্রে অন্বেষণ যে ভাবে দক্ষতার সাথে কাজ করে চলেছে — আগামীতে সমাজসংগঠনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে বলে আশা রাখি।

অন্বেষণের আগামী প্রতিটি কর্মসূচী সফল হোক এই প্রত্যাশায়

জয় হিন্দ

২৯/০৪/০৮

Dr. Bithika Mandal
MEMBER
West Bengal Legislative Assembly

Binod Kumar, IAS

**DISTRICT MAGISTRATE & COLLECTOR**

NORTH 24 PARGANAS, BARASAT 700 124

**জেলা শাসক ও সমাহর্তা**

উত্তর চব্বিশ পরগণা, বারাসাত ৭০০ ১২৪

Tele Nos. Office : 2552-3662/3880, Fax: 2562-6177 : Res:2552-3474, Fax 2552-3535, e-mail: dm-bar@wb.nic.in

No.-5849-/O.Con/DM Dated-12/08/2008

**MESSAGE**

I am very glad to know that members and organizers of BARASAT ANWESHAN are engaged to serve for the poor people, especially for the children and women. I am also glad to know that they are trying to publish a colourful Magazine on the auspicious day of 15th August, 2008.

I convey my best wishes to the members and organizers of the organization for such endeavour.

11/8/08

( Binod Kumar )
District Magistrate
North 24-Parganas, Barasat

Sh. Shyamal Ray Chowdhury
Secretary,
Barasat Anweshan,
Harpara, PO.Beraberia,
Amdanga, Kolkata-121.

Office of the District Magistrate North 24-Parganas, Barasat

Dr. Kusum Kumar Adhikary,
Chief Medical Officer of Health
North 24-Parganas
Barasat.

Fax No. : 2562-4789
Phone No. : 2552-3129

Dated : 12.08.08.

To
Sri Shyamal Roychowdhury,
Secretary,
Barasat Anweshan.

It is pleasure to know that Barasat Anweshan will publish a Magazine on the occasion of Independence Day, the 15th August this year with review of last five years activities of the organization. So far information comes Barasat Anweshan has been working for social welfare services and also empowerment of Self-Help Groups through different vocational courses.

I wish success of the programme.

With regards.

12/8/08

(KUSUM KUMAR ADHIKARY)
Chief Medical Officer of Health
North 24-Parganas.

**SUB-DIVISIONAL OFFICER**
*BARASAT (SADAR), NORTH 24 PARGANAS*
*PHONE : 2552-3311(O), 2552-3784(R)*
*FAX : 2552-3311*

## শুভেচ্ছা বার্তা

আগামী ১৫ই আগষ্ট,২০০৮-এ ***বারাসাত অন্বেশনের*** পক্ষ থেকে তাদের বিগত দিনের কাজ কর্মের সফলতা নিয়ে একটি পুস্তিকা প্রকাশিত হবে জেনে আনন্দিত হলাম । আগামীতে সমজের পিছিয়ে পড়া দরিদ্রতম অসহায় মানুষদের নিয়ে আপনাদের যে কাজ এই পুস্তিকার মাধ্যমে তার সফলতা আসবে এই আশা করি ।

পুস্তিকাটি প্রকাশ করার উদ্যোগ অভিনন্দনযোগ্য ।

Office of the Sub-Divisional Magistrate, North 24 Pargs. Barasat.

অভিনন্দন সহ

Sub-Divisional Officer
BARASAT (Sadar)
North 24-Parganas

মহকুমা শাসক
বারাসাত,উত্তর ২৪-পরগণা

Government of West Bengal
Office of the Assistant Director,
Consumer Affairs & Fair Business Practices,
24-Parganas(North)Region,
"Maya Bhavan"(Ist floor)
2, Barrackpore Road, P.O.: Nabapally,
PIN:700126.Tel:2542-7328.

Memo.No. 432 /FBP/PGN/08. Date. 19. 8. 2008.
CA/13/02-08.Pt.I

To
The Secretary,
Barasat Anweshan,
Harpara, P.O.:- Beraberia,
Amdanga,
24-Parganas(North),
Kolkata-121.

Your Ref.No. BA/00191/08 dt.8.8.08.

Sir,

With reference to the above I am sending a message for the publication in your Magazine on the occassion of Indepence Day.

"Our best wishes to Anweshan for its glorious role in various welfare activities, especially in the field of Consumer Awareness".

Yours faithfully,

19/8/08
Assistant Director,
C.A. & F.B.P.,
24-Parganas(North)Region,
Barasat.

## Government of West Bengal

Office of the Block Development Officer
Amdanga Development Block
Vill- Rafipur, P.O. Arkhali-Amdanga
PIN- 743 221, North 24 Parganas

Ph -03216-260093
Fax-03216-260093
M- 9836944537
e-mail
amdanga@gmail
com

প্রতি:-
সম্পাদক
[illegible], হরিণঘাটা

—: শুভেচ্ছা বার্তা :—

সাংস্কৃতিক ক্রিয়াকর্মের উপর ভিত্তি করে আপনারা যে স্মারক পুস্তিকা প্রকাশে ব্রতী হয়েছেন তা জেনে আমি খুবই আনন্দিত। আপনাদের এই পুস্তিকা সকলের কাছে দৃষ্টান্ত হয়ে থাকুক এই শুভেচ্ছা কামনা করি।

রবীন্দ্রনাথ অধিকারী
(রবীন্দ্র নাথ অধিকারী)
যুগ্ম সমষ্টি উন্নয়ন আধিকারিক
আমডাঙা

২২শে আগষ্ট '১২
আমডাঙা

**Government of West Bengal**
**Office of the Block Development Officer**
**Amdanga Development Block**
**Vill- Rafipur, P.O. Arkhali-Amdanga**
**PIN- 743 221, North 24 Parganas**

Ph -03216-260093
Fax-03216-260093
M- 9836944537
e-mail
amdanga@gmail.com

প্রতি:-
সম্পাদক,
সংকল্প অন্বেষণ
হরদাঙা, বেড়াবেড়িয়া

—: শুভেচ্ছা বার্তা :—

সাংস্কৃতিক ক্রিয়াকর্মের একটি পূর্ণাঙ্গ অভিযান নিয়ে আপনাদের সংস্থা একটি স্মারক পুস্তিকা প্রকাশে ব্রতী হয়েছে জেনে খুশী হলাম, সামাজিক ক্রিয়াকলাপের মধ্যে থেকে এই সংস্থার উত্তরোত্তর শ্রীবৃদ্ধি অবশ্যই কাম্য,

আপনাদের এই উদ্যোগ আগামী দিনে ভবিষ্যতের সাক্ষী হয়ে থাকুক.

২২ শে আগস্ট '১২
আমডাঙ্গা.

সুকান্ত আচার্য
সমষ্টি উন্নয়ন আধিকারিক
আমডাঙ্গা

# সম্পাদকের কলমে

## আমাদের সংকল্প

পৃথিবীর অমোঘ নিয়মে সময় ছুটে চলেছে আপন পথে, নিজস্ব গতিতে। তার গতি রোধ করার ক্ষমতা কারোর হাতে নেই। পৃথিবীর শ্রেষ্ঠ জীব মানুষ। মানুষই একমাত্র পারে নিজস্ব প্রয়োজনে সময়ের ধারাকে ঠিক মত ব্যবহার করতে। ক্রমবিকাশমান যুক্তি/বুদ্ধির সাহায্যে সময়ানুগ যে সমস্ত আবিষ্কারে নিজের সমাজ ও দেশকে সমৃদ্ধ করে চলেছে তার প্রধান সোপান শিক্ষা।

**স্বামী বিবেকানন্দ বলেছেন ঃ** 'ভারত ধর্মের দেশ'। তার আগে অবশ্য আরও একটা শব্দ ব্যবহার করেছেন—'সর্বোপরি'। তার অর্থ, ভারত শুধুমাত্র ধর্ম নিয়েই থাকে না। জীবনের জন্য অন্য যেসব জিনিসগুলির দরকার সেগুলির প্রতি সে সমান মনোযোগী। কিন্তু সবকিছুকে ছাড়িয়ে সে ধর্মকে সর্বোচ্চ আদর্শ বলে মনে করে এবং জগতে সেই ভাবটিই প্রচার করে। অন্য কোন দেশ এই উচ্চ আদর্শের ধারক-বাহক হতে পারেনি। ভারতকে কেন্দ্র করেই ধর্মতরঙ্গ বারংবার পৃথিবীর সর্বত্র ছড়িয়ে পড়েছে। এর মূলে স্বামীজী মানুষের মানসিক স্তরের প্রভাব দেখেছেন। তম, রজ, সত্ত্ব গুণের দ্বারা মানুষ আবৃত। মানসিক গঠনও সেভাবেই তৈরি হয়। একই মায়ের তিন সন্তান—একজন তমোগুণে আচ্ছন্ন থেকে জীবনটা ঘুমিয়েই কাটিয়ে দিল (কুম্ভকর্ণ)। আর একজনের আকাঙ্খা কেবল ভোগে ও প্রভুত্বে—(রাবণ)। আর তৃতীয় সন্তান ইন্দ্রিয় জগতের তৃষ্ণা মুক্ত বৈরাগ্যযুক্ত হয়ে শ্রীরামরূপ ভববচ্চণে শরণাগত প্রাণ (বিভীষণ)। অতএব আদর্শ প্রকৃতি ভেদে ভিন্ন হয়। এ জগতের প্রতি আসক্তিও ভিন্ন রূপ নেয়। আদর্শের কোনটা বাস্তব আর কোনটা অবাস্তব—এসব বিচারও এই মানসিক প্রভাবের ফলেই উদ্ভুত হয়। একদল ভাবে আমরা বাস্তববাদী এবং শ্রেষ্ঠ। অন্যদল ভাবে ওরা যাকে বাস্তব বলে তা কেবল টাকার বিনিময়ে পাওয়া যায়। আর যার বিনিময়ে টাকা হয় না তাই অবাস্তব।

সৎ চিন্তার জন্য চাই সু-শিক্ষা—শিক্ষা চেতনার উন্মেষ ঘটায়। আর চেতনাই দেখায় মুক্তির পথ। শিক্ষা মানুষকে মানবতার সঠিক পথে চালিত করে। আত্মিক শিক্ষা ও পুঁথিগত শিক্ষা যুগ-যুগান্তরের সময় কাল ধরে মানুষের মনকে করে আলোকিত। মানুষের মধ্যে যে মানবিক হৃদয় আছে তার দ্বারা দুঃখ দারিদ্রক্লিষ্ট অসহায় আতুর সকল মানুষকে সেবা ধর্মের মানসিকতা দিয়ে সুস্থ-সামাজিক জীবনে ফিরিয়ে আনার যে প্রয়াস চালায়, সেও শিক্ষার এক মহতী প্রকাশ।

বর্তমান বিশ্বে শ'য়ে শ'য়ে মানব ধর্ম, সেবাধর্ম বিষয়ে নানাবিধ সংস্থা গড়ে উঠেছে। বিশ্বের কোটি কোটি মানুষের মধ্যে একটা ক্ষুদ্র অংশ আছে যাঁরা তাদের আয়ের উদ্বৃত্ত থেকে কিছু অর্থ এমন সব জনসেবামূলক কাজে দান করেন যার দ্বারা দরিদ্র অসহায় সাধারণ মানুষ হয় উপকৃত।

পৃথিবীর সর্বত্র তথা ভারতেও মানুষের সংখ্যা দিনদিন বাড়ছে, এবং পাল্লা দিয়ে বাড়ছে জীবন ধারণের বৈষম্য। মানুষ আজ ভীষণ আত্মকেন্দ্রিক। বিজ্ঞানের আবহাওয়ার মধ্যে আমরা আরও বেশি আত্মকেন্দ্রিক গন্ডীর মধ্যে আবদ্ধ হয়ে পড়েছি। অন্যের কথা ভাববার মত আমাদের অবকাশ কোথায়? অন্য দেশের কথা বাদ দিয়ে ভারতের কথাই ভাবা যাক। দেশে কোটিপতির সংখ্যা বাড়লেও আমজনতার দারিদ্রতা ঘোচেনি। আত্মকেন্দ্রিক হয়ে পড়লেও আত্মচেতনার উন্নতি ঘটেনি। কুসংস্কার ও ধর্মীয় গোঁড়ামির বেড়া ভেঙে এখনও সচেতনতার প্রসার ঘটেনি।

'পুষ্পে গন্ধং তিলে তৈলং কাষ্ঠে বহ্নি পয়োঘৃতম,
ইক্ষৌ গুড়ং তথাদেহে পশ্যাত্মানাং বিবেকতঃ।"

—এই কথাটা বলেছিলেন মহাপন্ডিত চাণক্য। এর অর্থ হ'ল ফুলে যেমন গন্ধ, তিলে যেমন তেল, কাঠে যেমন অগ্নি, দুধে যেমন ঘি এবং আখে যেমন গুড় অবস্থান করে, মানুষ মাত্রই সকলে একথা জানে। তেমনি, শরীরের মধ্যে যে পরমাত্মা অবস্থান করেন, প্রত্যেক মানুষের প্রধান কর্তব্য তাঁকে জানা। তাঁকে না জানলে আত্মচেতনার উন্মেষ ঘটবে কেমন করে? আর আত্মচেতনার উন্মেষ না ঘটলে আধ্যাত্মিকতার পথে এগিয়ে যাবে কেমন করে মানুষ। তবেই তো হবে মানুষের পরিপূর্ণতা। আর এই পরিপূর্ণ মানুষই তো চেয়েছিলেন স্বামী বিবেকানন্দ। তাইতো তিনি বলেছিলেন—"ভারতের ইতিহাসে কেউ এমন একটা যুগ দেখিয়ে দিন দেখি, যে যুগে সমগ্র জগতকে আধ্যাত্মিকতা দ্বারা পরিচালিত করবার মতো মহাপুরষের অভাব ছিল? কিন্তু ভারতের কার্যপ্রণালী আধ্যাত্মিক—সে কাজ রণবাদ্য বা সেনাবাহিনীর অভিযানের দ্বারা হতে পারে না। ভারতের প্রভাব চিরকাল পৃথিবীতে নিঃশব্দ শিশিরপাতের মতো সকলের অলক্ষ্যে সঞ্চারিত হয়েছে অথচ পৃথিবীর সবচেয়ে সুন্দর ফুলগুলি ফুটিয়ে তুলেছে।"

তাইতো আমরা প্রতিনিয়ত দিনরাত্রি এক করে অণ্বেষণ করে চলেছি স্বামীজীর সেই পরিপূর্ণ মানুষ। যদি নাই পাই হতাশ হবো না কারণ আমরা দৃঢ় প্রতিজ্ঞ পরিপূর্ণভাবে মানুষ গড়ে তুলবো। সবচেয়ে সুন্দর ফুলগুলি ফুটিয়ে তুলবো। 'রামকৃষ্ণ সারদা মিশন' বিদ্যালয়ের বাগানে।

খাদ্য-বস্ত্র-বাসস্থান-কারিগরি শিক্ষা প্রভৃতির ব্যবস্থা অনেক সমাজসেবী প্রতিষ্ঠান গ্রহণ করে তাদের মহত্ব প্রকাশ করছে। কিন্তু অসামাজিক ক্রিয়াকলাপ বন্ধের জন্য সচেতনতা বাড়াতে এখন বহু সংখ্যক সৎপ্রতিষ্ঠানের খুবই প্রয়োজন এবং সেটা সম্ভব কেবলমাত্র শিক্ষার মাধ্যমে, তবে সে শিক্ষা যেন স্বার্থান্বেষী না হয়। অবৈধ সন্তান রাস্তার আস্তাকুঁড়ে বেড়ে ওঠা অনাথ শিশুদের আশ্রয় ও শিক্ষার ব্যবস্থা অবশ্য কর্তব্য। এই ধরনের অনাথ শিশুরাই সমাজ ব্যবস্থার অবহেলা ও ঘৃণায় তৈরি হয় এক একজন অন্ধকার জগতের কীট। সেই কীটকে শৈশবেই শেষ করে অন্ধকার থেকে তাদের জীবনকে আলোর পথে পথ দেখাতে হবে। সেই কুঁড়িগুলোকে সুন্দরভাবে ফোটাবার সুযোগ করে দিয়ে শিক্ষার সৌরভকে ছড়িয়ে দেওয়ার পরিবেশ তৈরি করবার সংকল্পে আমরা অটল। একটাও কুঁড়ি যেন ঝরে না পড়ে, সেই সংকল্পে আমরা বদ্ধপরিকর। তবেই আমাদের 'অন্বেষণ'-এর দিনরাত্রি পরিশ্রম সফল ও সার্থক হবে।

## ❖ অন্বেষণ কি?

'অন্বেষণ' (ANWESHAN)-এর বাংলা অভিধানিক অর্থ- অনুসন্ধান / সন্ধান / খোঁজা (Search)। স্বাধীনতার ৬৫ বছর পরেও আমরা যখন দেখি অন্ন-বস্ত্রহীন বহু মানুষকে অন্নের অভাবে, বস্ত্রের অভাবে, বিনাচিকিৎসায় ফুটপাথে পড়ে মরতে হচ্ছে তখন আমাদের মনে প্রশ্ন জাগে, কি লাভ আমাদের এই গর্বের স্বাধীনতার? বিজ্ঞান আজ এত এগিয়েছে যে পৃথিবী জয় করে এখন মহাকাশে পাড়ি জমিয়েছে, কিন্তু এখানেও একটি প্রশ্ন উঠে এসেছে। এক মুঠো অন্নের অভাবে এবং বিনা চিকিৎসায় ফুলের মতো পবিত্র যে শিশু মায়ের কোল শূন্য করে মারা যাচ্ছে, বিজ্ঞান কী ঐ সন্তানহারা জননীর কোলে তার সন্তানকে ফিরিয়ে দিতে পেরেছে?—না পারেনি!

একটু সহানুভূতিশীল দৃষ্টিভঙ্গীতে আমাদের চারপাশে তাকালেই আমরা দেখতে পাই সঠিক যত্নের অভাবে বহু অবহেলিত-অসহায় শিশু লেখাপড়া শিখতে না পেরে একমুঠো অন্নের অভাবে ধনী লোকের বাড়িতে অথবা দোকানে শিশু শ্রমিক হিসাবে কাজ করছে অথবা ধীরে ধীরে সমাজের অন্ধকার জগতের সঙ্গে মিশে যাচ্ছে। এই সমস্ত দরিদ্র অসহায়-বঞ্চিত-অবহেলিত শিশুদের খুঁজে বের করার উদ্দেশ্যেই ২০০৩ সালের ১২ জানুয়ারী বীর সন্ন্যাসী স্বামী বিবেকানন্দের জন্মদিনের শুভ সকালে তার আদর্শ নিয়ে ভূমিষ্ট হয়েছিল **"অ-ন্বে-ষ-ণ"** নামে একটি সেবামূলক প্রতিষ্ঠান। অন্বেষণ মূলত শিশু ও নারীদের কল্যাণে কাজ করার উদ্দেশ্যে যাত্রা শুরু করেছিল। সেইজন্য ২২ এপ্রিল ২০০৪, অন্বেষণের মাথায় একটি নতুন পালক সংযোজিত হল 'অনাথ আশ্রম'। দিনটি ছিল পৃথিবী দিবস (Earth Day) এবং শুভ 'অক্ষয় তৃতীয়া'। (৩—১০) বছর বয়সী ৯ জন অসহায়-অবহেলিত-পরিত্যক্ত শিশুরা এসে যোগদান করল এই অনাথ আশ্রমে। এদের অন্ন-বস্ত্র-আশ্রয়-চিকিৎসা ও শিক্ষার সম্পূর্ণ দায়িত্ব সানন্দে গ্রহণ করল অন্বেষণ কর্তৃপক্ষ।

## ❖ কিভাবে অন্বেষণের সৃষ্টি?

বিজ্ঞানের কল্যানে মানুষ আজ বহু কিছু পেয়েছে কিন্তু কেন জানিনা মানুষ বড় বেশী স্বার্থপর হয়ে উঠেছে। সর্বত্র মানুষে মানুষে ভেদাভেদ, শ্রেণী ও বর্ণ বৈষম্যের কষাঘাতে মনুষ্য সমাজ আজ জর্জরিত। এক শ্রেণীর মানুষ অর্থের পাহাড়ের চূড়ায় ওঠার জন্য প্রতিনিয়ত সংগ্রাম করছে, আবার এর ঠিক বিপরীত দিকে বহু মানুষ অন্ন-বস্ত্র-বাসস্থান ও চিকিৎসার অভাবে মারা যাচ্ছে। তার কারণ মনে হয় মানুষ আজ বড় আত্মকেন্দ্রিক হয়ে পড়েছে যার ফলে জন্মদাতা পিতা-মাতাকে তাঁদের হাতে গড়া গৃহ ছেড়ে আশ্রয় নিতে হচ্ছে বৃদ্ধাশ্রমে। কিন্তু আমরা একবারও ভাবিনা আজকে যাদের বৃদ্ধাশ্রমে পাঠাচ্ছি ঐ জায়গায় একদিন আমাদেরকেও যেতে হবে। শ্মশান ঘাটে গিয়ে মৃতদেহ সৎকার করতে গিয়েও আমরা কিন্তু সঠিক পরিণতির কথা ভাবিনা। যদি ভাবতাম তাহলে সমাজ আজকে এত অরাজকতায় ছেয়ে যেত না। আগেকার মুনি ঋষিরা বলতেন জন্মের পর মানুষ পাঁচটি ঋণে জড়িয়ে পড়ে এবং সুদীর্ঘ কর্মজীবনে সেই ঋণ মুক্ত হতে হয়। বিজ্ঞানের দৌলতে আমরা সে সব ভুলতে বসেছি যার ফলে আজ ধনদৌলত বাড়ি-গাড়ি ইত্যাদি থাকতেও আমাদের মনে কোন শান্তি নেই। এছাড়া আধুনিক যুব সমাজের একাংশ আজ কিছুটা হলেও বিপথগামী, যুব সমাজকে ভাঙনের মুখ থেকে রক্ষা করার উদ্দেশ্যে একজন শিক্ষক তাঁর কিছু শুভাকাঙ্খী সৎ এবং নিবেদিত প্রাণ (যুবক-যুবতী) ছাত্র-ছাত্রীকে সঙ্গে নিলেন সেবামূলক কাজ করার জন্য। এই শিক্ষকের আদি নিবাস পূর্ববঙ্গে। তাঁর ঠাকুরদা ছিলেন শিক্ষক। বাবাও শিক্ষক (অবসরপ্রাপ্ত) এবং স্ত্রীও শিক্ষিকা। অ-ন্বে-ষ-ণ নামটিও এই শিক্ষকের দেওয়া।

সবকিছু নিয়ে ভাবতে ভাবতে এল সেই শুভক্ষণ২০০৩ সালের ১২ জানুয়ারী স্বামী বিবেকানন্দের জন্মদিন অর্থাৎ যুবদিবস। ঐদিন একদল যুবক-যুবতী (২৫ জন) তাদের শিক্ষককে কান্ডারী করে হোমাগ্নী প্রজ্বলিত করে বেদমন্ত্র উচ্চারণের মাধ্যমে শপথ গ্রহণ করল 'মরতে তো একদিন হবেই তাই বাকী জীবন ধর্ম-বর্ণ-নির্বিশেষে দারিদ্রক্লিষ্ট অবহেলিত, বঞ্চিত, নিপীড়িত মানুষের সেবা করেই মরতে চাই।' তাদের সেই বজ্রকঠিন প্রতিজ্ঞা থেকে জন্ম হল 'অন্বেষণ' স্বেচ্ছাসেবী সংগঠনের।

"জীবে প্রেম করে যেই জন সেই জন সেবিছে ঈশ্বর"—

স্বামীজীর আদর্শে অনুপ্রাণিত হয়ে ও তাঁর এই মহান বাণীকে স্বার্থক করে তোলার উদ্দেশ্যে ও ত্যাগের মন্ত্রে দীক্ষিত হয়ে সকলেই সমস্বরে আরও প্রতিজ্ঞা করল—

"এমন জীবন করিব গঠন মরনে হাসিব আমি, কাঁদিবে ভুবন।
এমন জীবন করিব না গঠন মরনে কাঁদিব আমি, হাসিবে ভুবন।"

তারা সমবেতভাবে আরও শপথ নিল জীবনে সর্বদা চারটি 'D' মেনে চলবে অবশ্যই ঃ

Discipline - নিয়মানুবর্তিতা/শৃঙ্খলা।
Decoroum - শৃষ্ঠাচার
Devotion - ভক্তি/নিষ্টা।
Dedication - উৎসর্গ।

এরপর শুরু হল চারপাশের সমস্ত এলাকা Servey করা। উদ্দেশ্য একটাই, এই ধরনের সেবামূলক প্রতিষ্ঠানের এখনও আমাদের সমাজে প্রয়োজন আছে কিনা? তাদের শিক্ষকের লেখা একটি ছপানো Handbill বা প্রচারপত্র নিয়ে সপ্তাহের নির্দিষ্ট দিনে এই সব যুবক-যুবতীরা বিভিন্ন এলাকায় Door to

Door ঘুরতে বেরিয়ে পড়ল। ধীরে ধীরে বহুগুনী মানুষ এলেন তাদের সংস্পর্শে এবং তাদের এই শিক্ষককে সম্পাদক নির্বাচিত করে একটি কমিটি গঠন করা হল এবং সরকারী রেজিষ্ট্রিশনও পাওয়া গেল।

কমিটির সর্বসম্মত সিদ্ধান্ত অনুসারে ২২ এপ্রিল, ২০০৮ সালে শুভ অক্ষয় তৃতীয়ার দিনে (পৃথিবী দিবসে) অন্বেষণের কর্মসূচীতে একটি নতুন পালক সংযোজিত হল—জন্ম হল অন্বেষণ পরিচালিত "অনাথ আশ্রম"-এর। ১০৮টি প্রদীপ জ্বালিয়ে এবং বিভিন্ন এলাকায় ৯ জন অনাথ শিশুকে নিয়ে গড়ে তোলা হল এই **"অনাথ আশ্রম"** শিবজ্ঞানে জীব সেবার উদ্দেশ্যই হল এদের প্রধান লক্ষ্য। এর উদ্বোধন করলেন বিশিষ্ট সমাজসেবী শ্রী উৎপল কান্তি ভট্টাচার্য মহাশয়।

বহু বিশিষ্ট সমাজসেবী জ্ঞানী-গুনী বিদগ্ধ পন্ডিত ব্যক্তিরা সেদিন উপস্থিত ছিলেন এবং তাদের মূল্যবান বক্তব্য রেখেছিলেন। এছাড়া বহু মানুষ নানারকম সহযোগিতার (আর্থিক/অন্যান্য) আশ্বাস দিলেন।

ঐদিন শিশুরা একটি ভাড়া বাড়িতে (আগে থেকেই ঠিক করা ছিল)। গিয়ে উঠল। সম্পাদক শিশুদের উপযুক্ত থালা, গ্লাস রান্নার গ্যাস ও অন্যান্য সরঞ্জাম মাদুর, বালিশ, মশারী, লাইট, ফ্যান ইত্যাদি কিনে দিলেন। যুবক-যুবতীদের মধ্যে থেকে ২ জন যুবক অনাথ শিশুদের সাথে থেকে রান্না-খাওয়া, ধ্যান-জপ, লেখাপড়া শেখানো ইত্যাদির দায়িত্ব গ্রহণ করলো। নতুন পরিবেশে এসে শিশুরা ধীরে ধীরে মানিয়ে নিতে শুরু করল। এই শিশুদের "অন্ন-বস্ত্র-আশ্রয়-চিকিৎসা ও শিক্ষার" সম্পূর্ণ দায়িত্ব গ্রহণ করল **অন্বেষণ**।

## ❖ অন্বেষণের নানা কর্মসূচী ঃ

এরপরে বিভিন্ন এলাকায় শুরু হল জমি খোঁজা। অবশেষে হরপাড়াতেই সুঁটী নদীর পাড়ে অতি মনোরম পরিবেশে ৪ বিঘা জমির সন্ধান পাওয়া গেল। জমির মালিকের সঙ্গে এগ্রিমেন্ট (কেনার জন্য) হওয়ার পরে তিনি তাঁর জমিতে ঘরবাঁধার জন্য অনুমতি দেন। উদার হৃদয় মহৎ মানুষ আব্দুল লতিফ মণ্ডল। একজন গ্রাম্য দরিদ্র চাষী যে এত মহান হতে পারে তা আগে জানা ছিল না। আব্দুল লতিফ মণ্ডলের ৩ পুত্র, কন্যা ও নাতি নাতনিদের নিয়ে বড় সংসার। তবুও তাঁর মহানুভবতার কথা অন্বেষণ কখনও ভুলতে পারবে না।

জমির মূল্যের সামান্য পরিমান অর্থ (৬০,০০০ টাকা) অগ্রিম দিয়ে টিনের চাল ও ইঁটের গাঁথনি দিয়ে ৪ খানা ঘর তৈরি করা হয়। সঙ্গে ৩৭৫ ফুট গভীর পানীয় জলের জন্য নলকূপ, ৩ খানা পাকা পায়খানা ও ৪ খানা পাকা বাথরুম তৈরি করা হল। ২ জন সদস্য বাচ্চাদের ব্যবহারের জন্য ২ খানা চৌকি কিনে দিলেন। অবশেষে এল সেই শুভদিন ১৫ আগস্ট ২০০৪ ভারতের মহান স্বাধীনতা দিবসে নতুন ঘরে অন্বেষণের পরিচালনায় "অনাথ আশ্রম"-এর শুভ উদ্বোধন করা হল। উদ্বোধন করলেন ব্যারাকপুর লোকসভার মাননীয় সাংসদ শ্রী তড়িৎবরণ তোপদার মহাশয়। শিশুরা ভাড়া বাড়ি ছেড়ে চলে এল হরপাড়ার নতুন বাড়িতে। উন্মুক্ত পরিবেশে এসে শিশুরা আনন্দে মেতে উঠল। (ঐদিন ফ্রি মেডিকেল ক্যাম্প হয়।)

নতুন বাড়িতে সমস্যা দেখা দিল বিদ্যুৎ-এর তখন মিটিং করে সিদ্ধান্ত নেওয়া হল বিদ্যুৎ-এর কানেকশনের জন্য আবেদন করতে হবে। কিন্তু আশ্রমের জমিতে আসতে গেলে ৫ খানা খুঁটির প্রয়োজন। Application করার পরে সদস্য-সদস্যারা চাঁদার আকারে কিছু অর্থ সংগ্রহ করে প্রায় ৫৫,০০০ টাকা জমা (কোটেশন) করে বিদ্যুৎ সংযোগ নেওয়া হল। কিন্তু ঘর তৈরি, বিদ্যুৎ সংযোগ ইত্যাদি কারণে প্রায় দুই লক্ষ টাকা (বিদ্যুৎ বাবদ সদস্যদের দেওয়া টাকা বাদে) বাজারে দেনা হয়ে গেল। ঘর তৈরির আগে কিছু শুভাকাঙ্খীরা অর্থ সংগ্রহ করে দেবেন বলে সম্পাদককে কথা দিয়েছিলেন কিন্তু তাঁরা তাদের সে প্রতিশ্রুতি রক্ষা করেননি। ফলে নিরুপায় হয়ে সম্পাদক শ্যামল রায় চৌধুরী তাঁর নিজের ১০ কাঠা জমি বিক্রয় করে বাজারের দেনা পরিশোধ করলেন।

ইতিমধ্যে শ্রীমতি রেবা সরকার অন্বেষণের সদস্যা হিসাবে যোগদান করেছেন। তাঁর অনুদান কৃত অর্থ থেকে ৩ (তিন) লক্ষ টাকা দিয়ে সংস্থার নিজস্ব নামে ১ বিঘা জমি রেজিষ্ট্রি করা হয়। এরপর ৮০-এ ধারার অনুমোদন পাওয়ার জন্য Application করা হল।

১৫ আগস্ট ২০০৪-এর পর থেকে প্রতি রবিবার একজন হোমিওপ্যাথি ডাঃ শংকর প্রসাদ মুখার্জী আশ্রমে বসতে শুরু করেন। মাত্র ৫ টাকার বিনিময়ে রোগী চিকিৎসা করা হয় এবং ঔষধও দেওয়া হয়। আশপাশের বহু গ্রামবাসী (দরিদ্র)-এর ফলে নানাভাবে উপকৃত হচ্ছেন। ২০-০৯-২০০৪ ইনার হুইল ক্লাব, বারাসাত, বাচ্চাদের জন্য ২ খানা চৌকি দেন।

২২-১১-২০০৪ রোটারী ক্লাব অফ্ বারাসাত ১২ খানা কম্বল দেন। ১২-০১-২০০৫ তারিখ বারাসাত রোটারী ক্লাবের সহযোগিতায় সমস্ত দিন ব্যাপী ফ্রি মেডিকেল ক্যাম্প-এর আয়োজন করা হয়। প্রায় ২৮২ জন রোগীকে সম্পূর্ণ বিনামূল্যে চিকিৎসা করা হয়। এবং ঔষধপত্র (এ্যালোপ্যাথি) বিতরণ করা হয়। এই ব্যাপারে সমস্ত রকম সহযোগিতা করেন অন্বেষণের শুভাকাঙ্খী অন্যতম সদস্য ও বিশিষ্ট সমাজসেবী শ্রী হরিপদ ঘোষ মহাশয়।

১২-০১-২০০৫ তারিখ থেকে চালু হল গ্রামের দুঃস্থ-অসহায় মহিলাদের জন্য নানারকম হাতের কাজ (সেলাই/কাটিং/ নিটিং / পাটের কাজ) শেখানো। সেলাই কাটিং-

এর দায়িত্ব নিলেন মাধবপুর এলাকার মহম্মদ সিদ্দিক সাহেব। তিনি সপ্তাহে রবিবার ও বুধবার নিয়মিত সেলাই ও কাটিং শেখানো শুরু করলেন। গ্রামের ১৯ জন মহিলা এই কাজ শেখার জন্য ভর্ত্তি হলেন। শ্রী হরিপদ ঘোষ মহাশয় তাঁর বাড়ির একটি উষা কোম্পানীর সেলাই মেশিন দান করলেন। এছাড়া রোটারী ক্লাব থেকে ২০০০ টাকা দিয়ে মাইক্রো ক্রেডিট সিস্টেমে ২টি অর্ধ পুরানো মেশিন ক্রয় করা হল। সল্ট লেকের বাসিন্দা শ্রী এ.কে.বোস তাঁর বাড়ির উষা কোম্পানীর Export Quality-র মেশিন দান করলেন।

১৪-১১-২০০৪ থেকে হরপাড়াতে স্বাক্ষরতা কর্মসূচী চালু করা হয় এবং বয়স্ক মহিলারা লেখাপড়া শেখা শুরু করেন।

২২-০৪-২০০৫ তারিখ অন্বেষণ-এর পরিচালনায় "রামকৃষ্ণ সারদা মিশন" নামে বিদ্যালয় এর ক্লাস শুরু করা হয়। "শিশু শ্রেনী" থেকে "চতুর্থ শ্রেনী" পর্যন্ত চালু করা হয়। প্রথম বছরেই আশপাশ গ্রামের ৩৫ জন ছাত্র-ছাত্রী ভর্ত্তি হয় এবং অনাথ আশ্রম-এর ৯ জন শিশুরা এখান থেকে বিদ্যালয়ের সুনির্দিষ্ট নিয়ম শৃঙ্খলা মেনে লেখাপড়া শুরু করে। রামকৃষ্ণ বিবেকানন্দ ও মা সারদার ভাবাদর্শে ধীরে ধীরে গড়ে উঠেছে এই শিশু বিদ্যালয়টি যার বর্তমান ছাত্র-ছাত্রীর সংখ্যা ১৪০ জন। লেখাপড়ার পাশাপাশি শিশুদের নাচ-গান-আবৃত্তি-নাটক-অংকন-ধ্যান-যোগ-খেলাধূলা ইত্যাদি শেখানো হয়। সর্বোপরি শিশুদের চরিত্র গঠনের উপর বিশেষভাবে জোর দেওয়া হয়। প্রতি বছর ২৬ জানুয়ারী সারাদিনব্যাপী বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয় এবং শিশুদের মধ্যে পুরষ্কার বিতরণ করা হয়। এছাড়া প্রতি বছর ১২ জানুয়ারী, ২৩ জানুয়ারী, ৫ সেপ্টেম্বর, ১৪ নভেম্বর, ২৫ ডিসেম্বর নানারকম অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রতি ৪ মাস অন্তর বিনামূল্যে শিশুদের স্বাস্থ্য পরীক্ষা করা হয়।

১২ জানুয়ারী ২০০৬ থেকে আশপাশ গ্রামের দুঃস্থ-অসহায়-ড্রপ আউট ও শিশু শ্রমিকদের জন্য সম্পূর্ণ বিনামূল্যে পঠন-পাঠনের উদ্দেশে সকাল ৭টা - ১০.৩০ মিনিট পর্যন্ত একটি বিদ্যালয় চালু করা হয়েছে। ধর্ম-বর্ণ-নির্বিশেষে সকল শ্রেনীর প্রকৃত দরিদ্র ও অসহায় মানুষদের শিশু সন্তানদের লেখাপড়ার সুযোগ আছে এখানে। এই বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী সংখ্যা প্রায় ১০০ জন এবং "প্রথম শ্রেনী" থেকে "চতুর্থ শ্রেনী" পর্যন্ত সব ক্লাসের ছাত্র-ছাত্রীদের বই-খাতা-পেনসিল-রাবার ইত্যাদি সরবরাহ কহা হয়। এটি একটি Non Formal School তাই লেখাপড়ার সঙ্গে সঙ্গে ছাত্র-ছাত্রীদের শরীরচর্চা-স্বাস্থ্যবিধি-সুন্দরজীবনযাপন ও নানারকম হাতের কাজ ইত্যাদি শেখানো হয়।

১৫ আগস্ট, ২০০৫ "অন্বেষণ"-এর মাসিক মুখপত্র পত্রিকা "সংকল্প" প্রথম প্রকাশ করা হয়। বিশিষ্ট বিজ্ঞানী—ডঃ এস.কে ব্যানার্জ্জী মহাশয় এই পত্রিকার প্রথম সংখ্যা উদ্বোধন করেন। আমাদের সমাজের আনাচে-কানাচে যে সমস্ত প্রতিভা সুযোগের অভাবে হারিয়ে যায় তাদের জন্য এবং সমাজের নানা স্তরের সৃষ্টিশীল মানুষদের জন্য নিয়মিত লেখা ছাপা হবে। এছাড়া বিজ্ঞানী-গবেষক-সাহিত্যিক-শিশুশিল্পী-শিশুসাহিত্যিক ও নানা গুণীজনের লেখা থাকবে এখানে। নানা আর্থিক সমস্যার কারণে পত্রিকার পরবর্তী সংখ্যা বের করা সম্ভব হয়নি। "অন্বেষণ" এবং "হরপাড়া পল্লী উন্নয়ন" সমিতির যৌথ প্রচেষ্টায় ২০০৫ সালের ৩ ডিসেম্বর ও ২০০৬ সালের ৭ ডিসেম্বর পর পর ২ বছর "রক্তদান শিবির"-এর আয়োজন করা হয়েছিল প্রথম বছর রক্ত দিয়েছিলেন ৬৭ জন এবং দ্বিতীয় বছর রক্তদান করেন ১২৫ জন। এক প্রত্যন্ত গ্রামের মধ্যে "অন্বেষণ"-এর প্রেরণায় বহু মুসলিম মেয়েরা রক্তদান করে একটা দৃষ্টান্ত স্থাপন করেছেন।

—

## রাস্তার ছেলে

● দুর্গা ভট্টাচার্য

রাস্তার ছেলে ক্ষুধা নিয়ে জন্মেছে পেটে
রাস্তা ছাড়া ও ঘরের কথা জানে না মোটে।
ডাস্টবিনের পাশের ঐ কালো কুকুরটাকে—
পোড়া রুটিখানার ভাগ দিতে হয় ওটাকে,
যদি না দেয়—পায়ে কামড়ে রুটি নেয় কেড়ে
আনন্দে কুকুর রুটি খায় কামড়ে কামড়ে।
অভাগা ছেলের কান্না পড়ে না কারো চোখে
পথে যারা চলেছে গম্ভীর মুখে।
শহরের কোলাহলে নির্বোধ ছেলে সবাক—
এরা কারা? আপাদ মস্তক ঢাকা, এক একটা ঢাক।
এ অভাগা ছেলেটা রাতে ঘুমায় কুকুরের পাশে
কুকুরি পাহারা দেয় তাকে রাতের আবেশে।
রাস্তার কুকুরকে রাস্তার ছেলে চিনেছে
রাস্তার জীব ওরা পেটটার কথা বুঝেছে।
মানুষ বোঝে না মানব সন্তানকে এ জগতে
কিন্তু রাস্তার কুকুর ব্যস্ত তারই রক্ষাতে।
অবশেষে এক পাতে খায় কুকুরের সাথে
সভ্যতা তিরস্কৃত রাস্তায় ঐ এঁটো পাতে।
মানবতার দোরে এ ছেলের প্রশ্ন থাকল
কোন মানবের দয়ায় এ ছেলে রাস্তায় জন্মালো?

## ❖ শ্রীমতি রেবা সরকার—চেয়ারপার্সন

শ্রীমতী রেবা সরকার-এর স্বামী স্বর্গীয় শম্ভুনাথ সরকার একজন বহুমুখী গুণ সম্পন্ন মানুষ ছিলেন। শ্রীমতী সরকার ইতিমধ্যেই নিজের কর্মদক্ষতায় 'অন্বেষণ'-এর সদস্যা থেকে 'মা'-এর সম্মানে ভূষিতা হয়েছেন। জন্ম যশোহর জেলার খোলখাদা গ্রামে। বাবা স্বর্গীয় যামিনী রঞ্জন বোস ছিলেন রেলকর্মচারী ও মা স্বর্গীয় বিজন বালা বোস ছিলেন একজন আদর্শ গৃহিনী। মাত্র ৭ বছর বয়সে দেশ ত্যাগ করে বাবার সঙ্গে ধানবাদ চলে এসেছিলেন সেখানে লেখাপড়ার জীবন শেষ করে জামসেদপুরে CFRI-তে ১৯৬০ সালে চাকুরিতে যোগদান করেন। এরপর বিবাহ এবং চাকুরি ও সংসার জীবন একসঙ্গে চলতে থাকে। পুত্র সোমনাথ সরকার মার্চেন্ট নেভীতে কর্মরত। পুত্রবধূ গার্গী সরকার (M.com, B.Ed) একমাত্র কন্যা সন্তানের প্রতিপালনে বর্তমানে সু-কন্যা গৃহিণী। কন্যা সুপর্ণা ঘোষ (সরকার) M.A.SW জামাই-এর সঙ্গে বর্তমানে দিল্লীতে বসবাস করছে। পুত্র ও কন্যার পরিচয় থেকে আমরা বুঝতে পারি শ্রীমতী সরকার চাকুরী জীবন ও সংসার জীবন দুটোই অতীব দক্ষতার সঙ্গে সামলেছেন। ১৯৯৬ সালে সরকারি চাকুরি থেকে অবসর গ্রহণ করেন এবং স্বামীর সঙ্গে হাবড়ার বাড়িতে এসে একটু নতুন করে সংসার জীবনের স্বাদ অনুভব করা শুরু করেন। কিন্তু বাধসাধল ভগবান ২০০৩ সালের ৭ অক্টোবর স্বামী স্বর্গীয় শম্ভুনাথ সরকার হঠাৎ চলে গেলেন। শ্রীমতী সরকার কর্মজীবন থেকে অবসর গ্রহণের পর থেকে নানারকম Social Work করতেন। কিন্তু স্বামী চলে যাওয়ার পর সম্পূর্ণ একা হয়ে যান ফলে তখন নিঃসঙ্গ জীবন থেকে মুক্তি পেতে মনে তীব্র বাসনা জাগে সমাজসেবা করার। আর তখনই যোগদান করলেন 'অন্বেষণ'—নামক স্বেচ্ছাসেবী সংগঠনে। শ্রীমতী সরকার একটু ব্যতিক্রমী চিন্তা ভাবনার মানুষ। একটু লক্ষ্য করলেই বুঝতে পারবেন আমাদের সমাজে যাঁরা কিছু দান ধ্যান করতে চান তাঁরা প্রথমেই ভারত বিখ্যাত সব বড় বড় প্রতিষ্ঠানকে পছন্দ করেন। শ্রীমতী সরকার বলেন সকলেই তেলা মাথায় তেল ঢালতে চায়। দানের জন্য তাই সকলে ভারতের বহু বছরের পুরানো প্রতিষ্ঠানগুলিকে (যাদের অর্থ সম্পদ রাখার আর জায়গা নেই) পছন্দ করেন তখন তিনি পছন্দ করলেন অন্বেষণ নামে একটি সদ্যজাত প্রতিষ্ঠানকে। তাঁর মতে সদ্য গড়ে ওঠা প্রতিষ্ঠানগুলির মধ্যে যারা প্রকৃত অর্থে সমাজের জন্য, দেশের জন্য, মানুষের জন্য কাজ করতে চায় তাদের পাশে দাঁড়ানো উচিত তাহলে আরও নতুন নতুন প্রতিষ্ঠান গড়ে উঠবে এবং বহু মানুষের কল্যাণ হবে। নতুন প্রজন্মের জন্য চাই নতুন নতুন প্রতিষ্ঠান। আমরা যখন নব প্রজন্মের কথা ভাবি তখন প্রতিষ্ঠান গড়ার ক্ষেত্রে ব্যতিক্রম কেন? তাইতো তিনি ও তাঁর স্বামী সারা জীবন ধরে তিল তিল করে যা সঞ্চয় করেছিলেন তার থেকে প্রায় ৪ (চার) লক্ষ টাকা অন্বেষণকে অনুদান হিসাবে দান করেন। তাঁর টাকায় সংস্থার নিজস্ব নামে ১ বিঘা জমি ক্রয় করা হয়েছে এবং তাঁর স্বর্গীয় স্বামী শম্ভুনাথ সরকারের নামে ২ খানা কক্ষ(স্বর্গীয় শম্ভুনাথ সরকার স্মৃতি ভবন) নির্মান করা শুরু হয়েছে। শুধু অর্থ দিয়ে তিনি থেমে যাননি নিয়মিত সংস্থার সমস্ত রকম কাজকর্মে অংশগ্রহণ করেন। তাঁর মতে কর্মজীবন থেকে অবসর গ্রহণের পর থেকে প্রতিটি মানুষের উচিত সমাজের অবহেলিত-বঞ্চিত-নিপীড়িত মানুষের জন্য অবশ্যই কিছু করা, তাহলেই প্রকৃত মানসিক তৃপ্তি পাওয়া যায় এবং যার ফলে অবসর জীবনে অবসাদ আসে না। তিনি অন্বেষণের পরিচালনায় তাঁর হাবড়ার দ্বিতল বাড়ি 'দিব্যায়নে' সুনীতি নারী শিক্ষাকেন্দ্র চালু করেছেন। সেখানে তিনি নিজে দুঃস্থ মহিলাদের সেলাই-এর কাজ, পাটের কাজ, উলের কাজ ইত্যাদি নিয়মিত শেখান। তাঁর উৎসাহ ও প্রেরণায় ইতিমধ্যে ২৫ জন দুঃস্থ অসহায় রেলবস্তির মহিলারা কাজ শিখে সম্পূর্ণ নিজের পায়ে দাঁড়িয়ে নিয়মিত রোজগার করছে।

এছাড়া হাবড়ার রেলবস্তির (নেহেরুবাগ রেল কলোনী, ওয়ার্ড নং-৬) সম্পূর্ণ নিরক্ষর ৪০ জন পরিচারিকাকে যারা সারাদিন অন্যের বাড়িতে ঝি-এর কাজ করে তাদের পিছনে লেগে থেকে এবং নিরলস পরিশ্রম করে স্বাক্ষর করে তুলেছেন। অনেক সময় এই সমস্ত মহিলাদের বাড়ি থেকে জোর করে ডেকে এনে রেল বস্তির ছোট মন্দিরের এক চিলতে বারান্দায় ঝড়-বাদল-লোডশেডিং ও মশার কামড়কে অগ্রাহ্য করে নিয়মিত পড়িয়ে এদেরকে সম্পূর্ণ স্বাক্ষর করে তুলেছেন। এরা এখন লিখতে ও পড়তে পারে। লেখাপড়ার পাশাপাশি এরা এখন সেলাই / কাটিং / নিটিং ও পাটের কাজ শেখা শুরু করেছে।

শ্রীমতী সরকারকে এই মহিলাদের লেখাপড়া শেখানোর কাজে সহযোগিতা করেন শ্রীমতী বনানী দে, মিনতি রায় চৌধুরী, কুমকুম দাশ ও সুধা মোড়ল। এই ৭৩ বছর বয়সেও তাঁর অদম্য ঐকান্তিক ইচ্ছাশক্তি ও সঙ্গে পেয়েছেন "অন্বেষণ"-কে। অন্বেষণের সম্পাদক প্রতিনিয়ত শ্রীমতী সরকারের সঙ্গে থেকে তাঁকে আরও প্রেরণা ও উৎসাহ দিয়ে যাচ্ছেন আরও নতুন কিছু করার জন্য।

শুধু তাই নয় প্রতিবছর পূজার আগে এই সমস্ত স্বাক্ষরিত মহিলাদের মধ্যে বস্ত্র বিতরণ করা হয়। ২০০৬ সালের ৭ অক্টোবর বস্ত্র বিতরনী অনুষ্ঠানে বহু গুণীজনের সঙ্গে উপস্থিত ছিলেন হাবড়া পৌরসভার পৌরপিতা মাননীয় ডঃ পি.দাশ মহাশয়।

বস্তিবাসী মহিলাদের লেখাপড়া ও হাতের কাজের পাশাপাশি ওদেরকে নিয়ে SHGs গঠন করা হয়েছে। চোখ থেকেও যারা একদিন অন্ধ ছিল আজ তারা নিজেরা সই করে ব্যাংকের টাকা লেনদেন করছে। এখানেই শেষ নয় এই সমস্ত মহিলাদের আরও উৎসাহিত করার জন্য এদেরকে নিয়ে প্রতিবছর ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন কার হয়। (২৫-৬০) বছর বয়ষী সমস্ত মহিলারা এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে এবং খেলাধূলার পরে যখন তারা পুরস্কার পায় তখন তাদের মুখের হাসি দেখলে সত্যিই প্রাণ জুড়িয়ে যায়। বস্তিবাসী এই সমস্ত মহিলাদের নয়নের মণি তাদের সকলের মাসিমা শ্রীমতী রেবা সরকার।

এখানেই শেষ নয় বস্তির Drop Out ছেলে-মেয়েদের (৯-১৪ বছর) জন্য অন্বেষণের পরিচালনায় তাঁর বাড়ির ছাদে বিকালে Non Formal School চালু করা হয়েছে। এই ছাত্র-ছাত্রীদের মধ্যে বই-খাতা-পেন্সিল ইত্যাদি বিতরণ করা হয় নিয়মিত ভাবে।

এইভাবেই অবহেলিত শিশু ও নারীর সেবায় 'অন্বেষণ' কাজ শুরু করেছিল, আজও আছে এবং ভবিষ্যতেও থাকবে। এই সংকল্পে আমরা অটল।

— —

## শুধু, বেঁচে থাকা.....

● মনোজ বিশ্বাস

**হেঁটে যাই একা অনন্তের দিকে**
**আঁকা থাক বুকে কবিতার ছবি**
**নেই কোন আশা অধিকারের দাবি**
**জীবনের জলরঙ হয়ে যাক ফিকে!**

**শবের মিছিলে কান্নার মিথ্যে মাখামাখি**
**রোদ্ চশমা খুলে কতবার মুছি**
**কষ্টের সাতপাকে আজ কিভাবে আছি**
**তবুও শুধু, নির্বাসনে বেঁচে থাকি!**

**কেউ আসেনি ক্লান্ত টালমাটাল ক্ষণে**
**মেপেও দেখেনি আগুনের জলন্ত সীমা**
**পোড়া ছাই প্রতিদিন হয়েছে জমা**
**পাপের সাঁকো পেরোই কানামাছি মনে!**

**দিনভোর পায়চারি চলে ঝড়ের গতিতে**
**বয়েস থাকেনা বসে কারোর প্রতীক্ষায়**
**মনটাই অন্ধকারে কিছু খুঁজে যায়**
**তফাৎ ভাবনায়, জীবিতে আর মৃতে!**

---

## পথযাত্রী

● **পরিমল দে**

আমি তোমার সাতরঙের সাত হরের কবিতা ও গান,
আমি তোমার জীবনের বিলম্বিত এক প্রেমিক মুখর প্রাণ।
আমি তোমার স্বপ্নালু চোখের দিবসরাত্রির মায়াবী ঘোর,
আমি তোমার হৃদয়বীনার সুরের মাঝে ভৈরবী ভোর।।

আমি তোমার চলার পথের জীবন পথিকবর,
আমি তোমার জীবন রথের পথ দেখানো চর।
আমি তোমার স্বপ্ন দেখার আরশির প্রতিবিম্ব,
আমি তোমারর সার্থক প্রেমের জীয়নকাঠির স্তম্ভ।

আমি তোমার সকাল বেলার ভোরের সুরেলা পাখি,
আমি তোমার রান্নাঘরের তোমার গানের সুরসাক্ষি।
আমি তোমার প্রাণচঞ্চলতার নীরব দর্শক,
আমি তোমার প্রাণস্পন্দন চলার নিত্য রক্ষক।

আমি তোমার নীল হৃদয়ের উদার ছায়াচিত্র,
আমি তোমার উদার প্রেমের সত্য এক মিত্র।
আমি তোমার কাব্য ধারার নূতন ভোরের দূত।।
আমার উপস্থিতিতে তোমার কাব্য হয়ে উঠুক নিখুঁত।।

এসে সবাই পড়তে বসি
মজার পড়া, পড়ার মজা
ছবি আঁকি, নাচি, গাই,
খেলি, নাটক করি আর জীবন গড়ি



**বারাসাত অন্বেষণ**
(সমাজকল্যাণমূলক স্বেচ্ছাসেবী সংগঠন)

# মা মন্দাকিনী

● দূর্গা ভট্টাচার্য

সাতক্ষীরার গোপীনাথ শরিকি মামলা মোকদ্দমায় নাজেহাল হয়ে বুঝতে পারে, সবই চলে গেল আদালতের গর্ভে। অবশিষ্ট আছে মাত্র কয়েক বিঘা জমি আর বসত বাড়িখানা। সে চিন্তায় পড়ে যায় তার একমাত্র ছেলে যদুনাথের কি গতি হবে। সে কি পথে বসবে? ছেলের ভবিষ্যৎ চিন্তা করে ফসলি জমি বিক্রি করে দেয়, রইল কেবল বসত বাড়িখানা। যা টাকা পয়সা জোগাড় হ'ল তাই নিয়ে স্ত্রী-পুত্র সহ উত্তর চব্বিশ পরগনার দেগঙ্গায় চলে আসে তার সম্বন্ধীর সহায়তায়। সম্বন্ধীয় চেষ্টায় একটি বসত বাড়ি তৈরি করে ও কিছু কৃষি জমি কিনে কৃষিকার্য শুরু করে দেয়। ছেলে যদুকেও কৃষিভিত্তিক কাজে দক্ষ করে তোলে।

যদুনাথ আঠারো বছর বয়সে তার মামার মনোনীত পাত্রীর সঙ্গে শুভ পরিণয় সূত্রে আবদ্ধ হয়। মল্লিক বাড়ির বউ শ্বশুড় বাড়িতে বাড়ির বউ নয় বাড়ির মেয়ে হয়ে ওঠে তার আন্তরিক ব্যাবহারে। তবু সেই আদরিণী মেয়ে বিয়ের আট-ন বছরের মধ্যে মা হতে না পারায় গোপী তার ছেলেকে পুনরায় বিয়ের প্রস্তাব দেয়। কিন্তু যদু সে প্রস্তাবে রাজি হয় না, কারণ সে তার স্ত্রীকে অত্যন্ত ভালোবাসে। যদুর স্ত্রী স্বামীকে দ্বিতীয় বিয়েতে রাজি করায়। কারণ দেখিয়ে বলল "আমি অপারগ" তার জন্য তুমি কেন তাঁদের নাতি নাতনির মুখ দেখতে দেবে না? আমি দুঃখ পাব না। আমি তাকে মেনে নিয়ে চলতে পারব। স্ত্রীর আগ্রহে যদুর দ্বিতীয় বিয়ে হয়। এই দ্বিতীয় স্ত্রী ধনী বাপের একমাত্র মেয়ে। তার কল্যাণে গোপীনাথ মল্লিকের গৃহ ধন সম্পত্তিতে সমৃদ্ধ হয়। যদুনাথ তার দুই স্ত্রীকে সমান চোখে দেখতে থাকে। তারাও দুজনে সহোদরার মত ব্যবহারে অভ্যস্ত হয়, এরা মিলেমিশে চলায় যদুনাথের সংসারের গতি সহজ সরল হয়।

যদুনাথের দ্বিতীয় বিয়ের বছর ঘুরতে না ঘুরতে প্রথম স্ত্রী জমজ মেয়ে প্রসব করে। দ্বিতীয় জন ও বিয়ের দেড় বছরের মাথায় মেয়ের মা হয়। প্রথম স্ত্রীর মেয়েদের দু'বছর বয়সে পুনরায় জমজ মেয়ে প্রস্রব করে ও চিন্তায় পড়ে যায়। মা ষষ্ঠীর কৃপায় তার স্বামীর ভবিষ্যৎ কোথায় গিয়ে দাঁড়াবে? শ্বশুব গোপীনাথের চিন্তা তার ঘরে নাতি কি আসবে না? তাহলে তো বংশ রক্ষা হবে না। সে মন্দিরে মন্দিরে নাতির আশায় মানত করে চলে একটি অন্তত নাতি আসুক।

যদুনাথ তার পাঁচ মেয়ের চিন্তায় অস্থির। সে সংযত হয়ে চলে যাতে মা ষষ্ঠীর কৃপা আর না পড়ে। তবুও দ্বিতীয় স্ত্রী তার মেয়ের পাঁচ বছর বয়সে ছেলের মা হয়। গোপীনাথের অনন্দের সীমা থাকে না। মা ষষ্ঠীকে পূজা দিয়ে বলে মা এবার ক্ষ্যান্ত দাও। যদুকে রক্ষা কর।

গোপীনাথ মল্লিক নাতির মুখ দেখে শান্তির নিঃশ্বাস ফেলে ঠিক করে, বড় বউমা ও তার চার মেয়েকে নিয়ে সস্ত্রীক সাতক্ষীরায় গিয়ে বসবাস করবে কারণ আর জমজ ফসলের দরকার নেই। বড় বউমা ঢ়ের স্বামী সোহাগ ভোগ করেছে, এবার ছোট বউমা স্বামীর কাছে থাকবে। ছেলেটা আমার পাঁচ মেয়েকে পার করতে হিমসিম খাবে। শ্বশুরের চিন্তাধারায় বড়োজন সম্মতি জানায়। যদু অবশ্য বলল, 'বাবা তোমার যদু সংযমী থাকবে। তোমরা যেও না।' যদুনাথ বুঝতে পারে বাবার সিদ্ধান্ত অটল। তার অক্ষমতা তার বাবার মুখের উপর যুক্তি তর্কে যেতে পারল না। তবে যদুর উপরেই সংসারের ভার থাকল। যদু প্রতি মাসে সাতক্ষীরায় গিয়ে বাবার হাতে সংসারের খরচা দিয়ে আসে কিন্তু সন্ধ্যার আগেই ফিরে আসতে হয়। সেখানে রাত কাটাবার অধিকার থাকল না। মেয়েদের আবদার সে রক্ষা করতে পারে না। মেয়েরা কিন্তু বাবাকেই ভুল বুঝতে থাকে যার পরিণাম ভাল হবে না এটা যদুনাথ বুছেছিল। যদুনাথ যে তার প্রথম স্ত্রীকে খুবই ভালোবাসে সেটা বুঝে দুঃখ পেত দ্বিতীয় স্ত্রী। সে তার স্বামীকে বলল 'তুমি বাবাকে বল আমি তাদের সেবা করতে চাই, তাহলে দিদি তো এখানে থাকতে পারবে।' যদু বলল, 'তুমি জান না বাবাকে। আমি চাই না তোমরা দুজনে আলাদা থাক। বেশ তো ছিলে দুই বোনের মত। বাবা তা মানল না। সে কষ্ট পেলেও আর আমার করার কিছুই নেই। তুমি কষ্ট পেয়ো না। তুমি কষ্ট পেলে আমি শান্তি পাই না। সবই আমার অদৃষ্ট। আর তো তোমার চিন্তায় অস্থির। বারবার বলে দেয় তোমার যেন কোন অসুবিধা না হয়। আরো কি বলে জান, তোমায় এই বাড়িতে আনার মূলে সেই তো। সে তোমাকে ভীষণ ভীষণ ভালোবাসে। তুমি তার বড় আদরের। সতিন সতিনকে এত ভালবাসে কখনো শুনিনি।' আমিও বুঝি গো দিদি আমার কতখানি। আমার মা নেই কিন্তু দিদিকে পেয়ে মায়ের দুঃখ ভুলে গিয়েছি। সেই দিদি আমার থেকে দূরেই থাকল।

দেখতে দেখতে দুই মেয়ে এগারো পেরিয়ে বারোয় পড়ল। তাদের ঠাকুরদা খুবই ব্যস্ত হয়ে ওঠে নাতনিদের পাত্রস্থ করার জন্য। নাতনিদের তোরো বছর বয়সে দুই বোনের বিয়ে স্থির হয় ওই সাতক্ষীরার পাত্রদের সঙ্গে। যদুনাথের যা সঞ্চয় হয়েছিল তার বেশির ভাগই ব্যয় হয় দুই মেয়ের বিয়েতে। যদুনাথের দায়িত্বে রইল আরো তিন মেয়ে।

ঠাকুরদার কাছ থেকে তাগিদা আসে অমিতাকে পাত্রস্থ করার। অমিতা তার দুই দিদি অপেক্ষা মাত্র ছ'মাসের ছোটো। অমিতার জন্য বাড়িতে ঘটকের যাতায়াত শুরু হয়। অমিতার চোদ্দো বছর বয়সে পাত্র পাওয়া যায় বসিরহাটের বিশ্বাস বাড়িতে। পাত্রের বয়স বিশ, নাম অনিল বিশ্বাস চাকরি করে বালিয়াড়িতে। পাত্র পক্ষের পাত্রী পছন্দ হয়, কিন্তু গোল বাধে চাহিদার হিসাবে। অমিতার বাবা সে চাহিদা মেটাতে অক্ষম হওয়ায় বিয়েটা ভেঙে যায়।

অনিল তার বিধবা পিসির বড়ো আদরের। পিসি, নিঃসন্তান কিন্তু নিঃসম্বল নয়। তার সম্পত্তির উত্তরাধিকারী হবে অনিল, তাই পিসি তার দাদা ও বউদিকে জানায় তোরা কত পণ হিসাবে দাবি করেছিস? পিসির মল্লিক বাড়ির মেয়েকে পছন্দ অতএব সেই পণ সে পূরণ করবে যদি ওই মেয়েকে তোমরা অনিলের বউ করে আনো।

দাদা বলেছিল কেন পাগলামি করছিস ও মেয়ের থেকে আরো ভালো মেয়ে পাব। চাকরি করা ছেলের জন্য কি মেয়ের অভাব হয়?

পিসি বেঁকে বসে বলে ঠিক আছে অনিলকে কিছু দিয়ে আমি আমার সম্পত্তি দান করে দেব। বিশ্বাস বাড়ি বিনাপণে মল্লিক বাড়ির মেয়েকে পুত্রবধূ করে ঘরে আনে।

বউ ভাতের পরের দিন মায়ের ইচ্ছাতেই অনিলকে ফিরে যেতে হয় তার কাজের জায়গা বালিয়াড়িতে। পিসি ভাইপো অনিলকে বলে দেয় সে যেন এই মাসের মধ্যে এক সপ্তাহের ছুটি নিয়ে আসে কারণ একটা নিয়ম রক্ষা করা হয়নি, সেটা যাতে পালন করা যায়। বউমাকে সঙ্গে নিয়ে তোমাকে শ্বশুর বাড়িতে অন্তত আড়াই দিন থেকে আসতে হবে।

ননদের এই যুক্তিতে ভাইয়ের আপত্তি আসে কারণ চাকরিজীবীদের এত নিয়ম খাটে না, মায়ের আপত্তি সত্ত্বেও অনিল পিসির ইচ্ছা বজায় রেখে বাড়িতে আসে। এক রাত বাড়িতে থেকে সে চলে যেতে বাধ্য হয় তার কর্মজগতে। মা বলেছিল এত বউ পাগল হলে আর চাকরি বজায় থাকবে না। বছর পাঁচেক পরে বউকে তোর কাছে নিয়ে যাস।

অমিতার বিয়ের মাস তিনেকের মধ্যে বোঝা যায় সে অন্তঃসত্ত্বা। অমনি শাশুড়ির গঞ্জনা শুরু হয়। শাশুড়ি বলতে থাকে তোমার বাবা তোমার এই অবস্থা বুঝে বিয়ের পিঁড়িতে বসায়? কার না কার পাপের বোঝা আমার ছেলের কাঁধে চাপিয়ে দিয়েছে।

অমিতার কান্না ছাড়া আর পথ ছিল না। স্বামী ও আসে না আর বাপের বাড়িতেও পাঠায় না। অমিতার বাবা বিনাপণে মেয়ের বিয়ে দিয়ে অশান্তিতে দিন কাটাতে থাকে। মাঝে একবার জামাইষষ্ঠীর নিমন্ত্রণ দিতে আসে সময়োপযোগি তত্ত্ব সাজিয়ে তাতে তাদের মন ভরেনি তবু মুখে বলেছিল ছেলে ছুটি পাবে না, তবে যদি পায় পাঠিয়ে দেব। বলছি তো পাঠাব কিন্তু বউমা তো পোয়াতি তবে কী এই সব অনুষ্ঠানে যাওয়া সাজে?

যদুনাথ মেয়ের মুখের দিকে তাকিয়ে দুঃখই পেয়েছিল তবুও বলতে পারেনি অমিতার মা খুবই কান্নাকাটি করে। জামাই এলে তোদের নিয়ে যাব যদিও বুঝেছিল ওরা অমিতাকে যেতে দেবে না।

অমিতার বাবা চলে যাওয়ার পরে শাশুড়ি বলল কই তোমার বাবা তো নিয়ে যাওয়ার কথা বলল না? বলবেই বা কেমন করে? তোমার এই অবস্থার কথা তো তোমার বাবার জানাই আছে। খালাস হলে হয়তো নিয়ে যাবে। আমার ছেলে কেন আসে না শুনবে? সে তোমার মুখ দেখতে চায় না। অমিতা এ কথা শুনে হতভম্ব হয়ে গেল। অমিতা দিনকে দিন হতাশায় ম্লান হতে থাকে। পিসি অমিতার মধ্যে যে সৌন্দর্য দেখে অভিভূত হয়েছিল তার চিহ্নই নেই। কেন এমন হল? সরলা নিষ্কলুষ মেয়েটার উপরে এরা যে নির্মম অত্যাচার চালাচ্ছে এটা সহ্য করাও মহাপাপ। শুধু কলহ বাঁধে ভাইবউয়ের সাথে। পিসি উত্তেজিত হয়ে বলেছিল তোমরা এত নোংরা মনের আগে বুঝতে পারলে ওই মা লক্ষ্মীকে এই বাড়িতে আনার ব্যবস্থা করতাম না। এই উত্তেজনার বসে পিসির হার্ট অ্যাট্যাক হয়ে মারা যায়। অমিতার পক্ষে কেউ থাকল না। শাশুড়ির দাপটে শ্বশুরেরও তার ছেলের কথা তোলার সাহস ছিল না। ছিলনা বলেই অনিল তার তরুনী স্ত্রীর প্রতি সহানুভূতি দেখাবার সাহস করেনি। সে নিশ্চয়ই জানতে পারেনি অমিতার শারীরিক অবস্থা কিরকম এমনকী সে যে সন্তানের বাবা হতে চলেছে তাও সে জানতে পারেনি, আর জানলেই বা সে কি করতে পারত? শাশুড়ি প্রতি নিয়ত বলতো তোমার জন্য আমরাও ছেলেকে চোখের দেখা দেখতে পাইনা। আমার ছেলে তোমার নির্লজ্জ মুখ দেখতে চায়না।

অমিতার গুমরে গুমরে থাকার জন্যই ওর হাই ব্লাডপ্রেসার হয়, আর তাছাড়া রক্ত শূন্যতাও দেখা দেয়। এমন অবস্থা হয় যে ও মাঝে মাঝে জ্ঞান হারিয়ে হাত পা ছুঁড়তে থাকত। শেষ পর্যন্ত ওকে হাসপাতালে ভর্তি করতে হয়। ডাক্তার বলেছিল লক্ষণ ভাল নয়। এর প্রিম্যাচিউয়্যারে ডেলিভারী করতে হবে। এর স্বামীকে ডাকুন বন্ড সই করতে হবে তাকে। কিন্তু স্বামীর আসার প্রয়োজন হয়নি ওর ডেলিভারী হয়ে যায়।

সেই নবজাতককে বেবী কেয়ারে রাখতে হয়। ডেলিভারীরর পরে অমিতা সুস্থ হয়ে ওঠে। কয়েকদিনের মধ্যে তাকে হাসপাতাল থেকে ছুটি করে দেয়। অমিতা তার বাচ্চাকে দেখতে চেয়েও দেখতে পায়নি কারণ ওর ছেলে এতই ছোট যে ওকে বাইরে বার কার সম্ভব নয়।

অমিতার শ্বশুর-শাশুড়ি জানত ও বাচ্চা বাঁচবে না

তাই সুযোগ বুঝে শাশুড়ি বউকে জানায় তার মৃতপ্রায় ছেলেটি মারা গেছে। ওই বাচ্চার প্রতি তাদের আগ্রহও ছিলনা। ওরা তখন অমিতাকে তাড়াতে পাড়লে বাঁচে। অমিতা তার মরা ছেলেকে একটিবার দেখতে চেয়েছিল কিন্তু শ্বশুর বাড়ি তাকে জানিয়ে দেয় হাসপাতাল থেকে তার সৎগতি করা হয়ে গেছে। তারা অমিতাকে জানায় তারা তাদের ছেলের বিয়ের ব্যবস্থা করছে অতএব অমিতার এই বাড়িতে থাকার দরকার বোধ হয় নেই। অমিতা জানত তার বাবার কাঁধে আরো দুটি বিয়ের যোগ্য মেয়ে আছে, সে ফিরে গেলে বাবার দুঃশ্চিন্তা বাড়বে, তাই তার শাশুড়িকে অনুরোধ জানিয়েছিল সে তার স্বামীর দ্বিতীয় বিয়েতে বাধার কারণ হবে না। সে বাড়ির এক কোনে পড়ে থাকবে, শাশুড়ি বলেছিল আমাদের ভাত এত সস্তা নয় যে তোমাকে ও পুষতে হবে। আর কলঙ্ক তো চাপা থাকবে না? অমিতা বলেছিল তা আপনি মা হয়ে কেমন করে মিথ্যা অপবাদ দিচ্ছেন? আপনার ছেলে আসুক সেই বলতে পারবে আমার গর্ভে যে ছিল সে তো তারই দেওয়া।

তোমার স্পর্ধা দেখে আশ্চর্য হচ্ছি। এই মূহুর্তে বেরিয়ে যাও। যড়যন্ত্রের কালি ওরা সন্তান ভুমিষ্ঠ হওয়ার আগে থেকেই অমিতার কপালে লেপে দিয়েছিল। এই বার তারা তাকে বিদায় দিয়ে সোয়স্তির নিঃশ্বাস ফেলে বাঁচল।

অমিতা চোখের জল ফেলেছিল ঢের কিন্তু ঠিক প্রতিবাদিনী হতে পারেনি। যদিও শুনতে হয়েছিল তার বাবা যে অপরাধ করেছে তার শাস্তি তাকে ভোগ করতে হবেই।

অমিতার শ্বশুড় লোক মারফতে তাকে পাঠিয়ে দেয় দেগঙ্গার বাড়িতে। অমিতার সম্বল হল চোখের জল।

ওই সময় আইনি সহায়তার কথা কেউই জানত না। তাই অবহেলিতা মেয়ের সাথে সাথে তার বাবা ও মায়ের অসহায়তা দ্বিগুন বাড়তে থাকে।

ওই সময় যদুনাথ মল্লিক আরো দুই কন্যাদায়গ্রস্ত অবস্থায় ছিল বলেই সে তার দুঃখিনী মেয়েটিকে অনাথ আশ্রমে আশ্রিতা করে দেয়। যদুনাথের আত্মীয়স্বজন এমনকী পাড়া প্রতিবেশীরাও জানতে পারেনি অমিতার কথা।

যদুনাথ তার কনিষ্ঠা জমজ মেয়ের বিয়ে দেয় ওই সাতক্ষীরার পানেদের সাথে। পাত্র নির্বাচন করেছিল যদুনাথের বাবা গোপীনাথ মল্লিক। তার চার মেয়ে সুখে সংসার করছে জেনে সে শান্তি পেয়েছিল। বাবা তার মেয়ে-জামাইদের সংবাদ নিয়মিত নিয়ে চলত। সে তার কর্তব্য পালনে কখনও অবহেলা করেনি। তবু শেষ রক্ষা করা সম্ভব হয়নি কারণ ওই দেশটা পড়েছিল পূর্ব পাকিস্তানে। পূর্ব পাকিস্তানে প্রায় সময় অশান্ত হয়ে উঠত ও যোগাযোগ ব্যবস্থায় গোলযোগ হয়ে থাকত।

কয়েক মাস পরে যদুনাথ জানতে পারে তার মা ও প্রথম স্ত্রী কলেরায় আক্রান্ত হয়ে পরোলোকে পাড়ি দিয়েছে। কিন্তু গোপীনাথ তার পৈতৃক ভিটে ছেড়ে গিয়েছিল মুসকিল আসান করার জন্য। ফিরে যখন গেছে সেই ভিটা অর সেই মাটি ছেড়ে আসা যায় না। সে বলে তার স্ত্রী ও কন্যা সন্তান বড় বউমাকে যখন চিরকালের মত ভিটে মাটিতে মিলিয়ে দিতে হল তখন আর এ মাটি ছাড়ার প্রশ্নই ওঠে না। তার মতে জামাইরা নাতনিরা তাকে ছাড়তে চায়না। তারাই তো দেখাশুনা করে। গোপীনাথের ঈশ্বরের কাছে প্রার্থনা তার একমাত্র ছেলে যদু যেন শান্তিতে থাকে। সে বলে তার ছোটো বউমাটিও বড় ভাল মেয়ে। সে যেন তার ছেলেকে আমার যদুর মত করে গড়ে তোলে। ঠাকুরদা জানেনা নাতনি অমিতার জীবনের দুর্যোগের কথা। বারবার লেখে অমিতা নিশ্চয়ই সুখে ঘর করছে। যদুনাথ জানে তার বাবা নাতনির বিড়ম্বিত জীবনের কথা জানলে বাঁচবে না।

অমিতা আশ্রম জীবনে এসে নূতন জগতের সন্ধান পায়। এই আশ্রমে লেখা-পড়া ছাড়া বহুবিধ হাতের কাজের সুযোগ সুবিধা ছিল, যার দ্বারা মেয়েরা স্বনির্ভর হওয়ার সুযোগ পেত। অমিতা এই জীবনে এসে মনের আনন্দেই ছিল কিন্তু বছর চারেক পরে এক আশ্রম বান্ধবীর বিয়েতে ওরা অনেকেই অনেক কাজে ব্যস্ত হয়। বরের এক বন্ধুর অমিতাকে দেখেই ভালোলাগে এবং সে সোজা আশ্রম কর্ত্তাকে তার একান্ত ইচ্ছাটি জানায় নিজের যোগ্যতার প্রমান দিয়ে। আশ্রম কর্ত্তা জানায় ওর বাবার সঙ্গে কথা বলা দরকার। ছেলেটি বলল আপনার স্মরণ নিলাম এবার আপনি যা করার করুন, আমি আপনার মেয়েকে স্বসম্মানে আমার স্ত্রীর মর্যাদায় গ্রহণ করতে চাই।

অমিতার বাবাও এই সুযোগ হাতছাড়া করতে রাজি নয়। অমিতা অবশ্য পুনরায় এই জীবনে পা ফেলায় সে তার পূর্ব জীবনের দুর্ঘটনাকে মন থেকে মুছে ফেলতে তৈরি হয়। ওই সময়ে অমিতা উনিশ বছরের যুবতী। মাত্র একটি রাতের সেই শরীর সর্বস্য, পুরুষটিকে ও ভুলে গেছে। ভুলতে হয়তো কষ্ট হত যদি আর কখনও তাকে কাছে পেত তার অন্তরের টানে। সে তো তার গর্ভধারীনির আজ্ঞাবহ নিতান্ত নিরীহ পুরষ মাত্র। তবু সেই পুরুষটি চোদ্দো বছরের অমিতার অপুষ্ট শরীরটাকে তার মত করে উপভোগ করেই খালাস হয়।

পনেরো বছরের মাকে তার সন্তানকে দেখতে না দিয়ে শ্বশুর বাড়ি থেকে মিথ্যে কলঙ্কের বোঝা মাথায় চাপিয়ে বিতাড়িত করতে তাদের বিন্দুমাত্র অসুবিধে বোধ হয়নি। তার জীবনে পুনরাবৃত্তি ঘটুক মিথ্যের মধ্য দিয়ে। সে তার বাবাকে জানিয়েছিল যে তাকে সম্মান দিয়ে গ্রহণ করতে চায় ছি, তাকেও সম্মান জানানো একান্ত জরুরি, মিথ্যের আশ্রয় নিয়ে নয়? গোপনের পাল্লাটা বড় বেশী নুয়ে পড়ে, তাই অমিতা চায় যে তাকে ভালবাসবে তার সঙ্গে ছলনা করা চলেনা,

অতএব পূর্ব জীবনকে তার কাছে উদ্‌ঘাটন করাই বাঞ্ছনীয়।

বাবা মেয়ের মতামতে চমকে ওঠে! তা কেমন করে সম্ভব রে মা?

অমিতা বলল বাবা আমিও তাকে নিজের মত করে আপন করে পেতে চাই। স্বামী কি তা আমি বুঝিনি। আজ আমার যে বয়স হয়েছে সে বয়সের মাধুর্যই আলাদা স্বামী-স্ত্রীর মধ্যে ফাঁক রাখা যায় না বাবা। ফাক থাকলেই ফাঁকির পোকারা শক্তপোক্ত হয় যে?

ওরে মা ওটা তোর জীবনে একটা দুর্ঘটনা মাত্র। তোকে কোন অপরাধ স্পর্শ করেনি। তুই ছিলি নাবালিকা। সে ভুলের মাসুল তুই কেন দিবি?

আশ্রম কর্ত্তারও তাই মত। শেষ পর্যন্ত আশ্রমের সহায়তায় অসহায় বাবার দুঃখিনী মেয়ের মুখে হাসি ফোটাতে উভয়েই সাহসী পদক্ষেপ নেয়।

অমিতার মায়ের এই গোপনতায় সায় ছিল না। তবু মেনে নেয় সহায় সম্বলহীন স্বামীর দায়কে কারণ তাদের অবর্তমানে কে দেখবে মেয়েটাকে? অমিতার বাবা স্ত্রীকে বলেছিল মেয়েটা জীবনের শুরুতেই বঞ্চিত হল। এর দায় ওর নয়, ওর বাবার, তাও যদি ওর ছেলেটা বেঁচে থাকত তাহলে না হয় দুঃখ কষ্টের মধ্যে থেকেও ওর একটা অবলম্বন থাকত। আমরা তো চিরকাল থাকবনা। সেদিন ওর কি হবে? এখন গোকুল ওর দিদিকে খুবই ভালোবাসে কিন্তু ওরও তো সংসার হবে, সেদিন হয়তো মেয়েটা ভাইয়ের বোঝা হয়ে আত্মঘাতি হবে। তবে কি জান আমাদের এই জামাই-নিশ্চয়ই ভালো ছেলেই হবে। ওর বিয়েটা আশ্রমেই হবে কারণ আমি জানিয়েছি আমার যা অবস্থা তাতে করে গ্রামের বাড়িতে বিয়ের ব্যবস্থা করলে আত্মীয় কুটুমদের ডাকতে হবে, তাছাড়া গ্রামের লোকেদেরও নিমন্ত্রণ দিতে হয়। আমার সঙ্গতি নেই বলেই মেয়েকে আশ্রমে রেখেছি যাতে ও ওর নিজের পায়ে দাঁড়াতে পারে। আশ্রমে শুভ কাজটা হলে কাউকে বলতে যাব না এই বিয়ের কথা। জান গিন্নি আমার কথা শুনে হবু জামাই ও তার পিসিমা বলেছে তারা কিচ্ছু চায় না। কেবল মেয়েকে শাখা পলা আর লাল পেড়ে শাড়ি পরিয়ে সিঁদুর পরিয়ে বিয়ের মন্ত্র উচ্চারণ করে অমিতাকে ঘরে তুলতে চায়। আমাদের মেয়ের জীবনের দুর্ঘটনা আমরা কাউকে জানতে দিইনি কারণ কি শুনবে? আমার ইচ্ছাই ছিল অমিতার আবার বিয়ে দেব। মেয়ের বিয়ের পরে আমরা দেগঙ্গার বাড়ি ঘর কাজ কারবার বেঁচে দিয়ে শহরে চলে যাব। মেয়ের সুখটাই আমার কামনা। দেখ গিন্নি এমন ভাল মনের ছেলেকে হাত ছাড়া করতে চাইনা। আমি বলছি আমাদের মেয়ে সুখে থাকবে। সামান্য মিথ্যের আশ্রয় নেওয়ার কথা আমরা ভুলে যাব। আর মেয়ে আমাদের জামাইয়ের ভালোবাসায় মিথ্যে ভুলে সত্য হয়ে উঠবেই। মেয়েটা তো স্বামী কেমন হয় জানে না। হ্যাঁ—জেনেছিল নির্মমতা কাকে বলে। ওই ছেলের বাবা হয়তো তার ছেলেকে বিক্রি করেই চলেছে কন্যাদায়গ্রস্ত বাপেদের কাছে।

আজ আমরা যাকে জামাই হিসেবে পেতে চলেছি তার কোন চাহিদা নেই। সে অনাথাকে স্ত্রীর মর্যাদা দিতে ব্যস্ত। পিসিমাটিও খুব ভালো মনের বলে মনে হল কারণ উনি তাঁর ছেলের পছন্দের তারিফ করে বললেন আমি খুবই খুশী আপনার অমিতাকে ঘরের বউ হিসাবে পাব জেনে। কে না চাইবে এমন সুলোচনাকে নিজের করে পেতে? আমার শ্যামল যখন বলল পিসিমা তুমি কেবল অমিতার চোখদুটি দেখবে তখন চোখ ফেরাতে পারবে না। আমার মনে আঁকা হয়ে রয়েছে। বিয়ে করবনা বলে গো ধরেছিল কিন্তু ছেলে যখন বলল যে তার মনে দাগ কেটেছে যে তাকে দেখার প্রয়োজনও বোধ করিনি। এখন আমার আশা করে আপনার অমিতার হাত শ্যামলের হাতে পড়বে।

শ্যামলের মা বাবা পূর্ব পাকিস্তানে, তারাও আশা করে আছে পরে তারা শুনতে পাবে তাদের ছেলে ঘরে বউ আনল। পূর্ব পাকিস্তানের বড়িশালে ওদের আদি বাড়ি।

বিয়ে হয় শ্যামল ও অমিতার। পিসি তার দাদা বউদিকে জানিয়ে দেয় শুভ খবর। তাঁরাও তাঁদের আশীর্বাদ পাঠায় পত্রের মাধ্যমে। শ্যামল তাদের বিয়ের ছবি পাঠায় বাবা-মার কাছে। তাঁরাও ছেলের বউয়ের ছবি দেখে খুব খুশী। শ্যামল লিখল বাবা এবার তোমরা চলে এসো। অমিতা ও লিখল আপনারা আপনাদের ছেলের সংসারে ফিরে আসুন, কেন থাকবেন ওদেশে? আমরা আপনাদের সেবা করতে চাই। এ অধিকারে বঞ্চিত নিশ্চয়ই হব না। অমিতা নূতন জীবনে পা রেখে সত্যিই সুখী। শ্যামলের আন্তরিকতায় অমিতা মুগ্ধ। স্বামী যে কেবল একটা শরীর, শারীরিক চেতনায় উন্মত্ত ছাড়া আর কিছু নয় এ ধারণা এত কাল ওকে জ্বালিয়ে চলেছে মনে-প্রাণে। সে ধারনা থেকে আজ ও মুক্ত। শ্যামলের ভালোবাসায় অমিতা নিজেকেও ভালবাসতে শুরু করে। ও বুঝেছে স্বামী-স্ত্রীর সম্পর্কে কোন কুণ্ঠার জায়গা নেই। তবু ওর মধ্যে যে ভয়াবহ অতীত ছিল সজাগ, তাকে দূরে সরাবার চেষ্টা করেও ব্যর্থতার যন্ত্রণা ভোগ করতে থাকে কারণ শ্যামলের নির্মল চরিত্র উদার মনোভাব ও অকৃত্রিম ভালোবাসা পাওয়ায় ওকে সত্যিই যোগ্যপাত্র মনে হয়। ওর মন চায় শ্যামলেকে ভালবাসতে, হয়তো সত্যিই প্রাণঢেলে ভালোবাসে তবু আসে প্রশ্ন যদি কোনদিন ওর অতীত হাওয়ায় ভেসে আসে নিবিড় নিভৃত অন্তরঙ্গ সময়ে? তাহলে কী ভেঙ্গে যাবে ভালবাসার ঘর? তবু একদিন অমিতা মা হল। মা অমিতা চেয়ে দেখে তার সন্তান জীবিত। ভুলে গেল কদাকার অতীতকে। ও সুখী স্বামী-সন্তানকে নিয়ে। অমিতার বাবা ও মা এমনকী পিসিমা ও

আনন্দে অস্থির। খবর যায় পূর্ব পাকিস্তানের বরিশালের বাড়িতে। তাদের কাছ থেকে আসে আশীর্বাদ বাণী। অমিতার অসম্পূর্ণ জীবনের পাত্রখানা আজ কানায় কানায় পূর্ণ। কাটে আরো পাঁচ বছর, অমিতার কোল আলো করে আসে মেয়ে।

শ্যামলের ভালোবাসা যেন দিনের পর দিন বাড়তে থাকে। অমিতা জানতে চায় সে কাকে ভালোবাসে? তার ছেলে মেয়ের মাকে? না......কী—শ্যামলের উত্তর সে তার অমিতাকেই ভালোবাসে। সে বলে আরো আরো ভালবাসতে চাই। অমিতা তুমি বল, তুমি কী মা হয়ে সব ভালবাসা তোমার ওই ছেলে মেয়েদের দিয়েই সুখী? অমিতা শ্যামলের বুকে মাথা রেখে বলে তুমিইতো আমার সব। তোমাকে না পেলে কী মা হতে পারতাম? তোমার সংসারে আমি স্ত্রী, আমি মা, তুমি আমার স্বামী। আমার সাজানো সংসার তোমার হাত ধরে গড়ে উঠেছে। আমি কি নিজেকে চিনতাম? তুমিই তো চেনালে আমার আমিকে তোমার চেতনার রঙে আমি নিজেকে রাঙিয়ে চলেছি।

ছেলের মুখে ভাতের সময় নাম রাখা হয় 'উৎসব'। মেয়ের ও অনুরূপ সময়ে নাম রাখা হয় 'ঐশী'। উৎসবের পাঁচ বছর বয়সে স্কুলে ভর্তি করা হয়। ঐশীর জন্মের পর থেকে শ্যামল তার বাবা মাকে কাছে আনতে চায়? তারা ও আসতে চায় এপার বাংলায় ছেলের সংসারে। ঠিক তখনি দাঙ্গা শুরু হয় ভাষাকে কেন্দ্র করে। বহু হিন্দুরা চলে আসে পায়ে হেঁটে চোরা পথে। শ্যামলের চিন্তা মা বাবার জন্য। পিসি তো কান্নাকাটি করেই দিন কাটায়। অমিতা একাধারে সংসার সামলে, পিসিশাশুড়ি, স্বামী ও ছেলে মেয়েকে সামলে চলে অক্লেশে। শ্যামল মুগ্ধ অমিতার সংসার সচেতনায় সাবলীল ও বিধিসংগত আচরণে। সে নিজেকে শ্রীভাগ্য ধন্য মনে করে। অমিতাও যেন ঈশ্বরের কৃপায় সৌভাগ্যের চুড়ায় উঠতে পেরেছে।

শ্যামল তার শ্বশুড়কে নিজের কাছাকাছি থাকার ব্যবস্থা করে কারণ শ্বশুরের শরীর দিনকে দিন খারাপ হয়ে চলেছে বুঝে। ডাক্তার দেখানো হয়, কোন রোগের লক্ষণ পাওয়া যায়নি। তিনি মানসিকভাবে অসুস্থ।

ভগ্নিপতি তার শালা গোকুলকে নিজে ব্যবসার অংশিদার করে নেয় যাতে শ্বশুর চিন্তা মুক্ত হতে পারে। গোল বেধেছে অন্য জায়গায়। যদুনাথ মল্লিকের মা ও প্রথম স্ত্রী কলেরায় আক্রান্ত হয়ে মারা যায়। তার বৃদ্ধ বাবাকে নিজের কাছে আনতে চেয়েও আনতে পারেনি। গোপীনাথ মল্লিক তার ভিটেমাটি ছেড়ে আসতে চায়না। তার চার নাতনি ও নাতজামাইরা তাদের ঠাকুরদার দেখাশোনার ভার নিয়েছে। তবু যদুনাথ তার বাবার চিন্তায় মনে মনে কেঁদে চলতে চলতে ভিতরে ভিতরে ক্ষিণ হয়ে চলেছে। অমিতার ছেলে উৎসবকে কাছে পেয়ে কিছুটা শান্তিতে ছিল তবু একদিন তার দেহটা নিঃস্প্রাণ হয়ে যায়।

শ্যামল গোকুলের মারফতে মানে বকলমে শাশুড়ির সংসারের ভার নেয়। এদিকে তার পিসিমা তার দাদা বউদির চিন্তায় ভেঙ্গে পড়ে। সে ও একদিন নিঃশব্দে চলে যায় ভাইপোর সংসারের মায়া ত্যাগ করে। মা, বাবার ও খবর আনা বন্ধ হয়ে যায়। শ্যামলের দুঃখ অমিতা তার প্রাণঢালা ভালোবাসায় ভুলিয়ে দিতে পারে। ওরা সত্যিই সুখী দম্পতির অনন্য উদাহরণ।

গোকুল তার মা ও দিদি জামাইবাবুকে অত্যন্ত শ্রদ্ধা করে চলত। সে তার দিদির সংসারের খুটিনাটি সব বিষয়ে খেয়াল রাখে।

শ্যামল ও শাশুড়ির সংসার ও নিজের সংসারের দিকে কখনো উদাসীন হয় না। অমিতাকে সে পাগলের মত ভালোবাসে।

অমিতার মা? সে তার মেয়ের সুখী জীবনের দিকে তাকিয়ে মাঝে মাঝে চমকে ওঠে। "কি জানি কি আছে শেষ পর্যন্ত অভাগিনী মায়ের মেয়েটার কপালে। কেন যে ওর বাবা সত্যিটা গোপন করে ওকে বাঁচাতে চাইল? এমন জামাই কজনের ভাগ্যে জোটে? মা তার মেয়ের মঙ্গলের উদ্দেশ্যে বার ব্রত পূজাপাঠ আরম্ভ করে। এত করেও মনে শান্তি পায়না। য়ায় জ্যোতিষীদের দরজায় দরজায়,—মেয়ে জন্ম সময়ের কাগজপত্র হাতে নিয়ে। জানতে চায় তার মেয়ের ভবিষ্যৎ কেমন হবে? তাঁরাও অর্থের বিনিময়ে মেয়ের নূতন নূতন ঠিকুজি তৈরি করে দেয়, যাতে প্রমাণ হয় অমিতা অতি সুলক্ষনা মেয়ে, সে তার সংসারে সে রাজরানি হয়ে থাকবে। আর মেয়ের মায়ের অবিশ্বাসের পাল্লাটা ততই ভারি হয়ে চলছে। কেউই তো বলতে পারল না ওর জীবনের সেই অভিসপ্ত দিনগুলির কথা তাহলে না হয় কেমন করে প্রতিকার করা যায় সে বিধান জ্যোতিষদের কাছ থেকে নেওয়া যেত। আবার ভাবে সত্যিইতো মেয়ে আমার রানির মত আছে। তাহলে কি হিতাকাঙ্খীরাই অমঙ্গল ডেকে আনে? যখন অমিতার বাবা বেঁচে ছিল তখন তাকে বলত —বলতে পার কেন এমন হয়? কী হয় গো? মেয়ে আমার সুখে আছে জেনেও কেন ভয়ে মরি? স্বামী জানতে চাইত কিসের ভয়? যদি কখনও জামাইবাবাজী জানতে পারে তার সঙ্গে প্রতারণা করা হয়েছে? তাহলে কী হবে? স্বামী বলেছিল আমাদের জামাই অতি বিচক্ষণ। সে তার স্ত্রীকে দুষবার আগে যাচাই করবে — কেন তার স্ত্রীর জীবনে দুর্যোগ এসেছিল। সে তো বিড়ম্বনার স্বীকার না হলে ফুলশয্যার পরেই স্বামী তার মায়ের নির্দেশে চলে যায় কর্মস্থলে। আর ওই এক রাতেই সরলা মেয়েটার জীবনে ঘটে ছন্দপতন। পরের ঘটনাটাই আসল ঘটনা, ওর শ্বশুর শাশুড়ি

মেয়েটার কপালে কালি লেপে তাড়িয়ে দেয়। এত দিনে তারা হয়তো আমাদের মত কন্যাদায়গ্রস্থ বাপের সর্বনাশ করেই চলেছে। ওদের ছেলে তো পাশার গুঁটি মাত্র।

আমার এই জামাই নিশ্চয়ই বুঝবে যে মেয়ের বাপ হয়ে ওদের চালে হেরে গেছি। তাতে মেয়েটার দোষ কোথায়?

স্বামীর এত যুক্তির পরেও অমিতার মা বলেছিল "তুমি জামাইকে আদ্যোপান্ত গুছিয়ে বলে দাও, দগ্ধে মরার চেয়ে একেবারে মরা ঢের ভাল।" যদুনাথ বলেছিল না না তুমি অমন কথা বলনা! মেয়েটার হাসিখুশী মুখখানা তো আমাকে বাঁচিয়ে রেখেছে। এত সুখ থেকে সরে গিয়ে মরতে বল না গো!"

এই সব কথা মা তার মেয়েকে বলতে পারেনি কারণ তার স্বামীর অবর্তমানে জামাই শ্যামলই একমাত্র ভরসা। এই জামাই তাদের শহরবাসী করেছে। স্বামী তার ধান-কল বেচে দিয়ে যা পেয়েছিল তা ছেলে গোকুলকে দিয়ে নিশ্চিন্ত হয় অথচ জামাই সেই টাকা গোকুলের নামে ব্যাঙ্কে জমা করে দিয়ে তাকে নিজের ব্যবসার অংশিদার করে নেয়। গোকুলের যা আয় হয় তা দিয়ে তার বাবার সংসার স্বচ্ছলভাবে চলে যায়।

স্বামীর অবর্তমানে মা তার ছেলেকে বিয়ে দিয়ে সংসারি করার ইচ্ছা জানায় কিন্তু গোকুলের অমত হয় কারণ তার ভাগ্না ভাগ্নিরা বড় না হওয়া পর্যন্ত সে সংসারে জড়াতে চায় না। সে বুঝেছে তার নিজের সংসার হলে হয়তো দিদির ও ভাগ্না ভাগ্নিদের প্রয়োজনে প্রস্তুত থাকতে পারবেনা। বাবা বেঁচে থাকলে—দিদির প্রয়োজন বুঝে বাবাই এগিয়ে আসতে পারত যদিও সবটাই গোকুলের অনুমান মাত্র। গোকুলের সংসার বলতে সে ও তার মা আর দিদি জামাইবাবুর সংসার।

অমিতা জানত তার দুই দিদি ও দুই বোনের শ্বশুর বাড়ি পূর্ব পাকিস্তানের সাতক্ষীরায়। বড়দি তার সন্তানের জন্ম দিয়ে মারা যায় এবং তার স্বামী পুনরায় বিয়ে করেছে। যতদিন বাবা ছিল ততদিন তাদের খবর বাবাই নিত। তারা অবশ্য এদের খবরে আগ্রহী ছিলনা। আর বর্তমানে অমিতা তার সুখের সংসারে পূর্ব জীবনের আঁচ ফেলতে চায়না বলেই ওদের প্রত্যেককে ভুলতেচায়।ওর বাবা যখন ছিল সে তার অমিতার কাছে এসে বোঝাবার চেষ্টা করত মেয়েটা সত্যিই সুখী তো? এখন অমিতা মায়ের কাছে যায় তাকে সুখী করতে। ছুটির দিনে ছেলে মেয়ে নিয়ে যায়। ওদের দিদার কাছে। শ্যামল যেতে পারে না কারণ ওর কাপড়ের দোকান বন্ধ থাকে সোমবার। সেদিনটা কেবল ওদের দুজনের। শ্যামল অমিতাকে অত্যন্ত ভালোবাসে। ঐ একদিনে ওরা দু'জনে প্রয়োজনীয় জিনিসপত্রাদি কেনাকাটায় ব্যস্ত হয় অবশ্য ছেলেরা স্কুলে থাকে। ঐশী খুবই বাচ্চা মেয়ে ওকে ওর মা এগারোটায় স্কুল থেকে নিয়ে স্বামী-স্ত্রীতে মিলে দুপুরে বাইরে খেয়ে ফেরে মনের সুখে। একটা সুখী পরিবার বলতে যা বোঝায় তা এদের দেখলে বোঝা যায়।

এমনি সুখের সময়ে একদিন দুপুরে গোকুলের এক বন্ধু আসে তাদের বাড়িতে সঙ্গে আর একটি ছেলেকে নিয়ে। ওই সময়ে অমিতার মা একাই বাড়িতে থাকে। নবাগতকে দেখেই গোকুলের মা চমকে ওঠে।

দেগঙ্গার ছেলেটি বলল "মাসিমা এই ছেলেটি মেশোমশাইয়ের খোঁজ করছিল। ছেলেটির সামনেই বলল একে জিজ্ঞাসা করে কিছুই জানতে পারিনি। তবে বলেছে ওর দাদুর নাম যদুনাথ মল্লিক।

মাসিমার মনে একটা প্রশ্ন এসেছিল কিন্তু কিছু জানতে না চেয়ে বলল বাবা তোমরা অত দুর থেকে আসছ, বুঝতে পারছি এই দুপুর রোদে বেশ কষ্ট হয়েছে। আগে হাত মুখ ধোও তোমাদেরকিছু খেতে দিই পরে রান্না করে খাওয়াব। গোকুলের বন্ধুটি জানাল তারা খেয়ে এসেছে কারণ এ ছেলেটিকে দেখিয়ে যে সময়ে আমাদের বাড়িতে আসে ওই সময়ে এতদূরে আসতে সময় লাগবে তাই আমার মা আমাদের পেট ভরে খাইয়ে দেয়। প্রায় দুঘন্টা হল আমরা রওনা দিই। তাহলে লেবুর সরবত দিই কেমন। গোকুলের ফিরতে রাত হবে, তাই বলছি আজ দেগঙ্গায় ফেরার সময় পাবেনা।

না মাসিমা তা সম্ভব নয়। বাড়িতে না ফেরা পর্যন্ত মা চিন্তায় থাকবে। গোকুলকে বলবেন ওর ছুটির দিন বুঝে আসব কারণ আমিও একটা ছোটো খাটো চাকরি করি। আমাকে কাল চাকরির জায়গায় যেতে হবেই কারণ আজ তো যাওয়া হলনা। মাসিমা বলল বাবা গোকুলের ছুটি তো ঠিক ছুটির দিনে হয় না, ওর ছুটি থাকে সোমবার। তাহলে আর ওর সঙ্গে দেখাই হবেনা।

ওই দেগঙ্গার ছেলেটি চলে যাওয়ার পরে গোকুলের মা যে রয়ে গেল, তার নাম জানতে চায়। সে জানায় তার নাম গৌতম বিশ্বাস। তোমার বাবার নাম কি?

বাবার নাম উচ্চারণ করতে মন চায়না। তা তুমি কেন এসেছ তোমার দাদুর কাছে? আমি আমার মায়ের খোঁজে এসেছি। আমি জানি তিনিই জানেন আমার মা কোথায় আছে। ওরে তুই কে এখনো জানিনা, তবে তোর মুখে তোর দাদুর নাম শুনে আমার বুকের ভিতরটা মোচর দিয়ে উঠল যে।

তুমি কে আমার দিদিমা? তাহলে বল আমার মা কোথায়? হ্যাঁ রে আমি তোর দিদিমা। বল বল দিদিমা আমার মা কোথায়? জ্ঞান হওয়ার পরে জানলাম আমার মা আমাকে এই পৃথিবীর মাটিতে এনে দিয়ে পরোলোকে চলে গেছে। ছিলাম আনমনা। রাতের আকাশের দিকে তাকিয়ে ভাবতাম কোন তারাটা আমার মা। কত ডাকতাম মাকে—বলতাম "মাগো একটিবার এসো

তোমার এই ছেলের কাছে।" কত বলতে চাইতাম বলা হতনা। তবু ছিলাম এক রকম। রাত হলেতো আকাশের তারা দেখে চলতাম। আমার লেখাপড়ায় মন ছিলনা। পরীক্ষায় ফেল করি। আমার ঠাকুরদা আমাকে ছেলেদের হোস্টেলে পাঠিয়ে দেয়। সেখানে বন্ধুদের সঙ্গে মিলে মিশে ভালো ছিলাম। পড়ায়ও মন বসে। স্কুল ছুটির সময়ে ঠাকুরদা আমাকে বাড়িতে নিয়ে আসতেন। ছুটি শেষ হলেই হোস্টেলে যাওয়ার আনন্দে সুস্থ থাকতাম। আমার ন'বছর বয়সে ছুটিতে বাড়িতে ছিলাম, ওই সময় আমাদের এক আত্মীয়াও আমাদের বাড়িতে বেড়াতে আসেন। আমি তাকে পিসিমা বলে ভাবতাম। তিনিও আমাকে অত্যন্ত স্নেহ করতেন। একদিন তার সাথে বেড়াতে গিয়েছিলাম, সেই সময়ে তিনি আমাকে বললেন "গৌতম আমি তোমাকে কিছু জানাতে চাই, তবে তোমাকেও বলতে হবে যা বলব তা তুমি কাউকে বলবে না বল?" বললাম, না বলব না। তবে শোন — "তোমার মা বেঁচে আছে।" কি বলছেন? হ্যাঁ বাবা এইটা সত্যি ঘটনা।

আচ্ছা পিসিমা আমার বাবা কি জানে এই সত্যিটা? হ্যাঁ জানে। আমার মাথায় যেন বজ্রপাত ঘটলো। চমকে উঠি। কেন এরা এ কথাটা রটনা করল আমার মা আমাকে জন্ম দিয়েই মারা যায়? তোমার ঠাকুরমা তোমার মাকে সহ্য করতে পারত না কারণ তার ইচ্ছাই ছিল তোমার মাকে তাড়িয়ে তোমার বাবার পুনরায় বিয়ে দিয়ে ঘরে ধনসম্পত্তি আনে।

আর বাবারও এতে মত ছিল? ঠিক বলতে পারিনা তবে তোমার ঠাকুরমার দাপটে সে বাড়িতে আসতে পারত না। শেষ পর্যন্ত তোমার মায়ের নামে বদনাম রটিয়ে বাপের বাড়িতে পাঠিয়ে দেয়। আমি জানতে চাই তা আপনি জানলেন কেমন করে? আমার ননদ তোমার ঠাকুরদার দূরসম্পর্কের বোন। আমার ননদাই মারা যাওয়ার পরে সে তার সম্পত্তি ভাইপোকে দেবে জেনে তোমার ঠাকুরদা তাকে তোমাদের বাড়িতে এনে রাখে। ননদ আমার অত্যন্ত ভালো মনের ছিল। সে আমকে ও বঞ্চিত করেনি। তোমার ঠাকুরদার ইচ্ছা ছিল ছেলের বিয়ে দিয়ে পণ নেবে। তোমার দাদুর সে ক্ষমতা ছিলনা তাই বিয়েটা ভেঙ্গে যায় কিন্তু আমার ননদের তোমার মাকে পছন্দ হওয়ায় সে বলেছিল আমার যা আছে আমি লিখে দিচ্ছি তোমরা ওই মেয়ের সঙ্গে ছেলের বিয়ে দাও। বিনা পণে তোমার মা এই বাড়ির বউ হয়ে আসে। তোমার ঠাকুরমা তোমার বাবাকে বৌভাতের পরের দিনেই তার চাকরির জায়গায় পাঠিয়ে দেয় এমনকী মাসখানেক পরে সে যখন বাড়িতে আসে তখন তোমার ঠাকুরমার ধমক খেয়ে তাকে চলে যেতে হয় কাজের জায়গায়। তোমার ঠাকুরমা তোমার মাকে বলত যে তার ছেলে বাড়িতে না আসার কারণ সে তোমার মাকে সহ্য করতে পারেনা। আমার ননদ তার ভাইও নিষ্ঠুর ব্যবহারে অতিষ্ঠ হয়ে উঠতে থাকে। তার ভাই বা ভাঞ্জের আর তাকে কেয়ার না করলে চলবে যেনে তার সঙ্গেও খারাপ ব্যবহার করতে থাকে শেষ পর্যন্ত সে ওদের ছেড়ে শ্বশুর বাড়িতে চলে আসে এবং কিছুদিন পরে হার্টঅ্যাটাক করে মারা যায়। আমার এতটুকুই প্রথমে জানা ছিল। তবে তোমার মায়ের জন্য মনটা খারাপ হত বলেই তোমাদের বাড়ির সঙ্গে আত্মীয়তা রাখারা চেষ্টা করি এবং জানতে পারি তোমার মাকে এরা বদনাম দিয়ে তাড়িয়ে দেয়। আর তুমি জানতে তোমার মা মারা গেছে। তাই আমার মধ্যেও এদের প্রতি ঘৃণা জন্মায় এবং মনোঃস্থির করি তুমি একটু বড়ো হলেই তোমাকে জানাব সত্যি ঘটনাটা কি? আরো শোনো, তোমার মাকেও এরা জানিয়েছিল তুমি মারা গেছ।

পিসিমা এখনো বুঝতে পারছিনা কেন এরা এমন করল?

ওই যে বললাম স্বার্থ, ছেলের ফের বিয়ে দিয়ে ঘরে পণ হিসেবে সম্পত্তি আনা। কিন্তু এদের এ আশায় এদের ছেলের বাদ সাধল। সে তো বিয়েতে রাজি হলনা উপরন্তু বাবা, মার প্রতি উদাসীন হয়। এমনকী বাড়িতে আসাই বন্ধ করে দিল।

আচ্ছা পিসিমা, বাবা তো মায়ের খোঁজ করতে পারত?

পারেনি কারম সেতো আদৌ জানেনা তোমার মা আছে না নেই! আমার কথাটা তো বাবা জানে? ঠিক বলতে পারব না তোমার সব প্রশ্নের উত্তর। আমি সব শুনে খুবই উত্তেজিত হয়ে তক্ষুনি ঠাকুরদার কাছে আমার প্রশ্ন নিয়ে যেতে চাই। উঁনি আমাকে বললেন বাবা গৌতম অবুঝ হয়ো না তুমি জাননা তোমার মা কি অবস্থায় বা কি কষ্টে দিন কাটাচ্ছে। তুমি লেখাপড়া শিখে বড়ো হও। নিজে নিজের জন্য তৈরি হয়ে মায়ের কাছে যাবে কারণ তখন হয়তো তোমার মায়ের তোমাকে প্রয়োজন হবে, আসল কথা মায়ের ভার নিতে পারবে। যে মেয়ে তার স্বামীর ঘরে জায়গা পায়না তার জীবনে অনেক দুঃখের কাহিনী ও তৈরি হয়। তুমিই তো তার সব দুঃখ ঘেচবার জন্য প্রস্তুত হবে তাই না।

পিসিমার ওই সব অর্থপূর্ণ যুক্তির মানে ঠিক ঠিক বুঝিনি। প্রতি মূহুর্তে মনে হত কোথায় আমার মা আছে। আমি তার কাছে যাবই। উনি মাঝে মাঝে আমাকে চিঠি লিখে বোঝাতেন ও তাঁর আশীর্বাদ পাঠাতেন। আমিও অসময়ে অনেক বেশি বুঝতে চেষ্টা করি তাই ঠাকুরদাকে জ্বালাতন করিনি। স্কুলের চৌকাঠ ডিঙিয়ে বাড়িতে ফিরে আসি। ঠাকুরদা খুবই খুসী হয়ে আমাকে কলেজে ভর্তি করে দেয় কিন্তু আমার মন আর দেরি করতে চাইছিলনা। মাকে একবার অন্তত দেখতে চাই, তবু শক্ত ছিলাম কারণ আমাকে তৈরি হতে হবে মায়ের দায়িত্ব নেওয়ার জন্য। কোন রকমে দুটি বছর পড়া করে বিয়ের

প্রথম বছরে পড়তে পড়তে বড়োই অস্থির হয়ে পড়ি মা থাকতেও মায়ের কাছে নেই আমি।

ঠাকুরদার কাছে আমার প্রথম প্রশ্ন "বল আমার 'মা' কোথায় আছে? ঠাকুরদা আমার প্রশ্নে হতবাক! কি বলছিস রে দাদুভাই? তোর মা? সে তো তোকে পৃথিবীতে এনেই চলে গেল সবার মায়া ত্যাগ করে।

ঠাকুরদা আর কত মিথ্যে বলবে? মিথ্যে কেন বলব? তোর এই প্রশ্নে চমকে উঠলাম যে। আর অভিনয় ভালোলাগছে না। বললে না আমার মা সবার মায়া ত্যাগ করে চলে গেল। কার মায়া ছিল আমার মায়ের উপরে বলতো? তোমরা তাকে মিথ্যে অপবাদ দিয়ে তাড়িয়ে দিয়ে তোমাদের সুপুত্রের পুনরায় বিয়ে দিয়ে অর্থে ঘর ভরাতে চেয়েছিলে কিন্তু সেও তোমাদের ত্যাগ করেছে। তবু তোমরা আমার মাকে ফিরিয়ে আনোনি। আনলে হয়তো তোমাদের কাপুরুষ ছেলেকে হারাতে হতনা। আর এবার তোমাদের আদরের নাতিকেও হারাতে হবে।

ঠাকুরদা অনবরত কান্নাকাটি শুরু করে বলতে থাকে ওরে গৌতম তুই ছাড়া এই বুড়ো বুড়ির কেউ নেই রে। আর এমন কথা বলিস না রে ভাই। তোমাদের কান্নায় আমার মন গলবে না। প্রতি মূহূর্তে মনে হচ্ছে তোমরা আমার মাকে অভাগিনী করে ছেড়েছ।

অহরহ জ্বালাতনে অতিষ্ঠ হয়ে তিনি দেগঙ্গার ঠিকানা দিলেন, আর বললেন যদি তোর মাকে পাশ তাহলে ও এই ঠাকুরদাকে ভুলে যাবি? এতগুলো বছর তোকে বুকে রাখলাম সেটাও কি মিথ্যে? এত আদর এত ভালবাসা কি ভুলে যাবি? তোর মায়ের প্রতি যে অপরাধ করেছি সে যা শাস্তি দেবে মাথা পেতে নেব।

কে তোমাদের শাস্তি দেবে? আমার অবাগিনী মা সে তোমাদের ঘৃণা করে। ঘৃণ্যকে আবার কি শাস্তি দেবে? তোমরা আমার মায়ের সাথে সাথে তার সন্তানকেও বঞ্চিত করেছ। জানিনা এত দিনে তার কি অবস্থা হয়েছে। পরের মেয়েকে অবহেলা করা দুঃখ দেওয়া তোমাদের ধর্মে বাধেনি। আর নাতির মধ্যে তোমার রক্ত আছে বলেই তাকে আদরে যত্নে পালন করলে। তোমরা বিধাতার বিধানে নরকের যোগ্য।

ওরে আর বলিসনা ভাই। তোর কাছ থেকেই পেলাম নরক যন্ত্রণা। তবু তোকে বলছি তোকে ছাড়তে বড়ই ব্যথা পাচ্ছি রে ভাই। নিশ্চয়ই কখনোও তোর এই বুড়টাকে মনে পড়বে। যদি মনে পনে অন্তত তুই তোর মায়ের কাছে কেমন আছিস জানাস। আমি পরজন্ম মানি তাই বলছি আগামী জন্মে তোর ছেলে হয়ে জন্মাব। তোর নিতীবোধের মধ্যে তখন নিশ্চয়ই মানুষ হব।

পিসিমা বলেছিলেন বড়ো হয়ে মানুষ হয়ে মায়ের কাছে যাবে। তুমি তোমার মায়ের ভার নেবে। কই দিদিমা আমার মা? বড়ো হয়েই তো এসেছি। আর সহ্য করতে পারছি না। মাকে একটিবার দেখতে চাই।

ওরে দাদুভাই তোকে আরো অনেক ধৈর্য্য ধরতে হবে কারণ এতকালের ব্যবধানে তার পরিচয় ও পরিবেশ পালটে গেছে যে।

কি বলছ তুমি? মায়ের পরিচয় তার গর্ভজাত সন্তানের কাছে পালটায় কেমন করে? বললাম তো সময়ের ব্যবধানে ও কালের নির্দেশে সব ওলট পালট হয়ে যায় অবলিলায়। আমরাও অচিরে সব মেনে নিই, নাহলে দুঃখই যে সার হয়। মানুষের জন্ম কি কেবলি দুঃখ সহ্যের জন্য? না তা নয়। অন্যায় করে যারা বুক ফুলিয়ে চলে তারা কখনই বোঝেনা কার প্রতি তাদের অন্যায় অবিচার। যাকে তারা হেলায় দূরে সরিয়ে দেয় সেই একদিন প্রতিবাদী হয়ে অপরাধিকে বিচারের কাঠগড়ায় দাঁড়করাবেই।

যে ঠাকুরদা তোকে মানুষ করার তাগিদে অনেক ত্যাগ স্বীকার করেছিল। যারা তোকে তাদের প্রাণঢালা ভালোবাসায় আনন্দে রেখেছিল, যাদের তুই একমাত্র অন্ধের যষ্ঠি—সেই তাদের তুই হেলায় ছেড়ে চলে এলি, কারণ তোর মধ্যেও তাদের প্রতি ঘৃণা জন্মেছিল তবু তোর উচিত ছিল অন্তত একটু স্বান্তনা দেওয়া, পারিসনি? তাদের মধ্যে যখন তোকে হারাবার ভয় ঢোকে তখনই বিজেতার ভূমিকায় তুই উৎফুল্ল। তোর মধ্যে এতটুকু মায়া হয়নি কারণ তাদের ভালোবাসা তোর অন্তরাত্মাকে স্পর্শ করতে পারেনি—তোর মন অনেক আগে থেকেই প্রতিবাদী বলেই তোর বাবাকে ঘৃণা করে আসছিলি।

তোর দাদু ও দিদিমা তাদের মাত্র পনেরো বছরের অসহায় মেয়ে যে তার জীবনের শুরুতেই সব হারিয়ে বাবার ঘরে ফিরে এলো। তার অসহায় বাবাকেও অসমতলে দাঁড়িয়ে সংসারের তিক্ত অভিজ্ঞতায় জর্জরিত হয়ে সেই বঞ্চিতাকে গচ্ছিত রাখতে বাধ্য হয় অনাথালয়ে। ওই সময়ে এই বিতর্কিত সমাজের বুকে দাঁড়িয়ে মনে মনে প্রতিজ্ঞা করে সে তার মেয়েকে পুনরায় বিয়ে দেবে। ঐ অসহায় বাবার মনে নারী নির্যাতনের প্রতিকারের আগুন জ্বলে ওঠে। নিষ্ঠুর সামাজিক বিধানের মূলে চরম আঘাত করাই হল তার উদ্দেশ্য এবং সে তার মেয়ের বিয়ে দিয়ে আত্মতুষ্টি পায়।

তোর দাদু বলেছিল আমার মেয়েটার ছেলেটা যদি বেঁচে থাকত তাহলে এ চিন্তা মাথায় আসত না। জানতাম ওর একটা অবলম্বন আছে। ওর তো কিছুই রইলনা। আমাদের অবর্তমানে ও বাঁচবে কেমন করে?

এইবার তুই বল তোর দাদু কি ভুল করে গেছে? দিদিমা আমি তোমাকে কথা দিচ্ছি আমি আমার মায়ের জীবনে অভিশাপ হতে চাইনা। কেবল একটি বার দেখব আমার মা কেমন দেখতে।

ওরে গৌতম তুই তোর মায়ের প্রতিবিম্ব, তাই তো তোকে দেখেই চমকে উঠেছিলাম।

দিদিমা আমি তোমাকে কথা দিচ্ছি একবার মাকে দেখেই চলে যাব আর আসব না।

কোথায় যাবিরে ভাই? তোর এই দিদিমা কি তোকে ছাড়তে পারবে? আয় রে ভাই আমার বুকে আয়, বলেই গৌতমকে নিজের বুকের মধ্যে টেনে নেয়।

গৌতম দিদিমার মুখের দিকে চোখ তুলে বলে বল তাহলে আমি কি করব? দিদিমা তার মাথাটা আরো চেপে ধরে বলল তুই এইখানেই থাকবি। তোর 'মা' তোকে পাবে তুইও তোর মাকে পাবি তার পরে কি হবে জানিনা।

রাতে গোকুল বাড়িতে পৌঁছে গৌতমকে দেখে চমকে ওঠে। মা এ কে? ও তোর ভাগ্না। ও কোথা থেকে এসেছে? গৌতম মামার পায়ে হাত দিয়ে প্রণাম করে বলল আমি তোমার অভাগা ভাগ্না। গৌতম। অমন কথা আমার ভাগ্নার মুখে মানায় না। দিদিমা তুমি বল আমি অভাগা কি না? বাবা গোকুল ও আমার অমিতার ছেলে। একে পেলে অমিতার জীবনধারা নিশ্চিন্তের পালে হাওয়া লেগে বইত। আর আজ ওর সুখের সংসারের নিশ্চয়তা তো অনিশ্চয়াতর ছেঁড়া পালে বইছে যে কোন মূহুর্তে দমকা হাওয়ায় পাল ছিড়ে পড়তে পারে।

কি বলছ কিছুই বুঝতে পারছিনা মা। গৌতম বলল মামা আমি বলছি সব ঘটনা আর এটাও বলছি আমার মায়ের জীবনে আর কোন দুর্ঘটনা ঘটবে না। গোকুল সব শুনে গৌতমকে বলল ভাগ্না তোর মামা সব সামলে নেবে। মাকে বলল 'মা' আগামীকাল জামাইবাবু বড়বাজারে যাবে ব্যবসার সামগ্রী কেনার জন্য। আমি দোকানে যাওয়ার সময় দিদিকে বলে যাব ও যেন ঐশীকে স্কুল থেকে নিয়ে তোমার কাছে আসে কারণ তোমার বিশেষ দরকার।

গোকুল মাকে যা বলে এল দিদিকেও তাই বলল, আরো বলল ও উৎসবকে স্কুল থেকে নিয়ে ওর সঙ্গে দোকানে রাখবে। জামাইবাবু বড়বাজার থেকে ফিরলে উৎসবকে বাড়িতে পৌঁছে দেব সন্ধ্যার আগে। ক্রমশ...

# দেবী সরস্বতী

● **রচয়িতা —এম.ডি হাসমত আলি**

মাঘী পূর্ণিমার পঞ্চমীতে,
শ্বেতশতদল বিহারিনী,
শ্বেতপদ্মাসনে হইয়া অসীনা।
পুস্তক শোভিত হস্তা ভগবতী দেবী,
আবির্ভূতা হন হস্তে লইয়া বীণা।।
চকিত মুক্তহারে শোভিতা দেবী,
জানাই তোমায় নমস্কার।
জীবন উৎসর্গে করি তোমার চরণ যুগলে,
বিদ্যার্জনে করে দাও তুমি পার।।
শ্বেতবস্ত্র পরিহিতা তুমি,
তুমি শ্বেতচন্দনে চর্চিতা
শুভ্রবর্ণে ও অলংকারে ভূষিতা তুমি,
তুমি গন্ধর্বগনের দ্বারা বন্দিতা।।
ঋষিগনের দ্বারা স্তুতা তুমি,
তুমি সকল মুনির দ্বারা পূজিতা।
ত্রি সন্ধ্যায় সকলে করি যে স্মরণ,
অথচ দেবাসুরগনের দ্বারা তুমি অর্চিতা।।
শ্বেতহংস বাহনে দেবী,
উপবিষ্টা হও শ্বেতপদ্মাসনে।
ব্রহ্মা, বিষ্ণু ও শিবের নিকট বন্দিতা হলেও,
সর্বদা স্মরি একমনে।।
আমাদের জিহ্বায় বাস করিতে,
অনুরোধ জানাই বাগ্‌দেবী।
বিশ্ব বীণার বরদস্তে হইয়া শোভিতা,
কোমল লোচনে তুমি হও আগমন।
অন্তরের অন্তঃস্থলে ধরিয়া রাখিতে,
চেষ্টা করি যে প্রাণপন।।
কুঁচবরণ মিতাঙ্গী দেবী,
আন্তরিকতার সহিত করি আরাধনা।
তোমার একটু কৃপা দৃষ্টি পাইবার আশে,
চেয়ে থাকি বিশ্ব সর্বজনা।।
ঃঃ

# একদিন দেখা

● ডঃ এস.পি মুখার্জ্জী

টিপ্ টিপ্ করে বৃষ্টি পড়ছে। রাস্তায় যানবাহন খুব কম। অকাল বর্ষণের মেঘ, দিনের আলোটা ঢেকে অন্ধকার করে রেখেছে। হঠাৎ যেন পশ্চিম উত্তরের হীমশীতল ভিজে বাতাসে শীত শীত করছে।

মাঝে মাঝে কালো মেঘের গুড়ু গুড়ু ডাক আর বিদ্যুৎ গর্জনের ঝলকানি। পড়ন্ত বেলা। রাস্তাঘাট শুন-শান, তেমন লোক জনের ভীড় হই-হুল্লোর নেই। যা দু'একজনা আছেন বাসস্ট্যান্ডে, বাস ধরার অপেক্ষায়।

এমন এক দুর্যোগময় অবেলায় বেহালা চৌরাস্তার মোড়ে ম্যান্টেনা মার্কেটের সামনে বাস স্টপেজের সেডের নীচে দাঁড়িয়ে শৌভিক সিগারেট ফুঁকছে।

গেটের নীচের তিন চার জনা লোক জলোচ্ছাসে বৃষ্টি ভেজা পোষাকে শুধু মাত্র মাথাটি আড়াল করে আছে সকলেএই আর কি। তার মধ্যে এক কোনে এক ভদ্রমহিলা দাঁড়িয়ে। তার বয়স সাতাশ আঠাশ হবে। পড়নে সাউথ ইন্ডিয়ান স্কাই শাড়ি, হাত ভরা কাঁচের চুড়ি। গলায় সোনার হার, কানে চুমকি দুল। বাঁ হাতে দুই আঙ্গুলে দু'টি স্বর্ণাঙ্গুরী। একটার মাঝে চুনী, আর একটার মাঝে হীরে। বেশ চক্চক্ করে জ্বলছে। নিপুন ভাষ্কার্য্য সর্বদেহে। কপালে একটা নীল টিপ। ম্যারেড-আনম্যারেড বোঝার সাদ্দি নেই। তাঁর লাবণ্যময় রূপের ছটায়।

শৌভিক যখনই দৌড়ে গিয়ে গেটের ভীতর ঢুকেছিল, ভদ্রমহিলা ওকে দেখা মাত্রই কেমন এক পুরানো স্মৃতি তাকে নাড়া দিল। পদতল থেকে মাথা পর্যন্ত শিহরণ উঠলো, সেদিন তুমি না থাকলে আমার যে কি হত? উষ্ণতা বোধ করতে লাগল।

ভদ্রমহিলা বারে বারে সৌভিকের দিকে তাকায়। কি করে কথা বলবে। অনেকদিন পরে দেখা, যদি চিনতে না পারে, কথা না বলে? লজ্জা পেতে হবে আমাকে। কথা বলার জন্য এগিয়ে আসে, লাজুক হাসিমাখা নয়নে তাকায়, এগিয়ে যায় আবার ভাবে না থাক। মানুষের মত কি মানুষ হয়না? যদি সৌভিক না হয়ে অন্য কেউ হয়? একটা বাজে মেয়েছেলে মনে করবে আমাকে। মুখ মলিন হয়ে আসে পিছিয়ে দাঁড়ায়।

না নিশ্চয়ই সৌভিক নয়। সে হলে কি আমাকে চিনতে পারত না? নিশ্চয়ই চিনতে পারত, কথা বলত। না, আমিই ভুল করেছি। সে কোথায় বাংলাদেশে, আমি কলকাতা বেহালায়। হঠাৎ কি বাজে চিন্তা করছি। সৌভিক এখানে আসতেই পারে না। চুপ করে দাঁড়িয়ে থাকে।

ঘড়িতে পাঁচটা বাজে। সন্ধ্যা হয়ে এলো। অনেকক্ষণ দাঁড়িয়ে কিন্তু একটা বাসও আসছে না। দুই দিন ট্যাক্সি ধর্মঘট। কি করবে! কেমন করে যাবে, ভাবছে।

ভদ্রমহিলা ভীষণ ক্লান্তি বোধ করছে। অনেক পুরানো স্মৃতি এবং কথা তাকে আরও বেশি দুর্বল করে তুলছে। অনেক কিছু ভাবছে। হঠাৎ একসময় হতচকিত হয়ে ওঠে, যখন একটা বাস এসে ঠিক স্টপেজের সামনে থামল। কি বাস? কোথায় যাবে?

লক্ষ্য করে দেখে এস-১৬, সল্ট লেক যাবে, তাঁর হাওড়া যাবার বাস নয়। চিন্তিত হলেন তিনি। এটা কি সৌভিকের বাস? ওকি এই বাসেই উঠবে? সামনের দিকে একটু এগিয়ে দাঁড়ায়।

যাত্রীরা এক এক করে সকলেই উঠছেন। সৌভিক সকলের পিছনে। সৌভিক এই বাসেই যাবে। সে এগিয়ে যাবে সিড়িতে পা রেখে গেটের হ্যান্ডেলটা ধরবার জন্য হাত বাড়িয়েছে।

ভদ্রমহিলা ইতস্তত করছিলেন, কিন্তু আর থাকতে পারলেন না। দৌড়ে গিয়ে খপ করে হাতখানা টেনে ধরে বললেন, সৌভিক?

ফিরে তাকিয়ে সৌভিক বলে- আরে রণিতা তুমি!

চোখে চোখে চোখ রেখে তাকিয়ে থাকে কিছুক্ষণ। দু'জনারই কথা বন্ধ। যেন আকাশ থেকে পড়েছে দু'জন। কথা বলতে ভুলেই গেছে তারা।

বাস চলে গেছে, ধারে কাছে কেউ নেই। রণিতা এদিক ওদিক একবার তাকিয়ে ঝাপিয়ে পড়ে সৌভিকের বুকে। দু'হাতে জাপটে ধরে। বলে সৌভিক, আমার সৌভিক।

রণিতা, কি কোরছো। সৌভিক ছাড়াতে চেষ্টা করে। শান্ত হও রণিতা, শান্ত হও। ছাড়ো।

না। ও - কি রিক্সা নিয়েই না খপ করে তোমার হাতখানা টেনে ধরেছি জান? ওঃ - বুকটা আমার এখনো ধরফর করে লাফাচ্ছে। যদি তুমি না হয়ে অন্য কেউ হত। আমার মান সম্মান থাকত? কি করতাম আমি? ও আরো জোড়ে আকরে ধরে। হ্যাঁ, আমি তোমার সৌভিক। শান্ত হও রানি শান্ত হও। কথা শোন। রণিতার দু'বাহু ধরে ধরে সরিয়ে দেয় সৌভিক, আর বলে দুষ্টু মেয়ে। রাস্তায় দাঁড়িয়ে, এভাবে জড়িয়ে ধরলে লোকে কি বলবে?

কি বলবে। আমিতো অন্য কাউকে ধরিনি, নিজের স্বামীকে ধরেছি। তাতে কার কি বলার আছে?—রণিতা।

হ্যাঁ, সৌভিক, অনেক বছর পরে দেখা কিন্তু চিনতে ভুল করিনি।

হ্যাঁ, তাইতো দেখছি। মনের টান, বান ভেঙ্গে চলে। তা, সাথে কেউ নেই?

ভাগ্যিস সাথে কেউ নেই। থাকলে কি এমনভাবে জড়িয়ে ধরে কথা বলতে পারতাম?

কথা বলতে পারতে নিশ্চয়ই, কিন্তু জড়িয়ে ধরতে পারতে না এই যা। তা, একা কোথায় যাচ্ছ, এই মেঘ বৃষ্টির সন্ধিক্ষণে? কি করব বলো? সেই কখন থেকে দাঁড়িয়ে একটা বাসও আসছে না। যাব কি করে? তুমিতো কথা বলা দুরন্ত, ফিরেও একবার তাকাচ্ছিলে না। বাস পেয়ে আমাকে ফেলেই চলে যাচ্ছিলে। এমন দুর্যোগে একাই আমাকে দাঁড়িয়ে থাকতে হত এখানে। আমি তোমাকে দেখতেই পাইনি। হ্যাঁ, তা দেখবে কি করে। আমার কথা কি তোমার মনে আছে? তা যা বলেছ। সে কি আজকের কথা, একেবারে ভুলেই গিয়েছি। জীবনে আর দেখতে পাব, ভাবিনি কখনো।

হ্যাঁ, ভুলে যাওয়টাই স্বাভাবিক। আমি জানতাম ভুলে তুমি যাবেই। না হলে উপযুক্ত স্বামীর প্রমাণ দিয়ে যে স্ত্রীর মান রক্ষা করলে, জীবনে বাঁচালে, কিন্তু শত অনুরোধেও তুমি আমাকে গ্রহণ করলে না। স্বামীর সেবা যত্ন করার অধিকার থেকে আমি বঞ্চিত হলাম।

রণিতা, তুমি কেন দুঃখ করছ। কেন তুমি বুঝতে চাইছনা যে, তুমি ছিলে বিবাহিতা পরস্ত্রী।

হু। পিঁড়িতে একবার পাশে বসা, বাসরে একবার দেখা। এইতো বিয়ে? এইতো স্বামী? আর বিপদের সময় একটা নবযৌবনা অবলা নারীর মান রাখতে, ইজ্জত বাঁচাতে, বিয়ে না করেও স্ত্রী স্বীকার করেছিল, স্বামীর ভূমিকা নিয়ে স্ত্রীকে বাঁচালে, কি করে তাকে ভুলতে পারি জীবনে, বলতে পারো?

— রণিতা।

হ্যাঁ সৌভিক, তুমি পুরুষ মানুষ। হয়ত বিয়ে কোরেছ, স্ত্রী-ছেলে-মেয়ে নিয়ে সুখের সংসার গড়েছ। কি করে মনে রাখবে আমাকে বলো? আর আমি? ঘর-সংসার করছি, খাচ্ছি-দাচ্ছি ঘুরে বেড়াচ্ছি-ফুরতি করছি, কোন কিছুতেই অভাব নেই কিন্তু সব সময় কি যে একটা দহন জ্বালা বয়ে বেরাচ্ছি কাউকে বোঝাতে পারবো না। তুমি আমাকে সতী পবিত্র করেই রেখেছিলে কিন্তু আমি তা থাকতে পারিনি। আমি হয়েছি কলঙ্কিনী দ্বিচারিতা।

— রণিতা!

রণিতার দুচোখ গড়িয়ে অশ্রুধারা বয়ে চলেছে। বিশ্বাস করতে পারলে না, তাইতো? না মানে কেমন,-

জানি, বিশ্বাস করতে পারবেনা তবুও চেষ্টা করছি। এই, এই দ্যাখো। সৌভিকের সামনে রণিতা মাথা নত করে দুই হাতে সিঁথির চুলগুলো সরিয়ে বলে, কিছু দেখতে পাচ্ছ? সৌভিক বলল, কোন আঘাত পেয়েছিলে? রণিতা বল্‌ল না, তেমন কোন ক্ষত বা কোন দাগ নেই কিন্তু অন্য কিছু নিশ্চয়ই। একটু ভাল করে লক্ষ্য করে দ্যাখো ঠিক দেখতে পাবে। কি হয়েছে বল শুনি? না, তুমি দেখ এখানে। সৌভিকের হাত টেনে সিঁথির উপরে দেয়, সৌভিক এবারে লক্ষ করে দেখে দুটে সিঁদুরের রেখা। সিঁথির মাঝে একটার পাশে আর একটা রেখা রক্তের মত লাল, জ্বলজ্বল করছে। ও বল্‌ল, তেমন কিছু দেখছিনা। তবে যা দেখছি, তা বলতে ভয় হয়।

কেন? হ্যাঁ, আমার ভুলও হতে পারে। না, ভুল নয়। ওটাই ঠিক, আমার দ্বিচারিতার লক্ষণ। নিজের হাতখানা দিয়ে সিঁথিতে দুটো রেখা সিঁদুরের টান দেখায়। বলে, এই রেখাটা দিয়েছিলেন বিয়ের দিন সৌমেনের বাবা। আর তোমার স্ত্রী স্বীকারে, স্বামীর অধিকার দিয়ে সেই দিন থেকে এই রেখাটা বহন করে চলেছি আমি। রণিতা। হ্যাঁ সৌভিক, মানুষের সকল চাওয়া-পাওয়াতো পূরণ হয় না। আমারও তা হলনা। আশা-আশাই থেকে গেল। সেই যেদিন সাতক্ষীরা, নাভারণ, পেট্রাপোল বর্ডারে যখন পদে পদে বিব্রত হচ্ছিলাম ভারত-বাংলাদেশের সীমানা পার হতে, আমাকে নিগৃহিত করেছিলেন বর্ডার সিকিউরিটি পুলিশের কর্তারা। নবযৌবনা রূপের নেশায় যখন শৃগাল-শকুনে খুবলে খেতে যাচ্ছিল এই নারী দেহ। ওঃ-সেকি নরক যন্ত্রনার দৃশ্য। সেদিন যদি তুমি না থাকতে আমার সে কি হত। ওঃ আমি ভাবতে পারছিনা তুমি কতটা কঠিন। সেদিন তুমি স্বামীর ভূমিকা নিয়ে স্ত্রীর মান রক্ষা করেছিলে, স্বামীর কর্তব্য পালনে কোন ত্রুটি করছিলেনা। ঐ হিংস্র শিয়াল-শকুনের হাত থেকে বাঁচিয়েছিলে। কিন্তু আমাকে গ্রহণ করোনি। আমি কিন্তু তা করিনি। তুমি যে আমার জীবনে একমাত্র পুরুষ, আমার প্রকৃত স্বামী, সেই আশা নিয়েই সেদিন থেকে তোমার নাম নিয়ে সিঁথিতে এই বোঝা বয়ে বেড়াচ্ছি।

রণিতা।

সারাজীবন বহন করব। এ জীবনে তো পেলাম না, তবে যদি আবার মানব কূলে জন্ম নিতে পারি যেন তোমার স্ত্রী হয়ে পাশে থাকতে পারি। রণিতা কেঁদে ফেলে।

কি বলবে সৌভিক? কি দিয়ে রণিতাকে শান্তনা দেবে? দেহ ভারাক্রান্ত বদনে দাঁড়িয়ে থাকে। অন্যদিকে তাকিয়ে। দু'জনেই বসন্তের ফোটা ফুল। যৌবন ছিল সর্বদেহে। কেউ কাউকে চিনতনা, জানত না। দু'জনেই দূর গাঁয়ের ছেলে মেয়ে ওরা। কোন এক শরতে ওরা বাংলাদেশ ছেড়ে একই সঙ্গে ভারতে পাড়ি দেয়। বংশের মুখে কালি দেয়া ছেলে মেয়েও ওরা নয়। যদিও অসৎ কোন উদ্দেশ্য ওদের মধ্যে ছিল না কিন্তু দৈবাৎ ঘটনায় ঘটে যাওয়া এক ব্যথার আগুন জ্বলছে মনের মধ্যে, আজও দহন করছে সেই আগুন। পূর্ববঙ্গ ফরিদপুর নিবাসী দুই ভিন্ন পল্লীগ্রামের ছেলে মেয়ে ওরা। এক গ্রাম থেকে অন্য গ্রাম অনেক দূর। কেউ কাউকে দেখেনি কখনো। চেনা জানাও নয়। আর ভারতে আসাও এক উদ্দেশ্য নয়। দু'জনেরই উদ্দেশ্য ছিল ভিন্নতর।

সৌভিক ব্রাহ্মণের ছেলে। সব সময় পরোপকারী মন

এবং আচার আহ্নিক নিয়ে ব্যস্ত। কারো কোন অনিষ্ঠ করে না কখনো। পিতৃ-মাতৃ উভয় কুলই প্রতাপশালী জমিদার, গুরু বংশে। দু'পক্ষেরই অনেক শিষ্যবর্গ।

সৌভিকের মাতৃকুলে মাতামহ মানে দিদিমা ছাড়া আর কেউ নেই। নাম কুসুমদেবী।

কুসুম দেবীর বয়স হয়েছে যথেষ্ট। বিধাতা তাকে একা করে রেখেছে। দু'টো মেয়ে জামাই নাতি-নাতনি নিয়ে তাঁর পরিজন। আর উপার্জন সম্পদ অঢেল শিষ্য। নিজের বলতে আর কিছু নেই। শিষ্যরাও দেশ ভাগের সাথে বিভক্ত হয়ে পড়েছে। ছড়িয়ে-ছিটিয়ে দু'দেশেই তার শিষ্যরা, দুই দেশের সীমানা ছাড়া আর কোনও অসুবিধা নেই। সীমানা অতিক্রান্ত করে আসতে যেতে পারলেই কুসুম দেবীর কিছুতে অভাব হয় না। না আদর আপ্যায়ন, না গুরু ভক্তিতে। কিন্তু সামান্য ওই এক সীমানা লঙ্ঘন কষ্টকর ব্যাপার।

কুসুম দেবী নাতি সৌভিককে খুব ভালোবাসেন। নাতির বয়স হয়েছে বুঝতে শিখেছে। লেখাপড়ায় ভাল। ভাল শাস্ত্র জ্ঞান আছে। ফিটেস্ট চেহারা। দেখতে ও ভাল। বয়স তা আঠারো-উনিশ ও সাথে থাকলে তাঁর আর কোন ভয় থাকে না।

একদিন কুসুম দেবী নাতিকে ডেকে বললেন সৌভিক চল আমরা একবার ভারতে ঘুরে আসি। ছোট সময় থেকে দেশ-বিদেশ ঘুরে দেখার বড় সখ সৌভিকের। ও দিদিমার কথায় একপায়ে রাজি। ও ভাবছে, দিদিমা সাথে থাকবেন, ওপারে অনেক শিষ্য সাধক আছেন। একবার যেতে পারলে হয়। থাকা খাওয়া কিছুতে কষ্ট হবে না। বরং ক'দিন ঘুরে ঘুরে সব দেখা যাবে। দক্ষিণেশ্বর, কালিঘাট, বেলুরমঠ, তারাপীঠ আরো কত কি। ও হেসে বলল, হ্যাঁ দিদিমা চলুন একবার ঘুরে আসি।

—আচ্ছা চল।

—দিদিমা, তা হলে কবে যাচ্ছি আমরা?

—দেখি, কবে যাওয়া যায়।

—না দিদিমা, দেরি করে লাভ নেই। বরং দু'দিন আগে যেতে পারলে দু'দিন বেশি ঘুরতে পারব, বেশি দেখতে পাব।

সেতো বুঝলাম। কিন্তু উঠল বাই, কটক যাই, তাতো আর হয় না ভাই। আমরা রাস্তাঘাট চিনিনা। পাশপোর্ট নেই। ইচ্ছে হলেই তো আর যেতে পারব না। অন্তত একজন পরিচিত লোকতো চাই। তাছাড়া তোমার বাবা-মাকেও বলতে হবে তো। তাঁরা তোমাকে যেতে দেবেন কিনা, সেটা জানতে হবে তো?

সৌভিক বলল, আপনি চলুন তো, বাবা কখনো নিষেধ করবেন না। বরং উৎসাহ দেবেন। কারণ বাবা নিজেই খুব ভ্রমণ বিলাসী।

কুসুম দেবী বলেন, ঠিক আছে, রনিতার পরীক্ষাটা হোক তারপর ওরা যখন যাকে তখন ওদের সাথে আমরাও যাবখন।

রনিতা! - মানে দালাল?

না না, রনিতা দালাল হবে কেন? রনিতা হল হরকুমারের শালির মেয়ে। তোমার দাদুর প্রিয় শিষ্য হরকুমার। সব রাস্তাঘাট চেনে জানে। বেশ ভাল দালাল। অনেক লোক পারাপার করে। আমি বলে রেখেছি। সে আমাকে কথা দিয়েছে রনিকে নিয়ে যখন যাবে, তখন আমাকেও নিয়ে যাবে।

ঠিক আছে, আমি রনিতার সাথেই যাব। সৌভিক রনিতাকে এতটুকু জানত-এর বেশি কিছু নয়।

সত্যি সত্যিই এক শরতে দুর্গাপুজোর আগে ওরা ভারতে রওনা হল। দালাল নয় সেই শিষ্য হরকুমার।

অবশ্য সেকালের যানবাহন ততটা উন্নত ছিল না। কথা ছিল টেকেরহাট থেকে সকলে একসাথে লঞ্চে উঠবে। হরকুমার সকলের জন্য টিকিট করে রাখবেন।

যথারীতি সকলে টেকেরহাট পৌঁছে গেছেন কিন্তু গুরুমা এখনো আসেননি। সকলকে লঞ্চে তুলে দিয়ে হরকুমার লঞ্চ ঘাটে এদিক ওদিক পায়চারী করছেন। এমন সময় কুসুম দেবী নাতি সৌভিককে নিয়ে উপস্থিত হলেন। হরকুমার যখনই গুরুমাকে দেখতে পেল, আভূমি এক প্রণাম করে। তারপর বলল, আসুন মা। ডেকে নিলেন লঞ্চের ভিতরে। একেবারে সিঁড়ি বেয়ে দোতলায়।

ছোট-বড় মিলিয়ে পাঁচ-ছ'টা ফ্যামিলি সেবারে ওই হরকুমারের যাত্রী। সকলেই চাদর পেতে বসে আছেন। গুরুমাকে দেখার সাথে সাথে সকলে উঠে এসে প্রণাম করলেন। তারপর বসার জন্য একটা চাদর পেতে দিলেন। সকলে বসে।

ঠিক রাত দশটায় লঞ্চ টেকেরহাট ত্যাগ করে খুলনা অভিমুখে যাত্রা শুরু করল। সারারাত লঞ্চে কাটাতে হবে। পরের দিন সকাল ন'টায় খুলনা ঘাট পৌঁছবে। ছোট ছেলে মেয়ের দল ঘুমিয়ে পড়েছে। বড়রা কেউ কেউ নাক ডেকে ঘুমোচ্ছে, কেউ বা বসে গপ্প করছেন।

গুরুমাও গপ্পে মজে পড়েছেন কিন্তু সৌভিক পড়ে গেছে একা। কি করে সে সারারাত কাটাবে লঞ্চের মধ্যে? তার কাছে সকলেই অপরিচিত। কার সাথে কি কথা বলে সময় কাটাবে সে? ওদের দলে সৌভিকের সমবয়সী কাউকে দেখছে না। দিদিমা রনির কথা বলেছিল কিন্তু তেমন মেয়েতো ওর চোখে পরছে না। সকলেই তো বিবাহিতা বুড়ো-বাচ্চা। সবাই বেখাপ্পা-বেমানান। ও কোথায় যাবে?

সৌভিক ঘুরে ঘুরে লঞ্চ দেখতে লাগল। এমন সুগন্ধি এত বড় লঞ্চ তারপর দোতলা। ও দেখেনি কখনও। ও সিঁড়ি বেয়ে বেয়ে একবার ছাদে, একবার নিচে পায়চারী করতে লাগল।

এত বড় লঞ্চ। তার মধ্যে কিনা আছে। জলের কল,

টয়লেট, বাথরুম, কেবিন, কিচেন, হোটেল, রেস্টুরেন্ট, ছোট ফলের দোকান আর মশল্লা মুড়ি, চানাচুর-বাদাম, পান-সিগারেট তো ঘুরে ঘুরে বিক্রি করছে হকার। কিছু অভাব নেই। সৌভিকের প্রয়োজন শুধু একজন পরিচিত লোক।

সৌভিক অনেকক্ষণ ছাদের উপর রেলিং ধরে দাঁড়িয়ে একা একা নদীর ঢেউ দেখছিল আর দেখছিল চাঁদের আলোটা কিভাবে নদী গহ্বরে তলিয়ে থেকেও কি উজ্জ্বল আলো চক্ চক্ করছে।

নদীর মাঝে চাঁদের আলো আর মাছ ধরা জেলেদের ছোট ছোট নৌকোগুলো ঢেউয়ের তালে তালে নাচছে। নৌকোয় ছয়ের মধ্যে বাঁধা টিপ্ টিপ্ করা হ্যারিক্যানের আলোটা এদিক ওদিক দোল খাচ্ছে। আবার কোথায় কোথায় নদীর তীরে শহরগুলির লাইটের আলো জোনাকির মত ঝিক্‌মিক্ করছে।

এতক্ষণ দেখতে বেশ ভালই লাগছিল। এবার যেন জলোচ্ছাসের ভিজে হাওয়ায় শীত-শীত লাগছে। সৌভিক ছাদ থেকে নেমে ভিতরে চলে আসে দিদিমার কাছে।

রনিতা উঠে বসে একটা হাই তুলছে। কোমর পর্যন্ত একটা হাল্কা কম্বলে ঢাকা। পড়নে চুড়িদার, বুকের উপরে একটা ওড়না। হাতে শাখা, মাথায় বিনুনী, সিঁথায় লাল সিঁদুর। কপালে লাল টক্‌টকে বড় একটা সিঁদুরের ফোটা। বেশ উজ্জ্বল, জ্বল জ্বল করছে। ষোড়শী যুবতী। লাভলী কুইন। নিখুঁত ভাস্কর্য্য সর্ব্ব দেহে।

কুসুম দেবী বললেন রনিতা, তুমি অনেক ঘুমিয়েছ, এখন ঠাকুরদাকে একটু ঘুমোতে দাও।

ঠাকুরদা! কে? কোথায়?

দেখবে কি করে। লঞ্চে উঠেইতো ঘুমিয়েছ।

সত্যি দিদিমা, অনেক রাস্তা বাসে করে এসেছিতো একদম ভাল লাগছিল না। মাথাটা কেমন ঝিম ঝিম করছিল। তবে এখন ঠিক আছি। সৌভিককে লক্ষ্য করে দিদিমা বললেন। সৌভিক, যাও ওখানে গিয়ে একটু শুয়ে পড়। সৌভিক বলল, না না, থাক! লজ্জায় রনি সৌভিকের দিকে কিছুক্ষণ তাকিয়ে রইল তারপর বলল, আসুন! সৌভিক রনির দিকে তাকিয়ে একটু হেসেই বলেছিল কথাটা, থাক আর কষ্ট করে লাভ নেই।

আসুন না। বড় কম্বল। কোন কষ্ট হবে না। দিব্যি দুইজন থাকা যাবে। দু'হাতে কম্বলটা ছড়িয়ে দেখাল রনি।

সৌভিক চিরদিনই নারীদের প্রতি একটু দুর্বল বেশি। কেমন যেন দেখলেই ভয় ভয় করে। লজ্জায় কাছেও যেতে পারে না আর কথাও বলতে পারে না। ও বলল, না, থাক।

রনির গায়ে একটা চাঁদরও ছিল। টান দিয়ে চাঁদরটা গায়ের থেকে খুলে সৌভিকের গায়ের ওপর ছুড়ে মারে। শীত লাগছে, নিন ওটা গায়ে দিন।

ওটা কি রনি খুশি হয়ে ছুড়ে দিয়েছিল?

না, তাতো নয়।

ও ভেবেছিল, চিনি না-জানি না, একটা ইয়ং ছেলে কেন আমার কম্বলে, কাছে শুতে দেব? সে মুখটা বাকা করে অপছন্দ ইঙ্গিত করে ঘাড় ঘুড়িয়ে কম্বল মুড়ি দিয়ে শুয়ে পড়ে।

সৌভিক ব্যাপারটা বুঝতে পারল। কিন্তু কি করবে সে? যদি চাদর গায় না দেয় হয়ত সকলেই আবার বিরক্তি করবেন। ও চাদরটা গায়ে দিল.

আসলে হরকুমার দালালের ভারত যাত্রী দলের মধ্যে ওরা দু'জনেই বেখাপ্পা। ইয়ং ছেলে মেয়ে। সৌভিক - উনিশ, রনিতা - সতেরো। স্বামী স্ত্রী হলে মানাত ভাল। দেখলেও তাই মনে হয়। দু'জনেই দু'জনকে এড়িয়ে চলতে চেষ্টা করল।

চাদরটা গায়ে দিয়ে সৌভিক আবার ছাদে গিয়ে বসে বসে জলের ঢেউ, জেলেদের নৌকো আর নদীর তীরে দাঁড়িয়ে থাকা শহরগুলির হরেকরকম ঝলকানো আলোগুলো দেখছিল। মাঝে মাঝে বিপরীত মুখো তেড়ে আসা লঞ্চ এবং ছোটো খাটো দুই একখানা ইস্টিমারও দেখা যাচ্ছিল। সবগুলোতেই যাত্রী বোঝাই করে টেকেরহাটের দিকে যাচ্ছিল ভোর হল। রনির ঘুম ভাঙ্গল।

মানুষের কলরব আরো বেড়ে গেছে। কেউ জানালার পাশে দাঁড়িয়েছে নদীর ঢেউ দেখছে। কেউ এপাশ থেকে ওপাশে পায়চারী করছে আর অনেকে এখনও ঘুমোচ্ছে।

রনিতার জল তরঙ্গ দেখতে খুব ভালো লাগে। আঁড়িয়াল খাঁর মরা গাং ওদের বাড়ি থেকে বেশি দূরে নয়। ও প্রায় প্রতিদিনই ওই গাঙ্গে স্নান করতে যেত। নদীর বুকে অনেকক্ষন দাঁড়িয়ে স্নান করত আর অনন্দে ঢেউয়ের দোলা গায়ে লাগাত।

ও মন স্থির করল যাই, ছাদে গেলে ভাল দেখতে পাব। রনিতা ওঠে ছাদের ওপরে। গিয়ে দাঁড়ায় রেলিং ধরে লঞ্চের ওই ছোট কেবিন ঘরটার পাশে।

পূর্ব্ব গগনে রক্তিম সূর্য তখন ঝিকিমিকি দিয়ে উঠছে। কুয়াশা হাল্কা মেঘের মত উড়ে চলছে। ভোরের সূর্য গায়ে লাগিয়ে জলের দিকে তাকিয়ে বেশ দেখছে রনিতা। জলের মধ্যে রক্তিম সূর্য, নিজের ছবি আর সামান্য জলের ঢেউ। ছবিগুলো কেমন সুন্দর ঢেউয়ের তালে কেপে কেপে নাচছে।

সূর্যের আলোটা যখন আরো উজ্জ্বল হল, তখন জলের মধ্যে ওর পাশে পড়েছে সৌভিকের ছবিটা।

সৌভিক ওখানে বসেছিল, আগে দেখতে পেলে রনিতা ওখানে দাঁড়াতোই না। কিন্তু এখন সরে যাওয়া যায় না। সৌভিক দেখে ফেলেছে। কি মনে করবে ও একটু হেসে বলল, খুব ভাল লাগছে তাই না সৌভিক?

সৌভিক বলল, কি?

ওই যে, জলের মধ্যে সূর্যটা, আমাদের ছবি।

হ্যাঁ, তা লাগছে বৈকি। কিন্তু রাত্রে যদি দেখতে আরো ভাল লাগত। কি করব বল? সকলেইতো বয়স্ক লোক, কার সঙ্গে কি কথা বলব? একা কি জেগে থাকা যায় না ভাল লাগে বল?

—তুমি একা?

—তবে কি, ওই এক মেশোমশায় আর মাসিমা।

—কেন তোমার হাজব্যান্ড?

—সেখানেই তো যাচ্ছি।

—কোথায় সে?

আর বল কেনো? আমরা দুজন ভিন দেশী। ও ইন্ডিয়ান, আমি বাংলাদেশী। ভেরি ইন্টারেস্টিং ব্যাপার। আচ্ছা, এমন কি করে হল? আর বল না। সুন্দরী মেয়ে হওয়া বড় পাপ। কারো চোখে পড়লে আর রক্ষাটি নেই বুঝলে? আমার তো তাই হল।

—যেমন?

হ্যা, ছেলেটি ভাল। স্টেট ব্যাঙ্কের ম্যানেজার। অল্প বয়সে ভাল শিক্ষিত, ভাল চাকুরি, ভাল মাইনে। একবার এখানে ওর কোন আত্মীয় বাড়ি বেড়াতে এসেছিল। আমি মাধ্যমিকের ছাত্রী, সামনে পরীক্ষা। একদিন স্কুল থেকে বাড়ি ফেরার সময় ওর নজরে পরি। খুঁজে খুঁজে এলো আমাদের বাড়ি। একেবারে সরাসরি বাবার কাছে বিয়ের প্রস্তাব দিল।

শুনে বাবা বললেন, তাই হয় নাকি?

ও বলল, কেন?

আমার এটুকু মেয়ে, সামনে পরীক্ষা, কি করে বিয়ে দেব? তারপর একদেশ থেকে আর একদেশে। বাবা নিষেধ করে দিলেন।

কিন্তু নাছুরবান্দা স্নেহাশীষ। ছলে-বলে-কৌশলে যে করেই হোক আমাকে ওর চাই।

একদিন রাস্তায় আমাকে দেখে বলল, দেখ রনিতা, আমি তোমাকে কোন কিছুতেই কষ্ট দেব না। তুমি তোমার বাবকে বুঝিয়ে বল। যদি তোমার বাবা রাজি না হন আমি সিঁদুর পড়িয়ে তোমাকে জোড় করে তুলে নিয়ে যাব।

কি করবেন বাবা।

বিয়ে দিয়েতিলেন?

হু-খোঁজ খবর নিয়ে দেখলেন বাবা, সত্যি-সত্যিই ছেলেটি স্টেট ব্যাঙ্কের ম্যানেজার। নিজের বাড়ি। বাবা আমাকে বিয়ে দিলেন। এমন তাড়াহুড়োর মধ্যে বিয়ে হল সে আর এক ইতিহাস।

কেমন?

বাবু পাশপোর্টে এসেছিলেন, ভিষা শেষ। ওদিকে সামনেই ইয়ার এন্ডিং ব্যাঙ্কের বাৎসরিক হিসাব নিকাশ। আর থাকতে পারবেন না। শীগ্‌গিরই তাকে যেতে হবে।

হল বিয়ে। বাসর ঘরে রইলেন, তারপরের দিনই চললেন। দশ দিনে দশ বরণও হল না। কথা থাকল পরীক্ষার পরে আমি যাব। রেজাল্ট রেরুলে বাবা পাঠিয়ে দেবেন। পরের পড়াশুনা হবে ওখানে। এখন সেখানে যাচ্ছি। কেমন বিয়ে হল বুঝলে?

সৌভিক বলল, সত্যি এক ইতিহাস।

বলি কি , স্বামী বলতে একদিন দেখা। কি আছে ভাগ্যে কি জানি। এখন কি চিনবে-না চিনবে কে জানে। যাচ্ছিতো একা। এমন বিয়ে না হলেই ভাল হত। কি বয়সে উশৃঙ্খলার শৃঙ্খল।

খুলনা ঘাট দেখা যাচ্ছে। বড় লঞ্চ একেবারে দৌঁড়ে চলছে। আর একটু পড়ে খুলনা লঞ্চ ঘাট।

লোকজন সব নিজের মাল-সামান গুটিয়ে লঞ্চ থেকে নামবার জন্য প্রস্তুতি নিচ্ছে। রনিতা সৌভিকও নিচে নেমে এসেছে তাঁদের যাত্রী দলের কাছে। আর কিছু ওদের বলা হল না।

রনিতা কথা বলতে বলতে অন্যমনস্ক ছিল। সৌভিক শুধু বলেছিল রনিতা, চল ভিতরে যাই, নামতে হবে তো। ব্যাস এই পর্যন্ত।

লঞ্চ থেকে নামলেন কদমতলা ক্যাম্পের কিছুটা আগে।

দালাল হরকুমারের বেশ নাম আছে। গোপন পথে সকল রাস্তাই তার চেনা জানা। শুনামের সহিত দীর্ঘদিন তার কারবার। অনেক লোক একসঙ্গে পারাপার করেন। তবে হাটতে হয় একটু বেশি। এখন হাঁটার পালা। একগাদা লোক সাতাশ জন। একপাল মেষের মত তাড়িয়ে নিয়ে চললেন দালাল - হরকুমার।

বি.এস.এফ-এর নতুন অফিসার এসেছেন মোঃ রফিকুল ইসলাম। ভীষণ করা মেজাজের। নির্দেশ আছে, সীমানা পেরিয়ে কোন পিঁপড়ে গলতে পারবেনা।

কয়দিন খুব কড়াকড়ি চলছে। রাস্তাঘাট শুনশান। কোন দালাল রাস্তায় নেই। লোক পারাপার বন্ধ। যা দু'-একখানা বি.এস.এফ-এর গাড়ি এবং বি.এস.এফ রাস্তায় ছুটছুটি করছেন।

হরকুমার দালাল ধরা পরেন। বি.এস.এফ-এর লোক তাকে নিয়ে গেলেন ওই কদমতলা ক্যাম্পে।

ওর দল বসে রইল কে বাগানের গাছতলায়।

অনেক টাকা পয়সা দিয়ে হরকুমার ওখানে রেহাই পেলেও খবরটা ছড়াতে সময় নিল না। ছুটে আসতে লাগলেন স্থানীয় ব্লাক ব্রকারের দল। ছুটে আসেন নাভারন। পেট্রপোলের বি.এস.এফ কর্তারা।

ঘিরে ধরেন হরকুমারের পুরো দল। সকলের নজর রনিতা আর সৌভিকের দিকে। সকলে মনে করেন ওরা স্বামী-স্ত্রী।

রনিতার লোভ কেউ সম্বরণ করতে পারছেন না। ঘিরে ধরেন সৌভিককে।

যে যেভাবে পারছেন সৌভিককে খিস্তি খামারী দিচ্ছেন। হরেক রকম প্রশ্ন কিন্তু সকলের মনভাব এক। লক্ষ রনিতা। কি করে বাগাবেন।

এক ব্রকার বন্ধু সৌভিককে ডেকে বললেন, ভাই যদি বাঁচতে হয় ওয়াইফকে নিয়ে আমার বাড়ী চল। রাস্তা শিথিল হোক তারপর যেও। এই বিপদের মধ্যে স্ত্রীকে তো ছিনিয়ে নেবে দালালরা।

সৌভিক রাজি হল, আপাতত বাঁচি তারপর যা হয় হোক।

কিন্তু পরক্ষণেই এমন সব উপকারী বন্ধুদের আর অভাব হল না তার। কেউ কেউ ডেকে রনিতাকে এমন প্রস্তাব দিতে লাগলেন। শিক্ষিত ছেলে সৌভিক। এমন পথে আসেনি কখনও। ও ব্যাপারটা আঁচ করতে পাড়ল। ভয় হল, এখন কি করবে ভাবতে লাগলো!

এমন লাবণ্য প্রতীমরূপ যৌবন কেউ সহ্য করতে পারছে না। ও যাবে ওর স্বামীর কাছে। ওকে বাঁচান দরকার। রাস্তায় কোন বিপদ হলে ওর স্বামীর কাছে অভাগী কোনদিন স্থান পাবে না। কি করা যায়। রনিতাকে নিয়ে খুব ভাবতে থাকে সৌভিক।

হরকুমার, কিছুই করতে পারলেন না। টাকা পয়সা দিয়েও কোন লাভ হলনা।

বি.এস.এফের লোক, সকলকে তুললো একটা বাসে। নিয়ে নামালো নাভারন। আর কি, শুরু হল হরকুমারকে রাম ধোলাই। কোন পুরুষকেই বাদ দিচ্ছে না।

ওরা খুব করে শাসাচ্ছে, সত্যি করে বল, সৌভিক তোমাদের দালাল? সৌভিককে নিয়ে ঢোকালো এক ঘরে, রনিকে নিয়ে আর এক ঘরে। শুরু হল বাক-বিতন্ডা, ধমকানি, জেরার পরে জেরা।

পেট্রোপোলে ফোন করা হয়েছে অফিসারকে। তিনি এসে গেলেই সকলের ভাগ্যে লক আপ ছাড়া আর কিছু নেই। কয়দিন থাকতে হবে কে জানে?

দিদিমা কুসুম দেবী বুড়ো মানুষ, ভীষণ কান্নায় ভেঙ্গে পড়েছেন। আমি সৌভিককে কেন এনেছিলাম। গাড়ি থেকে অফিসার নেমেই সকলকে জিজ্ঞেস করলেন তোমাদের দালাল কে?

এক বি.এস.এফ বললেন, স্যার, ওই ঘরের মধ্যে আঙ্গুল উচিয়ে দেখালেন সৌভিকের ঘরটা।

ওকে নিয়ে আসার ইঙ্গিত করে অফিসার গিয়ে ঢুকলেন অফিসে। রনি তখন অফিসে বসে কাঁদছে। অফিসার জিজ্ঞেস করলেন রনিকে দেখিয়ে, কে?

একজন উত্তর করলেন স্যার ওই দলের লোক। অফিসার রফিকুল ইসলাম সাতাশ-আঠাশের ছোকড়া। লম্বা চওড়া চেহারা। সবে নতুন চাকরি প্রথম পোস্টিং। সাহেব বিয়ে থা করেননি এখনও। ভীষণ কড়া মেজাজী।

চেয়ারে বসতে বসতেই যেন তাঁর রাগ কোথায় চলে গেছে। রনিতার রূপে মুগ্ধ হয়েই তিনি সান্ত্বনার সুরে বললেন, বোকা মেয়ে, কাঁদছো কেন? ভয় কি?

মনে মনে লোভ হল, মেয়েটি যদি রাখতে পারি বেশ ভালই হবে।

সৌভিককে নিয়ে আসা হল ওই অফিস ঘরে। ঢুকতেই অফিসার প্রশ্ন করেন, তুমি দালাল?

সৌভিক বলল, না স্যার। ধমকি দিয়ে বলছেন অফিসার, আবার মিথ্যে বলছ। জান তোমার শাস্তি কি হতে পারে? তুমি শুধু দালাল নও, একজন পাক্কা নারী পাচারকারির পান্ডা। তোমার হবে যাবৎ জীবন জেল, আর ওই মেয়ে হবে বাজারের ভোগ্য পণ্য।

রনিতা বলল, স্যার।

শ্যাটাপ; কেন এসেছ এমন করে?

আবার যখন নারী পাচারকারি ধমকী দিলেন, সৌভিক বলল, না স্যার আমি নারী পাচারকারি নই। ও আমার স্ত্রী। রনিতা তাকাল সৌভিকের দিকে। অফিসার বললেন তোমার স্ত্রী? হ্যা স্যার। রনিতাকে লক্ষ্য করে জিজ্ঞেস করেন অফিসার, সত্যি করে বলত, উনি তোমার স্বামী? হ্যাঁ, স্যার, সৌভিক আমার স্বামী।

অফিসার জানতেন নারীরা সহজে কোন পরপুরুষকে স্বামী বলে স্বীকার করতে পারেন না। সদ্য বিবাহিতা রনিতাও মিথ্যা বলেনি। তিনি বললেন, তোমাদের দালাল কোথায়?

স্যার, পালিয়েছে।

পালিয়েছে!

হ্যাঁ, স্যার।

আচ্ছা, তোমারা স্বামী-স্ত্রী, তার কোন প্রমাণ আছে?

কি বলবেন ওরা।

রনিতা বুঝতে পেরেছিল তাকে বাঁচতে হলে এছাড়া আর কোন পথ ছিলনা। ও আবার বলল, স্যার, একজন বিবাহিতা মহিলা কখনও কোন অন্য পুরুষকে স্বামী বলতে পারেনা। আমিও বলিনি। তা ছাড়া আমাদের সাথে যারা আছেন তাঁরা সকলেই জানেন। জিজ্ঞেস করে দেখুন। অফিসার নরম হলেন। তিনি বললেন, তোমরা এভাবে এসেছ কেন? সে নিজেও ইয়ং ছেলে, একটা নব দম্পতির মধ্যে বিচ্ছেদ ঘটাতে পারে না।

সৌভিকেরও রনিতার প্রতি ভয়টা কেটে গেল। সে পাক্কা

স্বামীর ভূমিকা নিয়েই অফিসারের সঙ্গে বাঁচার উপায় খুজতে আলোচনা শুরু করলেন এখন কি করা যায়।

অফিসার চিন্তিত হলেন, কি করবেন তিনি।

অনেক আলোচনার পরে অফিসার বললেন, দেখ তোমাদের ছেড়ে দিতে পারি কিন্তু তোমাদের ফিরে দেশে যেতে হবে। ওপারে কেউ যেতে পারবে না। আর নারী পুরুষ সকলকে সার্চ করে যা পাওয়া যাবে সব কিছু রেখে দেয়া হবে।

সৌভিক জানত এটাই ওদের ব্যবসা। তবুও সে অনুরোধ করে বলল, স্যার, প্রেম করে আমরা বিয়ে করেছি, দেশে ফিরব কি করে? আর ওরা খুব গরীব, দেশে খুব অভাব, ফিরে গিয়ে খাবে কি? স্যার আপনি সব কিছু রেখে দিন, দয়া করে আমাদেরকে যেতে দিন। সামান্য পয়সা হলেই আমরা ওপারে চলে যাব।

অফিসার রেগে ওঠেন। দেখ ভাই, তা হবে না। যদি দেশে ফিরে না যাও এখনই লক আপে পাঠিয়ে দেব।

কি করবে সৌভিক; শেষ পর্যন্ত দেশে ফিরতেই রাজি হল। বি.এস.এফ-এর লোকেরা ফাঁকা একটা ঘরে একজন একজন করে ঢুকিয়ে সার্চিং করতে লাগলেন।

রনিতাকে লক্ষ্য করে সৌভিক অফিসারকে বললেন, স্যার ওকে কি ওই কোঠায় না ঢুকলেই নয়?

ইচ্ছাকৃত সব তোমরা দেবে বল?

সৌভিক বলল রনিতা, তোমার কাছে যা কিছু আছে সব কিছু সাহেবের সামনে টেবিলে রেখে দাও।

রনিতা বলল, আমি কিচ্ছু লুকোব না, সে গায়ের সামান্য সোনার অলঙ্কার খুলে সাহেবের সামনে ওই টেবিলের উপরে রেখে দিল।

অফিসার বললেন আর কিছু নেই।

স্যার সামান্য কিছু টাকা আছে। দাও এখানে। রনিতা টাকাগুলোও টেবিলে দিল। আর কিছু? না স্যার। সার্চিং করব কিন্তু পেলে আর রক্ষাটি নেই। করুন স্যার। সৌভিক বলল, থাকেতো দিয়ে দাও। তুমি বিশ্বাস কর, আমার তোমার জীবনের চেয়ে কি ওই সামান্য সোনার অলঙ্কারের মূল্য বেশি? থাকলে আমি নিশ্চয়ই দিতাম।

অফিসারের মায়া হল। তিনি রনিতার গায়ে হাত দিলেন না কিন্তু সৌভিককে তন্ন তন্ন করে খুঁজলেন, কিছুই পেলেন না। পাবেন কি করে। সে যে মুক্তি পাওয়ার জন্য আগেই সব খুইয়ে বসেছেন। তা নিজস্ব কয়েক হাজার টাকা। এখন সে নিঃস্ব।

অবশেষে ওদেরকে দেশে যাবার জন্য সামান্য কিছু টাকা সৌভিকের হাতে দিয়ে অফিসার বললেন, সকলকে নিয়ে দেশে যাও। শিক্ষা হয়ত গোপন পথে আর কখনও এসো না।

সৌভিক রনিকে নিয়ে বাইরে এলো।

ঘর থেকে বাইরে এসে রনি বলল, একটু দাড়াবে? কেন? রনি সৌভিককে একটা প্রণাম করে বলল, স্ত্রীর মান রাখলে, ভুলে যেও না আজ থেকে সৌভিক লজ্জায় আর কোন কথাই বলেনি তখন। সকলে একত্রিত হল। এখন কি করবেন ওরা। কারো কাছে কিচ্ছু নেই। সব কিছুই হাতিয়ে রেখে দিয়েছে ওরা।

হরকুমারের অবস্থা শঙ্কাজনক। ডাক্তার না দেখালেই নয়। ওদিকে সামান্য পয়সা যা আছে সৌভিকের হাতে। কিন্তু তা দিয়ে সকলে মিলে দেশেও আসতে পারছেনা। কি দিযে ডাক্তার দেখাবে। রনি মেশোমশাই হরকুমারের উপর প্রচন্ড ক্ষেপে গিয়েছে। সে বলে উনি মোরুক গিয়ে। কাউকে দেখার দরকার নেই। সৌভিক, তুমি দিদিমাকে নিয়ে চলতো, আমরা একদিকে যাই।

সৌভিক বলল, রনি রাগ করছ কেন? মাথা ঠান্ডা কর। এই অবস্থায় মেশোকে ফেলে যেতে পারি ? রনি আরো ক্ষেপে উঠল। যা মুখে এল তাই বলতে লাগল।

দেখ রনি, ব্লাকের রাস্তাটাই এমন। কখনও ভাল কখনও মন্দ। যেকোন সময় হোঁচট খেতে পারে। মেশোকে দোষ দিচ্ছো কেন? উনি তো ভালোভাবেই নিতে চেয়েছিলেন। কিন্তু আমাদের ভাগ্যে ছিল না। রনি কেঁদে ফেলে, তুমি না থাকলে আমার যে, কি হত তা এক ঈশ্বরই জানেন। কেঁদো না রনি, কেঁদো না। ভয় কি আমি তো আছি। সৌভিক বোরোয় একটা নিরাপদ আশ্রয়ের সন্ধানে। কাউকে ফেলে যাওয়া যাবে না। ওদিকে টাকা কম। শেষ পর্যন্ত কালি বাবুর বাড়িতে আশ্রয় নিল ক'দিন থাকার জন্য। ওই সামান্য পয়সায় সকলের খাওয়া দাওয়া, হরকুমারের জন্য পথ্য, ডাক্তারের টাকা-ঔষধ। ভীষণ কষ্ট হতে লাগল সৌভিকের। হাইটেনশন এবং না খেয়ে খেয়ে ছেলেটার ডিসেন্ট্রি দেখা দিল। এখন উপায় কি?

একদিন রনিতা বলল, চল ডাক্তারের কাছে যাই। সৌভিক বলল, কি করে যাব বল, টাকা কোথায়? রনিতা সৌভিককে চোখে চোখে রাখে, স্বামীর মত যত্ন করে। একখানা রুটি হলেও দু'জনে ভাগ করে খায়। ওকে না দিয়ে কিছু খেতেই পারেনা সে। রনিতা বলল, সে চিন্তা তোমাকে করতে হবে না। আমার কাছে যা আছে তা ঢেড় চলে যাবে ক্ষণ।

—কি আছে তোমার কাছে?

—দাঁড়াও দেখাচ্ছি।

রনিতা গেল বাথরুমে ফিরে এসে সৌভিকের সামনে বের করে দিল অনেকগুলো একশো টাকার নোট। আর কিছু সোনা। বিশ্বাস করতে পারছিলেনা তাই তো?

সত্যি তাই, ওরা তো সব রেখে দিলেন। কোথায় রেখে ছিলে? ক্রমশ....

# গরিবের বন্ধু

**নাম - রিয়া সাহা, শ্রেণী - অষ্টম,**
**স্কুল - পূর্ব বারাসাত আদর্শ বিদ্যাপীঠ।**

দুই বান্ধবী ছিল তাদের নাম সীমা ও রীনা। তারা কখনও কেউ কাউকে ছাড়া থাকতে পারতো না। রীনা ছিল খুব বড়লোক এবং সীমা ছিল অত্যন্ত গরিব। তাই রীনা সীমাকে অর্থের দিক দিয়েও যেমন সাহায্য করত অন্যান্য দিক দিয়েও তেমন সাহায্য করত। তারা থাকত রানীগঞ্জে। কখনও সীমা রীনার বাড়ি গিয়ে খেলত, আবার কখনও রীনা সীমার বাড়ি গিয়ে খেলত। শুধু রীনাই সীমাকে সাহায্য করত না সীমাও অর্থ দিয়ে রীনাকে সাহায্য করতে না পারলেও অন্যান্য দিক দিয়ে সাহায্য করত। একদিন রীনার বাবা ঠিক করল যে রীনাকে হোস্টেলে রেখে পড়াবে। সেটা শুনে রীনার মনে খুব কষ্ট হল। কারণ হোস্টেলে গেলে রীনাকে সীমার থেকে দূরে চলে যেতে হবে। তারা দু'জনে পড়ত দশম শ্রেণীতে। রীনা একদিন সীমাকে বলল তুইও আমার সাথে হোস্টেলে চল সেখানে থেকে আমরা দুইজন একসঙ্গে পড়াশুনা করব। কিন্তু সীমা বলল তুই তো জানিস আমাদের আর্থিক অবস্থা যা তাতে আমার হোস্টেলে থেকে পড়া সম্ভব হবে না। রীনা বলল টাকার ব্যাপার নিয়ে তোর ভাবতে হবে না। তুই শুধু তোর বাড়ির লোককে রাজি করা। রীনা তখন ওর বাবাকে গিয়ে বলে, বাবা তোমার সাথে আমার কিছু কথা আছে। তখন রীনার বাবা বলল কি কথা আছে বল। রীনা বলল যে তুমি তো আমাকে হোস্টেলে পাঠিয়ে দিচ্ছ কিন্তু আমি তো সীমাকে ছাড়া সেখানে গিয়ে থাকতে পারব না। তখন রীনার বাবা বলল বেশ তো তুই রীনাকেও তোর সঙ্গে নিয়ে যা, তোরা দুইজনই হোস্টেলে থেকে পড়াশুনা করবি। রীনা বলল তুমি তো জানো বাবা সীমাদের আর্থিক অবস্থা খুব ভাল নয়, ওর মা, বাবা তো ওকে হেস্টোলে রেখে পড়াতে পারবে না। তখন রীনার বাবা বলল, তুই টাকার ব্যাপার নিয়ে ভাবছিস কেন। টাকা আমি দেব। তুই শুধু সীমাকে ওর বাড়ির লোককে রাজি করাতে বল। তারপর দুইজনের বাড়ির লোকই রাজি হয়ে গেল, তাদেরকে হোস্টেলে রেখে পড়ানোর জন্য। তারপর তারা কলকাতা চলে গেল পড়ার জন্য। সেখানে গিয়ে তারা একই ঘরে থাকত, একই সাথে স্কুলে যেত, খেত, ঘুমাত। দুজনেই খুব ভালোভাবে পড়াশুনা করতে লাগল। কিন্তু সীমা রীনার থেকে পড়াশুনায় বেশি ভালো ছিল। একদিন স্কুল থেকে ফিরে সীমা দেখল হোস্টেলের ঘরে একটা চিঠি পড়ে আছে। তখন সীমা সেই চিঠিটা পড়ে দেখল, তাতে লেখা আছে সীমাকে এর মধ্যই গ্রামের বাড়িতে যেতে হবে। সীমা তখন রীনাকে বলল আমাকে এর মধ্যই গ্রামের বাড়িতে যেতে হবে। রীনা সীমাকে বলল, তাহলে আমিও তোর সাথে গ্রামের বাড়িতে যাব। সীমা বলল তুই বরং এখানে থাক পড়াশুনা কর আর আমি যখন এখনে আসব তখন তুই আমাকে স্কুলে যা যা পড়িয়েছে তাই দিয়ে সাহায্য করবি। রীনা বলল ঠিক আছে তুই বরং ওখান থেকে ঘুরেই আয়, আর আমার মা, বাবা কেমন আছে একটু জেনেও আসবি। তারপর সীমা সেই দিনের ট্রেন ধরেই রানীগঞ্জে রওনা হল। সীমা যাবার পর রীনার মনটাও কয়েকদিন ধরে ভাল নেই। রীনা যাই করেনা কেন শুধু সীমার কথা মনে পড়ে। এক দিন যায়, দুই দিন যায় এইভাবে পনোরো দিন হয়ে গেল কিন্তু সীমা এখনো হোস্টেলে ফিরে আসে না। তখন রীনা ওদের বাড়িতে ওর বাবার কাছে ফোন করল, তখন রীনার বাবা বলল সীমার বাবা মারা গেছে তাই সীমা আর হোস্টেলে থেকে পড়তে চায় না। আর বলল তুই বরং সীমাকে এখানে এসে বোঝা আর হোস্টেলে নিয়ে যা। রীনা সেইদিন রাতের ট্রেন ধরে রানীগঞ্জে এসে পৌঁছাল। তারপর দিন সকাল বেলায় সীমাদের বাড়িতে আসল এবং সীমাকে অনেক বোঝাল যে তুই আমার সাথে হোস্টেলে চল আর আগের মতোই সেখানে থেকে পড়াশুনা করবি। কিন্তু সীমা রাজি হল না। শেষ পর্যন্ত রীনা কাঁদতে কাঁদতে বাড়ি চলে গেল। সেই দিনই রীনা আবার হোস্টেলে চলে গেল। একদিন হঠাৎ সীমা রীনার বাবার কাছে এসে বলল যে কাকাবাবু আপনি আমায় একটা কাজ দেবেন, আমাদের এখন খুবই অভাব। রীনার বাবা বলল তুমি কাজ করে কি করবে বরং তোমার মা আমাদের বাড়িতে থাকুক, আর তুমি আগের মতো রীনার সাথে হোস্টেলে থেকে পড়াশুনা কর। সীমা বলল না কাকাবাবু সেটা হলে তো আমি আগেই রীনার সাথে হোস্টেলে চলে যেতাম। কিন্তু আমি আর কারো দয়ায় বাঁচতে চাই না। তারপর সীমা রীনার বাড়ি থেকে চলে আসল। তারপর সীমা দুটো বাড়িতে বাসন মাজার কাজ পেল। সেই করে সীমা মাত্র তিনশো টাকা পায়। আর সীমার মা বাড়িতে সেলাই করে কিছু টাকা রোজগার করে। কিন্তু তাতেও তাদের সংসার চলে না। সীমার মা অসুস্থ, বেশি কাজ করতে পারে না। তাই সীমা বাজারে ফুল বিক্রি করে কিছু টাকা পয়সা রোজগার করে। তারপর সেই টাকা দিয়ে সীমা পড়াশুনা করে। এই অভাবের মধ্যে দিয়েও সীমা পড়াশুনা করে পরীক্ষায় প্রথম স্থান অধিকার করল। এইভাবে পড়ে সীমা একদিন বড় ডাক্তার হয়ে উঠল। তার নাম জায়গায় জায়গায় ছড়িয়ে পড়ল। সে অনেক গরিব মানুষের বিনাপয়সায় চিকিৎসা করত। তখন সীমা একটা সুন্দর বাড়ি করল। তারপর সীমা তার মাকে সেই বাড়িতে নিয়ে গেল এবং সুখে বসবাস করতে থাকে।

# চন্দ্রযান - ১

**রবীন মণ্ডল (অন্বেষণের আশ্রমবাসী ছাত্র)**

পৃথিবীর উপগ্রহ চাঁদ তা আমরা সকলেই জানি। কিন্তু এর উৎপত্তিস্থল কোথায় হতে পারে বা কিভাবে এর এরূপ এক অসাধারণ আকৃতিতে পরিণত হল তা জীবজগতের কাছে আজকেও অজানা। তাকে জানার জন্য জীবজগৎ যে অসাধ্য সাধন করতে পারে তারই অনুরুপ ২০০৮ সালের "চন্দ্রযান-১" যা দীর্ঘদিনের আশা আকাঙ্খা ও দীর্ঘ গবেষণার পরিশ্রম ২২ অক্টোবর ভোর ৬টা ২০মিনিটে, পি এস এল ভি -১১ রকেট চড়ে "চন্দ্রযান-১" মহাকাশে পৌঁছে গেল আর পূর্ণ সফলতা লাভ করল। সঙ্গে পৌঁছল ভারতের গর্ব ও খ্যাতি। কিন্তু এর এখানেই শেষ না। পূর্ণ স্বাধীন দেশ হিসাবে ভারত আজ সগর্বে বলতে পারে যে তাদের দেশকে পৃথিবী একদিন বিজ্ঞানজগতে সর্বশ্রেষ্ঠ আসনে প্রতিষ্ঠিত করবে। ভারত দেশটি অর্থনীতিতে কমতি হতে পারে কিন্তু আজকে প্রমাণ করল, আমেরিকা, রাশিয়া, ফ্রান্সকেও যে তাদের আগ্রহ সম্পূর্ণ অসাধ্য সাধন এককর্মে নিযুক্ত। শুধু তাই না, চন্দ্রযানের বিভিন্ন যন্ত্রের সঙ্গে জড়িয়ে আছে বাঙালি বিজ্ঞানীরাও। এছাড়া ইসকো এবং সহায়ক সংস্থার প্রায় আড়াই হাজার বিজ্ঞানী এই বিশাল কর্মকান্ডে জড়িয়ে। এপর্যন্ত তেরোটি ভারতীয় উপগ্রহসহ মোট উনত্রিশটি উপগ্রহকে মহাকাশে নিয়ে গিয়েছে পি এস এল ভি। "চন্দ্রযান-১" এর ওজন ছিল ১৩৮০ কিলোগ্রাম।

পৃথিবীর ওই উপগ্রহটির জন্ম কিভাবে? একটা অনুমান এই গ্রহের বুকে মঙ্গল-এর আকারের কোনো বস্তুর আঘাতে। সেই বস্তুটি কী? জন্ম বাদ দিলে পৃথিবী আর চাঁদের ইতিহাসে অনেক মিল। পৃথিবীর অতীত জানতে তাই চাঁদের ত্বকের গঠন জানা ভীষণ জরুরি। মহাশূন্যে আবর্তনকালে "চন্দ্রযান-১" এ বসানো নানা যন্ত্র তথ্য সংগ্রহ করবে উপগ্রহটির উপরিস্তরের রাসায়নিক উপাদান বিষয়ে। সঙ্গে নিয়েছিল আমেরিকা, সুইডেন, জার্মানি এবং বুলগেরিয়ার পাঁচটি অনুসন্ধানী যন্ত্র। অন্যতম লক্ষ চাঁদের মাটিতে উপস্থিত খনিজ পদার্থের তত্বাতালাশ। কতটা পরিমানে রেডন, ইউরোনিয়াম বা থোরিয়াম জমা আছে? ওসব পরমাণু বিদ্যুৎ উৎপাদনে সাহায্য করতে পারে। চাঁদে আছে কতটা সেই বিশেষ জাতের হিলিয়াম, যা চালু রাখতে পারে ফিউশন চুল্লি? ইসকোর বিজ্ঞানীদের ধারণা চাঁদে আছে ২০-৩০ লক্ষ টন সেই হিলিয়াম যা দিয়ে পৃথিবীর আগামী ৮,০০০ বছরের বিদ্যুৎ চাহিদা মেটাতে পারে। ১৪ বা ১৫ নভেম্বর, "মুন ইম্প্যাক্ট প্রোব" মূল চন্দ্রযান-১ থেকে ছিটকে গিয়ে ২৪ মিনিট পর আছড়ে পড়বে চাঁদের বুকে। এম আই পি-র দুপিঠে ছিল ভারতের তেরঙ্গা, অশোকস্তম্ভ এবং ইসকো প্রতীক। আর এক পিঠে ছিল সংস্কৃত শ্লোক। ভারতের এই যন্ত্রটির ওজন ৩৫ কেজি এবং আয়তনেও ৩৭৫ মিমি ৩৭৫ মিমি ৪৭০ মিমি। এই যন্ত্রটি গতি সম্পন্ন যার সেকেন্ডে গতিবেগ ১.৬ কিমি। যানটি এত গতি সম্পন্ন যে চন্দ্রযান থেকে আলাদা হয় রাত ৮টা ৭ মিনিটে চাঁদের দক্ষিণ মেরুতে নামে রাত ৮ টা ৩২ মিনিটে। কাছাকাছি এসে গতি কমাতে উল্টোমুখী রকেট চালু করে।

দীর্ঘ গবেষণার পর কিসের উদ্দেশ্যে গিয়েছিল সেই অনন্ত পথে চাঁদে যান অবতরনে প্রয়োজনীয় প্রযুক্তি জ্ঞান। চাঁদের আবহাওয়া ও মাটির ছবি তোলা। ভারতের পতাকা চাঁদে পৌঁছে দেওয়া এম আই পি তে ছিল দীর্ঘ গবেষণার উন্নত প্রযুক্তির যন্ত্র "রেডার আল্টিমিটার" ক্রমাগত চাঁদ থেকে এম আই পি-র দূরত্ব মেপেছে। "মাস স্পেকটোমিটার" যন্ত্রটি যেখানে পড়েছিল সেখানকার ভর মেপেছে।

"অল্টি চিউভিন্যাল কম্পোজিশন এক্সপ্লোরার" চাঁদের আবহাওয়া বিশ্লেষণ করেছিল। কিন্তু দুর্ভাগ্যবশত নাসার বিজ্ঞানীদের সঙ্গে "চন্দ্রযান-১" -এর যান্ত্রিক গোলযোগের জন্য যোগাযোগ বিচ্ছিন্ন হয়। তা সত্বেও তাঁরা নিরাশ হয়ে পড়েননি। যতাসাধ্য চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

---

# ভূতের নাচ

**সন্তু দাস (সপ্তম শ্রেণী)**

ঘুটঘুট্টি অন্ধকারে
রোজ রাত্রিবেলা
ভূতেরা সব শ্মশানঘাটে
করতে আসে খেলা।

কেউ বা শুধু হাত-পা নাড়ে
লাফায় জোরে কেউ,
বুড়ো ভূতের গাঁট্টা খেয়ে
কেউ কাঁদে ভেউ ভেউ!

# রক্তদান—একটি মহৎ কাজ

● ডা. দীপক কুণ্ডু

## রক্ত

দেহের এক অপরিহার্য তরল পদার্থ। এ যেমন নিজেকে বাঁচায় আবার অন্যকে বাঁচাতে সাহায্য করে। রক্তের বিকল্প নেই। এ কারখানায় তৈরি করা যায় না। এর মধ্যে এমন কিছু বিশেষ গুণসম্পন্ন পদার্থ আছে যা কৃত্তিম উপায়ে জোগান দেওয়া সম্ভব নয়। মানুষ মানুষের জন্য—কথাটি রক্তের ক্ষেত্রে বিশেষ করে প্রযোজ্য।

## সংক্ষিপ্ত ইতিহাস

১৯০১ সালে কার্ল লানস্টেইনার সর্বপ্রথমে মানুষের রক্তের এ, বি, ও-গ্রুপ আবিষ্কার করেন। সময়ে-অসময়ে বা হঠাৎ প্রয়োজনে কী করে রক্তের জোগান ঠিক রাখা যায়, সেদিকে চিন্তা করে ১৯৩৯ সালে ব্লাড ব্যাঙ্ক তৈরি হয় শিকাগো শহরের কুক কমিউনিটি হাসপাতালে।

ভারতে ডা. ইউ.এন. ব্রহ্মচারীর তত্ত্বাবধানে কলকাতা মেডিকেল কলেজে সর্বপ্রথম ব্লাড ব্যাঙ্ক প্রতিষ্ঠিত হয়। পরে স্কুল অব ট্রপিক্যাল মেডিসিনে রেডক্রস ব্লাড ব্যাঙ্ক নামে পরিচিতি লাভ করে।

১৯৪৫ সালে যুদ্ধের অব্যবহিত পরে ব্রিটিশ সরকার, ভারত সরকার ও রেডক্রশ সোসাইটির সহায়তায় ইনস্টিটিউট অব্ হাইজিন এবং হেলথ্-এ একটি ব্লাড ব্যাঙ্ক প্রতিষ্ঠিত হয়।

১৯৪৬ সালে পন্ডিত জওহরলাল নেহেরু, ডা. বিধানচন্দ্র রায়ের বড়িতে রক্তদান করেন এবং এক উদাহরণ তৈরি করেন সর্বসাধারণের কাছে।

বর্তমান কলকাতা মেডিকেল কলেজে ইনস্টিটিউট অব ব্লাড ট্রান্সফিউসন মেডিসিন এবং ইমিউনো-হিমাটোলোজি, সেন্ট্রাল ব্লাড ব্যাঙ্কের নতুন নামকরণ। পশ্চিমবঙ্গের স্টুডেন্টস্ হেলথ হোমের উদ্যোগে ১৯৬২ সাল থেকে স্বেচ্ছায় রক্তদান প্রকল্প কলকাতাতে শুরু হয়।

১৯৮০ সালের ২০ জানুয়ারী তৈরি হয় অ্যাসোসিয়েশন অব ভলান্টারি ব্লাড ডোনেশন সংগঠন। এরপরে ওয়েস্ট বেঙ্গল ভলান্টারি ব্লাড ডোনারস্ ফোরাম তৈরি হয়।

## রক্তের চাহিদা

প্রায় ১২০ কোটি মানুষের দেশ এই ভারতবর্ষ। প্রায় ৮০-১০০ লক্ষ ইউনিট রক্তের প্রয়োজন হয় বছরে। স্বেচ্ছায় রক্তদান থেকে আমরা পাই মাত্র এক তৃতীয়াংশ। সারা ভারতে প্রায় ১৫০০-র মতো ব্লাড ব্যাঙ্ক আছে এর মধ্যে প্রায় ৬০০-র মতো লাইসেন্সবিহীন।

● **বছরে কোন সময়ে রক্তদান বেশি হয়?**

সাধারণত আগস্ট মাসে। এই মাসে রক্ত উদ্বৃত্ত হয়।

● **কোন সময়ে কম হয়?**

সেপ্টেম্বর থেকে ডিসেম্বর এবং গরমকালে। গড়ে ৬০ হাজার ইউনিট।

## বিশেষ ব্যবস্থা

পূজোর সময় পূজো উদ্যোক্তাদের রক্তদানের ব্যবস্থা করতে উৎসাহ দান এবং বিশেষ বিশেষ অনুষ্ঠানের দিন বেছে নেওয়া। পুরস্কার প্রদানের ব্যবস্থা করা।

● **কাদের রক্তের প্রয়োজন ?**

জরুরী—অ্যাক্সিডেন্ট, এমারজেন্সি অপারেশন, যুদ্ধক্ষেত্রে আহত, প্লান্ড অপারেশন—রক্তাল্পতা ভোগা রোগীদের ক্ষেত্রে, হার্ট, লাংস, লিভার এবং অন্য বড় অপারেশনের ক্ষেত্রে।

সারা বছর রক্ত লাগে—থ্যালাসেমিয়া রোগী, হিমোফিলিয়া রোগী, ব্লাড ক্যান্সার রোগী এবং অন্যান্য ক্যান্সারে আক্রান্ত রোগীদের।

● **রক্তদানে কি শরীরের কোন ক্ষতি হয়?**

(ক) রক্তদানে শরীরের কোন ক্ষতি হয় না এবং কোনো ভয় নেই। যে পরিমাণ রক্তদান করা হয় তাও দেহের প্রয়োজনের অতিরিক্ত।

(খ) একজন পূর্ণবয়স্ক পুরুষের দেহে রক্তের পরিমাণ ৭৫ মিলি/কেজি দেহের ওজন এবং একজন পূর্ণবয়স্কা মহিলার দেহে ৫০মিলি/কেজি দেহের ওজন।

(গ) একজন প্রাপ্তবয়স্ক মানুষের শরীরে ৩১/২-৪ লিটার রক্ত থাকে এমনকি ৫ লিটারও থাকতে পারে। এর থেকে ৩-৪ লি. শরীরের প্রয়োজন হয়। রক্তদানে ২৫০-৩০০ মিলি রক্ত দেহ থেকে কমে যায়, তার ফলে শরীরের কোনো ক্ষতি হয় না। তা আবার ৪ মাসে পূরণ হয়ে যায়।

(ঘ) একজন পূর্ণবয়স্ক ব্যক্তি বছরে ৩-৪ বার স্বাভাবিকভাবে রক্ত দিতে পারে।

(ঙ) দুঃখের বিষয় যত মানুষ রক্ত দেয় তার মধ্যে মহিলাদের অংশগ্রহণ এখনো অনেক কম ৫-৭ শতাংশ। এ-বিষয়ে মহিলাদের সচেতন করতে হবে এবং তাদেরকে এগিয়ে আসতে হবে।

রক্তদাতার মাপকাঠি (বিশ্ব স্বাস্থ্য দ্বারা নির্দেশিত) ঃ

পুরুষ বা মহিলা যাদের বয়স ১৮-৬০ বছরের মধ্যে, কারণ ৬০ বছর বয়সের পর স্বাভাবিকভাবে রক্ত তৈরির ক্ষমতা কমে যায় এবং ১৮ বছরের আগে রক্ত তৈরির

জায়গাগুলো পুরোপুরি রক্ত তৈরি করতে সক্ষম হয় না।

দৈহিক ওজন ৫০ কেজি বা তার বেশি।

হিমোগ্লোবিন —১২ গ্রাম বা এর উপরে হতে হবে।

রক্তচাপ—১০০/৬০-এর উপরে বা ১৪০/৯০-এর নিচে, নাড়ীর গতি—৮০-১০০/মিনিট-এর মধ্যে, দেহের তাপমাত্রা—৩৭ ডিগ্রি সেন্টিগ্রেড বা ৯৮ ডিগ্রি ফারেনহাইট।

স্বাস্থ্য স্বাভাবিক থাকা চাই। ম্যালেরিয়া হলে ৩ মাসের মধ্যে এবং জন্ডিস হলে এক বছরের মধ্যে রক্ত দেওয়া চলবে না।

বছরে একজন সুস্থ্য ব্যক্তি ৩-৪ বার রক্ত দিতে পারে। কিন্তু কমপক্ষে ৩ মাসের ব্যবধান থাকতে হবে।

রক্তদানের পর ১০-১৫ মিনিট বিশ্রাম যথেষ্ট। হালকা খাবারও দেওয়া যেতে পারে। না দিলেও কোনো ক্ষতি নেই।

## কিছু বিশেষ তথ্য

জন্ম থেকে মৃত্যু পর্যন্ত কোনো মানুষের রক্তের গ্রুপের পরিবর্তন হয় না। কারণ জন্মসূত্রে এর আবির্ভাব।

- **এক বোতল রক্তে কত মানুষের উপকার হয়?**

রক্তের বিভিন্ন উপাদান আলাদাভাবে ব্যবহার করলে ৫-৬ জন মানুষ উপকৃত হতে পারে।

রক্তের মাধ্যমে সংক্রমিত রোগ—এইডস্, হেপাটাইটিস-বি এবং ডি, ম্যালেরিয়া, সাইটোমেগালো ভাইরাস, সিফিলিস্ ইত্যাদি।

- **কাদের থেকে রোগ বেশি ছড়ায়?**

প্রফেশনাল ব্লাড ডোনার, বিভিন্ন নেশার আসক্ত রক্তদাতাদের থেকে যেমন-অ্যালকোহলিক, হেরোইন, গাঁজা এবং ইনজেকশনের মাধ্যমে নেশা করে এমন ব্যক্তিদের থেকে। এই সকল কারণের জন্য বিশ্ব স্বাস্থ্য সংস্থা ভলান্টারি ব্লাড ডোনেশনের উপর বেশি জোর দিয়েছে।

রক্তদান একটি মহৎ কাজ তাই রক্তদান করুন। রক্তদানে অন্যকে উৎসাহিত করুন।




# আমাদের অন্বেষণ

● সনজিত গঙ্গোপাধ্যায়

নিজের জীবন তুচ্ছ করে
আজ মেতেছি সবার তরে,
আমরা কয়েকজন
নীচু তলায় গরীব ঘরে
বাড়াই হাত তাদের তরে
আমরা অন্বেষণ।।

সকাল থেকে সন্ধাবেলা
নিয়ে ভালোবাসার ঝোলা
ঘুরে বেড়াই গ্রামের মেঠো পথে
সেথায় যতো মানুষ জনা
সবা আমাদের ভীষণ চেনা
করছে কাজ রোদের তেজ মাথে।।

জানেনা তারা শহর কেমন
কাটছে দিন যেমন তেমন
জুটছে শুধু অর্ধ বেলা খাওয়া,
তাদের পাশে দাঁড়িয়ে যদি
বওয়াতে পারি আশার নদী
তবেই হবে সার্থকতা পাওয়া।।

সেদিন গ্রামের ছেলেমেয়ে
এসেছিলো সবাই ধেয়ে
চেয়েছিলো মোদের পরিচয়,
প্রশ্ন ছিলো মনে ওদের
তোমরা কি গো বন্ধু মোদের?
একটু কেমন সন্দেহ যে হয়?

আমরা বলি হাসিমুখে
তোমাদের দুঃখ সুখে
থাকবো হয়ে সত্যি আপনজন
আজকে থেকে আমরা যত
হোক না সবার একই ব্রত
আমরা অন্বেষণ!

জানি জানি মোদের তরে
আশীর্বাদের ঝোলা ভরে
তোমরা আছে আমাদেরই পাশে,
সামনে পানে এগিয়ে যাব
আশা মোদের দেখতে পাব
ক্লান্ত চোখেই যদি তারা
একটুখানি হাসে।।

ঃঃ

জীবলোকে মানুষেরা জ্যোতিষ্ক জাতীয়, জন্তুরা কেবলমাত্র বেঁচে থাকে, তাদের অস্তিত্ব-দীপ্ত হয়ে ওঠেনি। কিন্তু মানুষ যে কেবল আত্মরক্ষা করবে তা নয়, সে আত্মপ্রকাশ করবে। এই প্রকাশের জন্য আত্মার দীপ্তি চাই। আত্মার প্রাচুর্য থেকে, অস্তিত্বের ঐশ্বর্য থেকেই এই দীপ্তি।

—রবীন্দ্রনাথ ঠাকুর

# আনন্দময়ের আনন্দ-আলয়

**• পার্বতী ব্যানার্জ্জী**

জপ, তপ, সাধনা, একাগ্রতা ছাড়া হয় না। সাংসারিক কর্তব্য পালন করতে কত ভক্তিমতী রমনি কিংবা পুরুষ ঈশ্বরকে কাছে টেনে নিতে পারেন না। দায়বদ্ধতা একদিকে অন্তরায় হয়ে দাঁড়ায় আবার অপরদিকে বিচার, শুচির বিচার। অনেক সংসারে শুধু সাংসারিক কর্তব্য কর্ম করে গৃহিণী বলেন, ঠাকুরকে যে দু-দন্ড ডাকব সময় পাইনা মোটে, আর পুরুষটি বলেন বা ভাবেন দুটো বেশি অর্থ না এলে সন্তান মানুষ করব কি করে? এ ব্যাপারে আমার ব্যক্তিগত মতামত - আমি সন্তানও পড়িয়েছি, ঠাকুরও ডেকেছি, তবে বেশি পরিশ্রমের ফলে আজ নানাব্যাধির শিকার হয়েছি। হাড়ের ক্ষয় ও রক্তে শর্করা, চোখের ছানি, প্রায় পঁয়তাল্লিশেই বার্ধ্যকে পৌঁছেছিলাম। আজ আরো বছর দশেক জীবন যুদ্ধের সৈনিক আমি, তবে সীঁতারাম আমায় ঠিক লক্ষ্যে পৌঁছে দিয়েছেন।

আমার প্রিয় ভক্ত ভাই বোনেদের উদ্দেশ্যে আমার একটা অনুরোধ—ওরা যেন না ভাবেন যারা প্রাচুর্যে থাকে, কোন গরিবি নেই কিংবা পিছুটান নেই তারা বেশি ঈশ্বর ঈশ্বর করেন। ঠিক তার উল্টো। যত রকমের প্রতিকূলতা আছে সবই আমার জীবনে এসেছে। শুধু নিজের বিচার ধারাকে অবিচল রেখেছি। সংসারের সব কাজের মধ্যে ভগবানের কাছে আগে যাব হয়ত পাঁচ মিনিট হলেও। দুরন্ত শিশু বা বৃদ্ধ-বৃদ্ধা বাড়িতে থাকলে তাদের জন্য সময় অবশ্যই আগে দিতে হয়।

যদি সাধন পথে যেতে কেউ আগ্রহী হয় সে সমস্ত প্রতিকূলতাকে অগ্রাহ্য করে ধীরে ধীরে অগ্রসর হন। শ্রীশ্রী মা সারদা, রামকৃষ্ণ সহধর্মিনী ছিলেন। তাঁর জীবনী, বহু স্বামীজীর লেখা পড়েছি তাঁর প্রিয় অতি কাছের যে শিষ্য-শিষ্যারা ছিলেন তারাও লিখেছেন মা কিভাবে মহিলা বা যুবক ভক্তদের ঈশ্বরমুখী হতে পরামর্শ দিতেন। মাকে এত কাছের থেকে আমার পিতামহ দেখেছেন ঁলোলিত মোহন চট্টোপাধ্যায় আমার ঠাকুর্দা অতি অল্প বয়স অবধি বেঁচে ছিলেন। তবু মা সারদাকে তার নিজের বাসগৃহে নিজের ঘোড়ার গাড়ি করে (আরও অন্যান্য স্থানে, মা-দাদুর ঘোড়ার গাড়িতে যাতায়াত করেছেন) নিয়ে এসে মন্ত্র নিয়েছিলেন। আমার ঠাকুরমা খুব শুচিবাইগ্রস্থ ছিলেন। কিছু শুচিবাই গ্রস্থ মহিলা ঁমায়ের সান্নিধ্যে ছিলেন যেমন শ্রীশ্রী মায়ের অমীয়া নলিনীদেবী, "শতরূপে সারদা গ্রন্থে" ৫৩২ পাতায় মায়ের বাণী, মা বলছেন আমার ইচ্ছে হয় সবাইকে একপাত্রে বসিয়ে খাওয়াই। তা এ পোড়া দেশে জাতের বড়াই আছে"—আমিও শ্রীশ্রী মায়ের একনিষ্ঠ ভক্ত। তাঁর বাণী অক্ষরে অক্ষরে পালন করা আজকের নারীর অবশ্যই কর্তব্য। কারণ মা নারী কল্যাণের জন্যই অবতারত্ব গ্রহণ করেছেন, শুধু অজ্ঞানতার অন্ধকার দূর না হলে দেশের ও সমাজের কল্যাণ হওয়া অসম্ভব বলে। ৫৩৩ পৃষ্ঠা "শতরূপে সারদা" গ্রন্থে—

শুচিবাইকে মা মনে করতেন এক ধরনের মারাত্মক ব্যাধি। "কাকের প্রস্রাবে" অশুচি নলিনীদিকে স্নান করতে দেখে মা বললেন "শুচিবাই। মন আর কিছুতেই শুদ্ধ হচ্ছে না.....আর শুচিবাই যত বাড়াবে তত বাড়বে" মা বললেন, "আমিও তো ওদেশে কত শুকনো বিষ্ঠা মাড়িয়ে চলেছি। দুবার গোবিন্দ গোবিন্দ বললুম ব্যস শুদ্ধ হয়ে গেল"—

শ্রীশ্রী মাকে যারা জেনেছেন তাদের সাধনা পথ নিশ্চয়ই সহজ হয়ে গেছে। ভগবান রামকৃষ্ণ মাকে কোটি কোটি মানুষের উদ্ধারের জন্যই বিবাহ করেছিলেন। আর তিনিই ছিলেন ঠাকুরের শক্তি। আমাদের অজপা জপের দিকে যা বিশেষ লক্ষ্য দিতে বলেছেন। মনকে বশ করতে হয় সংস্কার মুক্ত হয়ে। মনের ভিতর যদি সর্বক্ষণ কোথায় কি অশুচি হয়ে গেল এই আলোড়ন চলতে থাকে তবে ভগবানের করুণা পাবার ইচ্ছাটাই প্রকাশ পায় না। তুচ্ছ চিন্তা-ভাবনায় মনকে কালিমাগ্রস্থ করাটাই অনেকের লক্ষ্য। পরম আরাধ্য পুরুষোত্তম শ্রীরাম তাঁর চরণ বন্দনা করে শ্রী বিষ্ণুর কাছে পৌঁছতে হবে। তাইতো ঠাকুর সীতারাম আমাদের সহজ মত ও পথ বলেছিলেন—হরে কৃষ্ণ হরে কৃষ্ণ। কৃষ্ণ কৃষ্ণ হরে হরে। হরে রাম হরে রাম। রাম রাম হরে হরে। জীবনধারণের জন্য যতটুকু প্রয়োজন তার বাইরে শুধু নামের প্রয়োজন। প্রেম নাম, অশ্রুধারায় সব গ্লানি ধুয়ে ফেলে এসো মোরা লহি নাম। চলো নিজ ধাম আনন্দময়ের আলয়ে। "জীবন মরন বিষম ব্যাধি, নিরবধি কত সহিবে আর- প্রেম পীযূষ পিয়রে শ্রীপদে ভবেরি জাত না রবে না তোর রাম কৃষ্ণ চরণ সরোজে সজরে মন মধুপ মোর। যিনি রামকৃষ্ণ তিনি শ্রীকৃষ্ণ চৈতন্য তিনিই আবার ঠাকুর সীতারাম হয়ে এসেছিলেন একই কাজের জন্য। জীবের উদ্ধার ও মুক্তির জন্য। বেদ, উপনিষদ, পুরাণ যত ধর্মগ্রন্থ - তত নতুন ধ্যান ধারণা। সব হয়ত ভক্তদের বোঝার বা বোঝাবার মত করে অনুবাদ হয়নি। কিন্তু শৈশব থেকে যারা রবি ঠাকুরের গানের ভক্ত তারা হয়ত কবিগুরুর পূজা পর্য্যায়ের গানের ডালি নিয়ে বসলে দেখবেন তাঁর ঈশ্বরের প্রতি পূজা, শ্রদ্ধা তাঁর গানে যে ভাষায় যে বাণীতে অর্ঘ্য সাজিয়েছেন তা কিন্তু আমার, আপনার সবার মনের কথা, — 'দয়া দিয়ে হবে গো মোর জীবন ধুতে

নইলে কি আর পারব তোমার চরণ ধুতে?'

প্রভুর দয়া বিনা আমাদের মনের কালিমা সরানো যায় না। মনই যদি সংস্কারে ভরে রইল তবে সেই অনন্ত বিশ্বের পালক পিতার চরণ কি করে স্পর্শ করব? বলুন চোখে জল আসে কিনা? এই বাণীতে।

আমরা তারই আলয়ে বসে বাঁচবার জন্য শ্বাস নিচ্ছি। আর সেই বিশ্বশরণকে নিত্য আরতি করে—কে? "তাঁহারে আরতি করে চন্দ্র তপন, দেব মানব বন্দেচরণ- আসীন সেই

বিশ্বশরণ তাঁরই জগত মন্দিরে"—পুরো বিশ্বই তাঁর। আহা, আমরা কত ভাগ্যবান বলুন? আজ সন্ত্রাসবাদ, আতঙ্কবাদের সমাজে আমরা কার আশ্রয় চাইব? যাঁর এই জগত তারই মন্দিরে, আনন্দ-ময়ের মন্দিরে আমরা বাস করছি।

প্রকৃতির ছয় ঋতু তাঁকে কত কুসুমে চরণ বন্দনা করছে কত সহজে ঈশ্বরের একটু করুণা পাবার আশায়। আমরা বুঝি না তিনি নিত্য ফুলবনে ফুল ফোটান - তাই তার চরণে ফুল সাজাতে পারি। আমার করজোড়ে বলতে ইচ্ছে করে প্রভু "সকল গর্ব দূর করি দিব তোমার গর্ব ছাড়িব না।" আমি এটুকু জানি কেউ আমার আপন নেই আর কেউ আপন হবে না। শুধু সীতারাম আর শ্যামনাম সঙ্গে রবে। সদা কণ্ঠে রয়। আমি আর কিছু ধন চাই না শুধু জিহ্বা যেন কৃষ্ণ বলে।

'যত মান আমি পেয়েছি যে কাজে
 সেদিন সকলই যাবে দূরে -
শুধু তব গান দেহে, মনে মোর
 বাজিয়া উঠিবে এক সুরে
পথের পথিক সেও দেখে যাবে
 তোমার বারতা মোর মুখ ভাবে
ভব সংসার বাতায়ণতলে বসে রব যবে আনমনা—
সকল গর্ব দূর করি দিব তোমার গর্ব ছাড়িব না—
 রবি ঠাকুরের ব্রহ্মসংগীত

আমাদের সমাজ নানাভাবে আমিত্বকে প্রাধান্য দিয়েছে। আমাদের চরিত্রগত গুণমানের ধামা বাজানো বহু লোকের মধ্যে আছে, কিন্তু ঈশ্বর অনুভূতি, প্রভুকে পাওয়ার যে অনুভূতি তাকে চরিত্রগত গুণ মনে করে জাহির করার মতো সাহস ক'জনের হয়েছে? যার সত্যি হয়েছে অথচ মানী সে কিন্তু আপন ঢোল বাজায় না কিন্তু ভগবানের ছোঁয়া বা করুণা যদি কোন মানী বা ধনীর জীবনে অনুভূত হয় বা কোন সাধক-সাধিকার জীবনে সত্যি অনুভূত হয় তা সে চেপে রাখতেও পারেনা। ভগবানের আবির্ভাবের পূণ্যক্ষণ সেই সাধকের মুখমণ্ডলে আনন্দরূপে কিংবা সংগীত হয়ে কিংবা লাবণ্যময় হয়ে ফুটে উঠবেই তখন আর ভব সংসার তাকে ধরে রাখতে পারে না। সেই মুহূর্তে ভক্তটি একটি আলাদা জগতে বাস করে। তার নিজস্ব জগতে। ভগবানের ভাবটিকে মনে মনে পুষে রেখে আনন্দে মগ্ন হয়ে যেন বলে "আয় মন বিরলে থাকি"। শুধু নির্জনতা আর প্রভু। আর কেউ নয়। বিশ্বসংসারে কত কি আছে পাবার কিন্তু সেই ঈশ্বর প্রেমী, শুধু পরশপাথর খুঁজবে যাকে বারবার অনুভব করছে জ্যোতিরূপে, ছায়ামূর্ত্তিরূপে, নুপুরের আওয়াজ পেয়ে, খড়মের আওয়াজ পেয়ে সর্বক্ষণ সে কান পেতে থাকে কখন তাঁর বার্তা পাবে। এই অনুভূতি শুধু সেই পায় প্রেমিক, পাগল, বাউল, নিস্কাম, নির্বাসনা যিনি।

ঠাকুর সীতারাম যেমন গুরুপাদুকা বুকে রেখেছিলেন তেমন তাঁর অহেতুক কৃপা যে আমার বাসগৃহে সীতারাম তাঁরই আলয়ে পদচিহ্ন এঁকে গেছেন ভক্ত উদ্ধারিতে। তাই যে গৃহে আনন্দ আলয়ে" যেন তার চরণধ্বনি শুনতে পাই প্রতিনিয়ত হরিনামের মধ্যে। হরে কৃষ্ণ হরে কৃষ্ণ। কৃষ্ণ কৃষ্ণ হরে হরে। হরে রাম হরে রাম। রাম রাম হরে হরে।



# মা

• শৈব্যা রায়চৌধুরী

মা তোমার পরে দিলাম ছেড়ে
 আমার সকল ভার,
আমার বোঝা বইবে তুমি
 ভাবনা নাহি আর।
বাইবো না আর মা জীবন তরী,
 তোমায় ল'ব মাঝি করি,
আমি হ'ব তোমার তরী,
 ওগো কর্ণধারী,
আমি হ'ব মা তোমার বাঁশী,
 তুমি হবে সুর,
তোমারি গান গাইবে তুমি,
 মা, হবে সুমধুর।
আমায় তুমি মা যন্ত্র ক'র
 যন্ত্রী হয়ে আমায় গ'ড়,
তুমি থাকো মা হয়ে দোসর
 জুড়ে হৃদয়পুর,
গাথবো না আর ফুলের মালা,
 আমি হব ফুল,
গাথবে তুমি কণ্ঠে তোমার
 দুলকে দো দুল দুল।
যা আছে মোর সবই মা তোমার
 করবো না আর আমার আমার,
সব ত্রুটি মাগো শুধরে নিও,
 যাই' করি আমি ভুল।

—

# 'ফিরে দেখা'

ধীরে ধীরে একান্ত নিভৃতে গড়ে ওঠা একটি প্রতিষ্ঠানের আলোকচিত্র "বারাসাত অন্বেষণ"—একটি বহুমুখী স্বেচ্ছাসেবী সংগঠন। অন্বেষণ এর বাংলা অভিধানিক অর্থ "খোঁজা"। আমরা খুঁজে পেতে চাই সেই সব মানুষদের যারা আমাদের চারপাশেই ছড়িয়ে আছে। একটু গভীরভাবে লক্ষ্য করলে আমরা দেখতে পাব একটি ১১ বছরের শিশুকে এক মুঠো ভাতের জন্য মনিবের স্ত্রীর হাতে গরম খুন্তির ছ্যাঁকা খেতে হচ্ছে। সামান্য কিছু পয়সার জন্য সারাদিন মাথায় করে ইঁট টানতে হচ্ছে। ১০টি টাকার জন্য চায়ের দোকানে সারাদিন, হাড়ভাঙ্গা খাটুনি খাটতে হচ্ছে। সঙ্গে থাকে উপরি পাওনা হিসাবে, মালিক-এর চোখ রাঙানি ও শারীরিক অত্যাচার। এইভাবে প্রতিদিন অত্যাচারিত হতে হতে এরা কেউ কেউ একদিন হারিয়ে যায় অন্ধকার জগতের মধ্যে।

আমাদের চারপাশ থেকে এইসব অসহায় শিশুদের খুঁজে বের করে এদের জন্য কিছু করার মানসিকতা নিয়ে কাজ করতে নেমে ২০০৩ সালে যাত্রা শুরু করি ৯ জন শিশুদের জন্য একটি "অনাথ আশ্রমের" মধ্য দিয়ে, আমাদের মূল লক্ষ্য হয় এই সব শিশুদের জীবন থেকে "অন্ন-বস্ত্র-আশ্রয়-চিকিৎসা ও শিক্ষা"-এই ৫টি সমস্যার সমাধান করা। শুভ অক্ষয় তৃতীয়ার দিনে "হোম-যজ্ঞ ও বেদমন্ত্র" উচ্চারণের মাধ্যমে আমাদের এই হোমের শুভ সূচনা হয়। প্রথম ৩ মাস এই সব শিশুরা বারাসাতের একটি ভাড়াবাড়িতে ছিল। তারপর ঐ বছর ১৫ আগষ্ট ৯ জন শিশু তাদের নতুন বাড়ি "হরপাড়া"-তে চলে আসে। সুঁটী নদীর পাড়ে অতি মনোরম পরিবেশে ১.৫ একর জমির উপরে ধীরে ধীরে গড়ে উঠছে এই আশ্রম।

এদের শিক্ষার জন্য ২০০৪ সালের ২২শে এপ্রিল চালু হয় —

● রামকৃষ্ণ সারদা মিশন বিদ্যালয় ঃ এটি একটি সম্পূর্ণ আশ্রমিক বিদ্যালয় 'শিশুশ্রেণী' থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত এই বিদ্যালয়টিতে আমাদের আশ্রমের ৯ জন শিশু ছাড়াও বিভিন্ন গ্রাম থেকে আরও বহু শিশুরা পড়তে শুরু করে। বর্তমানে এই বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী সংখ্যা ২৪০ জন। প্রথাগত/পুঁথিগত বিদ্যার পাশাপাশি আমরা বিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রীদের নিয়মিত নাচ, গান, ছবি আঁকা, আবৃত্তি, নাটক, খেলাধূলা, সাঁতার, ব্যায়াম, ধ্যান ও নানারকম হাতের কাজ শেখানোর ব্যবস্থা রেখেছি। লেখাপড়া ছাড়াও ছাত্র-ছাত্রীদের চরিত্র গঠনের উপর বিশেষভাবে জোর দেওয়া হয় এই বিদ্যালয়ে।

এরপর একে একে অন্বেষণের ডানায় যুক্ত হতে থাকে এক একটি নতুন পালক—

● বিবেকানন্দ ইন্সটিটিউট ফর ভোকেশনাল ট্রেনিং সেন্টার ঃ সম্পূর্ণ বিনামূল্যে গ্রামের দরিদ্র মহিলাদের নানারকম হাতের কাজের ট্রেনিং দেওয়া হয়। যেমন—সেলাই, কাটিং, নিটিং, পাটের কাজ, জরির কাজ, নানারকমের খেলনা তৈরি শেখানো হয়। এছাড়া হার্টি কালচার, ফ্লোরিকালচার, জ্যাম, জেলি, আচার ইত্যাদি বিষয়েও নিয়মিত শিক্ষা দেওয়া হয়। আমাদের এখান থেকে ট্রেনিং গ্রহণ করে গ্রামের বহু দরিদ্র মহিলারা আজ নিজের পায়ে দাঁড়িয়ে রোজগার করছে। শুধু ট্রেনিং নয়—এর পাশাপাশি আমরা SHGs গঠনের মাধ্যমে এই মহিলাদের মধ্যে ক্ষুদ্র ঋণ দান কর্মসূচী পালন করে চলেছি। বহু মহিলারা আজ তাই নতুন করে বাঁচার স্বপ্ন দেখা শুরু করেছে এবং ভীষণভাবে উপকৃত হয়ে আজ তারা স্বাবলম্বী। সামান্য হাত খরচের জন্য আজ তাদের আর স্বামীর মুখাপেক্ষী হতে হয় না। বরং তারা আজ সংসারের খরচও সামলাচ্ছে। যেমন-ছেলেমেয়েদের লেখাপড়া শেখানো, চিকিৎসা ইত্যাদি।

● বেগম রোকেয়া স্কুল ফর উইমেন এডুকেশন ঃ মহীয়সী বেগম রোকেয়ার নামাঙ্কিত এই বিদ্যালয়টিতে গ্রামের ড্রপ আউট ও অ্যাডাল্ট মহিলাদের পড়ানো দিয়ে যাত্রা শুরু হয়। পিছিয়ে থাকা, দরিদ্র, অসহায় মহিলাদেরকে আমরা পড়ানো শুরু করি। যারা নানা কারণে বিদ্যালয়ের প্রথাগত শিক্ষা থেকে বঞ্চিত এই রকম ১২ জন মুসলিম মহিলারা প্রথমে পড়তে আসেন। আমাদের সম্পাদক শ্যামল রায় চৌধুরীও সহযোগী শিক্ষকদের নিরলস পরিশ্রমের বিনিময়ে ৯ জন মহিলা রবীন্দ্রমুক্ত বিদ্যালয়ের মাধ্যমে মাধ্যমিক পরীক্ষায় বসে এবং ৯ জন মহিলাই মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়। ৩ জন দ্বিতীয় বিভাগে এবং বাকী ৬ জন তৃতীয় বিভাগে পাশ করে। এদের মধ্যে ২ জন বাদে বাকিরা সবাই দ্বিতীয়/তৃতীয় শ্রেণী পাশের যোগ্যতা নিয়ে পড়তে আসে। দীর্ঘ ৪ বছরের কঠোর পরিশ্রমের ফলস্বরূপ এই সাফল্য আসে। প্রথম দিকে যারা ভয়ে পড়তে আসা বন্ধ করত তারা আজ মাধ্যমিক পাশ করে প্রমান করে দিয়েছে অদম্য, ইচ্ছাশক্তি থাকলে সবকিছুই সম্ভব। এই সমস্ত মহিলারা অনেকে আবার উচ্চ মাধ্যমিক পরীক্ষার জন্য তৈরী হচ্ছে। এরা প্রত্যেকেই আমাদের SHGs এর সদস্যা। সংসারের সমস্ত কাজকর্ম সেরে অবসর সময়ে লেখাপড়ার পাশাপাশি এরা প্রত্যেকে নানারকম হাতের কাজ করে প্রতিদিন কিছু রোজগারও করছে।

এই বিদ্যালয়ের মাধ্যমে এখন পর্যন্ত ২৮০ জন্য সম্পূর্ণ নিরক্ষর মহিলাকে স্বাক্ষর করতে সক্ষম হয়েছি। কে বলতে পারে আগামী দিন হয়ত এদের মধ্যেও কেউ কেউ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হবে।

● অনাথ আশ্রম (নিবেদিতা হোম) ঃ স্বাধীনতার ৬৫ বছর পরেও এখনও আমরা আমাদের চারপাশে একটু লক্ষ্য করলেই দেখতে পাই প্রতিদিন বহু শিশু সারাদিনে একটি বারও পেট ভরে খেতে পায় না এবং তাদের পরনের উপযুক্ত কোন বস্ত্র নেই। রোগের কোন প্রকার চিকিৎসা হয় না। আর শিক্ষা সে তো দূর অস্ত। এছাড়া এই সব শিশুরা নানা অসৎপথে গিয়ে / বিপথগামী হয়ে ক্রিমিনালে পরিণত হচ্ছে। সেই সমস্ত অনাথ অসহায় শিশু যাদের পিতামাতা বা আপনজন কেউ নেই অথবা পিতামাতা থাকলেও এক মুঠো ভাতের জন্য অন্যের বাড়িতে, কারখানায় বা দোকানে শিশু শ্রমিক হিসাবে কাজ করতে হচ্ছে। এই সমস্ত দরিদ্র, অসহায় ও পরিত্যক্ত শিশুদের জন্য আমরা গড়ে তুলেছি এই "অনাথ আশ্রম"। আমাদের মনে হয় অন্ন-বস্ত্র-আশ্রয়-চিকিৎসা ও শিক্ষা এই ৫টি প্রধান সমস্যা যদি কোন শিশুর জীবন থেকে মুছে ফেলা যায় তাহলে সে আবার নতুন করে বাঁচার স্বপ্ন দেখবে। হিন্দু-মুসলমান-বৌদ্ধ-খ্রীষ্টান কোন নির্দিষ্ট ধর্মের বেড়াজালে আমরা আবদ্ধ নই। শিবজ্ঞানে জীব সেবাই আমাদের মূল লক্ষ্য। কারণ শ্রীরামকৃষ্ণ বলেছেন—"খালি পেটে ধর্ম হয় না"। স্বামীজীরও ঠিক একই কথা — "আগে অন্ন পরে ধর্ম"। "জন্ম হোক যথা তথা কর্ম হোক ভাল"। ফুলের মত পবিত্র নিষ্পাপ অসহায় শিশুর জন্ম যেখানেই হোক না কেন তার কর্ম যদি ভাল হয় তাহলে সে একদিন অবশ্যই সমাজে প্রতিষ্ঠা পাবে। প্রাচীন ইতিহাস পর্যালোচনা করলে আমরা দেখতে পাই বহু মহান ব্যক্তির জন্ম হয়েছিল অতি সাধারণ ঘরে। এঁরা সকলেই বড় হয়েছিলেন কারও না কারও সহযোগিতায় ও অদম্য ইচ্ছাশক্তির দ্বারা। সেজন্য আমরা অসহায় পথভ্রষ্ট শিশুদের আমাদের অনাথ আশ্রমে রেখে খাওয়া-পরা-আশ্রয়-চিকিৎসা ও শিক্ষার ব্যবস্থা করেছি ও তাদের হাতে কলমে শিক্ষাদানের মাধ্যমে আবার সমাজের মূল স্রোতে ফিরিয়ে দিতে চাই। শুধু তাই নয় এদের সঠিক চরিত্র গঠনের জন্য আমরা শিক্ষার পাশাপাশি নাচ, গান, আবৃত্তি, নাটক, যোগ ব্যায়াম, ধ্যান, অংকন, নানারকম হাতের কাজ ইত্যাদি শেখানোর ব্যবস্থা করেছি।

● **SELF HELP GORUP (SHGs)** ঃ গ্রামের দরিদ্র, দুঃস্থ অসহায় মহিলাদের জন্য আমরা দীর্ঘদিন যাবৎ নানারকম ট্রেনিং-এর ব্যবস্থা চালু রেখেছি। বর্তমানে এইসব মহিলাদের ৬৫০ জনকে নিয়ে আমরা Self Help Groups গঠন করেছি এবং এদেরকে নানারকম ট্রেনিং-এর মাধ্যমে হাতে কলমে কাজ শেখার ব্যবস্থা করেছি। যেমন—সেলাই, কাটিং, নিটিং, পাটের কাজ, মোমবাতি তৈরী, Food Processing, Food Preservation, EDP, টেরাকোটা, হাঁস-মুরগি ও গরু-ছাগল পালন, Horticulture, Floriculture ইত্যাদি ট্রেনিং-এর পর এই সব মহিলাদের স্বনির্ভর করার জন্য Microcredit-এর মাধ্যমে স্বল্প সঞ্চয় ও ঋণ দানের ব্যবস্থা করেছি। আমাদের এখান থেকে ট্রেনিং গ্রহণ করে ও ঋণ নিয়ে বহু দরিদ্র মহিলারা আজ সম্পূর্ণভাবে নিজের পায়ে দাঁড়িয়ে রোজগার করছে। বিভিন্ন এলাকার মহিলাদের নিয়ে আমরা নিয়মিত মিটিং করি এবং তাদের সমস্যা দূর করার জন্য সর্বপ্রকার চেষ্টা করি।

● **NON FORMAL SCHOOL** ঃ এটি একটি প্রথা বহির্ভূত বিদ্যালয়, (৯—১৪) বছর বয়স পর্যন্ত S.C/S.T/Backward, Dropout শিশু শ্রমিক, পথ শিশু ছাত্র/ছাত্রীদের জন্য আমরা এই বিদ্যালয় চালু করেছি। লেখাপড়ার সঙ্গে সঙ্গে এই সব শিশুদের নানারকম হাতের কাজ শেখানো হয়, শুধু তাই নয় এই সব ছাত্র-ছাত্রীদের নাচ, গান, আবৃত্তি, নাটক, অংকন, ধ্যান, সাঁতার, খেলাধূলা, যোগ-ব্যায়াম ইত্যাদি নিয়মিত শেখানো হয়। এই ছাত্র-ছাত্রীদের মধ্যে বই, খাতা, পেন ও জামাকাপড় বিতরণ করা হয়। প্রতিমাসে এদের স্বাস্থ্য পরীক্ষা করা হয় ও সম্পূর্ণ বিনামূল্যে ঔষধপত্র বিতরণ করা হয়।

**FARMER'S CLUB :** গ্রামের দরিদ্র কৃষকদের স্বনির্ভর করার জন্য আমরা কৃষকদের নিয়ে FARMER'S CLUB গঠন করেছি। এই সসস্ত কৃষকদের নিয়ে আমরা নানারকম মিটিং করি এবং তাদের সমস্যা সমাধানের চেষ্টা করি। কৃষকদের বিভিন্ন ট্রেনিং-এর ব্যবস্থা প্রথম থেকেই চালু রেখেছি যেমন—আধুনিক বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষ-আবাদ, মৎস চাষ, হাঁস-মুরগী পালন, গরু-মহিষ পালন, Horticulture, Floriculture, রবিশস্য চাষের উপকারিতা, রাসায়নিক সারের পরিবর্তে জৈব সার ব্যবহারের উপকারিতা, Agro Clinic, ভার্মিকমেপাজ, টিসু কালচার, মাসরুম চাষ, রঙ্গিন মাছ চাষ ইত্যাদি বিষয়ে ট্রেনিং ও সচেতনতা কর্মসূচীপালন করে থাকি। কৃষকদের এই সমস্ত বিষয়ে উদ্বুদ্ধ করার জন্য প্রতিবছর Agriculture Exhibition-এর আয়োজন করি এবং নানারকমভাবে পুরষ্কৃত করে থাকি।

● সুনীতি নারী শিক্ষা কেন্দ্র ঃ "অন্বেষণ"-এর পরিচালনায় গড়ে ওঠা আর একটি ইউনিট যার ঠিকানা - 'দিব্যায়ন'— হাবড়া, শ্রীমতী রেবা সরকারের বাড়িতে। এটি "অন্বেষণ"-এর হাবড়া শাখার অফিস। এই শাখার মাধ্যমে আমরা ইতিমধ্যেই হাবড়ার নেহেরুবাগ রেল কলোনীর বহু নিরক্ষর মহিলাকে স্বাক্ষর করতে সক্ষম হয়েছি। যেটা সম্পূর্ণভাবে সম্ভব হয়েছে শ্রীমতী রেবা সরকারের অদম্য ইচ্ছাশক্তির কারণে। এই বয়সেও (৭৪ বছর) তিনি তাঁর মনের জোরকে সম্বল করে এবং ৩/৪ জন সহযোগীকে সঙ্গে নিয়ে দিন রাত পরিশ্রম করে যাচ্ছেন। এই সমস্ত কলোনীর দরিদ্র মহিলাদের লেখাপড়া শেখানো, SHGs গঠন করা, নানারকম হাতের কাজ শেখানো ইত্যাদি প্রতিদিন নিয়ম মেনে করে যাচ্ছেন। শুধু তাই নয় প্রতিবছর পূজার আগে এই সমস্ত মহিলাদের

মধ্যে "বস্ত্র বিতরণ", বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা, নাচ, গান, ইত্যাদি শেখানো হয়। কিছু ড্রপ আউট শিশুদের পড়ানোর ব্যবস্তাও করেছি আমরা এখানে। এই সমস্ত ছাত্র-ছাত্রীদের বই, খাতা, পেন, পেন্সিল ইত্যাদি আমরা সম্পূর্ণ বিনামূল্যে দিয়ে থাকি। ভবিষ্যতে যদি আমরা এদের মধ্যে কাউকে মাধ্যমিক পরীক্ষায় বসাতে পারি তাহলে আমাদের প্রয়াস হয়তো স্বার্থক হবে।

**● বার্ষিক পুরস্কার বিতরণী (ক্রীড়া প্রতিযোগিতা) ঃ** প্রতিবছর ২৬ জানুয়ারী আমরা আমাদের সমস্ত বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নিয়ে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করে থাকি, সবশেষে বিজয়ী ছাত্র-ছাত্রীদের মধ্যে নানারকম পুরস্কার বিতরণ করে থাকি। ছাত্র / ছাত্রীদের সঙ্গে অভিভাবক-অভিভাবিকারা ও এলাকার বহুমানুষ এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। পুরস্কার বিতরণী সভায় বহু জ্ঞানীগুণী, বিজ্ঞানী ও বিশিষ্ট সমাজসেবী ব্যক্তিরা উপস্থিত থাকেন।

—

## সংসর্গ

**● শুক্লা ভট্টাচার্য**

অন্ধকারে পথে হাঁটতে যেতেই,
মাটি কোপানো কোদাল পায়ে—
তীব্র বিষের চুম্বনে
অনুভব করি— উগ্র ঝাঁঝালো
লবণের গন্ধ।
সংসর্গেই বিষাক্ত হয় দেহ—
নইলে সাফসুতরো গোলাপ
আজীবন গন্ধ ছড়ায়।

## কুইজ কুইজ

১। একবার প্রচণ্ড ঠান্ডায় নায়েগ্রা জলপ্রপাত জমে গিয়েছিল। কোন সালে?
২। যাবদপুর বিশ্ববিদ্যালয়ের প্রতীকটি কে করে দিয়েছিলেন?
৩। কুমোরটুলির কুমোররা কোথা থেকে এসেছিলেন। কত শতাব্দীতে?
৪। ফোর্ট উইলিয়ামে ছটি তোরণ আছে। নাম কী?
৫। কলকাতা পুলিশের সূচনা কোন সালে?
৬। হেনরি ডিরোজিও কাহিনী নিয়ে উৎপল দত্ত একটি সিনেমা করেছিলেন। নাম কী?
৭। শৈলশহর রানিখেত নামটি দেওয়া হয়েছে ভারতের এক রানিকে স্মরণ করে। তাঁর নাম কী?
৮। রাজ্য জনক তাঁর চিত্রশিল্পীদের রামচন্দ্র ও সীতার ছবি আঁকতে নির্দেশ দিয়েছিলেন। সেই ছবি থেকে কোন ধরনের চিত্রকলার সৃষ্টি হয়?
৯। বিরিয়ানিতে আলু দেওয়া শুরু করেন কে? কোথায়?
১০। 'তখ্ত'-ই-তউস' কী নামে অধিক পরিচিত?
১১। ভারতের কোন মন্দিরে সব থেকে বেশি চুল দান করা হয়?
১২। মানুষের শরীরে কোন ধাতু সবথেকে বেশি থাকে?

**কুইজ কুইজ-এর উত্তর**

(১) ১৯৩২ সালে। (২) নন্দলাল বসু। (৩) কৃষ্ণনগর থেকে— সপ্তদশ শতকে। (৪) পলাশি, চৌরঙ্গি, কলকাতা, ওয়াটার গেট, সেন্ট জর্জেস ও ট্রেজারি গেট। (৫) ১৮৪০ সালে। (৬) ঝড়। (৭) রানি পদ্মিনী। (৮) মধুবনি। (৯) নবাব ওয়াজিদ আলি শাহ, কলকাতার মেটিয়াবুরুজে। (১০) ময়ূর সিংহাসনে। (১১) তিরুপতিতে। (১২) ক্যালশিয়াম।

# বিজ্ঞানের খবর

## মহর্ষি গিরগিটি

টিকটিকি, গিরগিটি, গোসাপ প্রভৃতি লিজার্ড গোত্রীয় সরীসৃপেরা আমিষভোজী প্রাণী। অতি সম্প্রতি বিজ্ঞানীরা ফিলিপাইনে বেশ বড় আকৃতির এক গিরগিটি জাতীয় প্রাণীর নতুন প্রজাতি আবিষ্কার করেছেন। যে জীবহিংসা পছন্দ করে না। তপস্বীদের মতো ফল খেয়ে জীবনধারণ করে। প্রায় দু'মিটার লম্বা, চকচকে হলুদ শক্ত আঁশে ঢাকা এই গিরগিটির দেখা কিন্তু খুব সহজে পাওয়া যায় না। এর বিজ্ঞানসম্মত নাম ভ্যারানাস বিটা টয়া।



## সমুদ্র কিভাবে এল

স্থলভাগসম্পন্ন গ্রহ পৃথিবীতে কীভাবে সমুদ্রর উৎপত্তি হয়েছিল এ প্রশ্ন অহরহ বিজ্ঞানীদের চিন্তাগ্রস্ত করে রেখেছিল। কার্যকারণ জানার জন্য বিভিন্ন ধরনের গবেষণার অন্ত ছিল না। অতি সম্প্রতি গবেষণালব্ধ এক ফল থেকে জানা গেছে প্লানেট সিমালস্ (গ্রহের মধ্যেই উৎপত্তি হওয়ার সময় বিভিন্ন কণিকাগুলি নিজেরাই যে জল উৎপন্ন করেছিল সেগুলিই মিলিত হয়ে সমুদ্রের সৃষ্টি করেছে। যদিও প্লানেট সিমালস্‌গুলি খুবই অল্প পরিমাণ, মাত্র শতকরা ০.০১ থেকে ০.০০১ ভাগ জল তাদের সামগ্রিক ভরের তুলনায় বহন করত। এ প্রসঙ্গে উল্লেখ্য বিজ্ঞানীরা এখনও পর্যন্ত পৃথিবীর আদি অবস্থায় প্লানেট সিমালদের আয়তন সম্বন্ধে কোনো ধারণা করতে পারেননি। তাঁদের মতে প্লানেট সিমালস্ থেকে প্রথম বায়ুরূপে জলীয় অংশ বেরিয়ে আসে তারপর ঠান্ডা হয়ে ঘনীভূত হয় এবং জল হয়ে সমুদ্রের সৃষ্টি করে।



**এক নজরে**

### প্রথম বলে আউট

জীবনের প্রথম টেস্টের প্রথম বলেই উইকেট পেয়ে রেকর্ড গড়েছেন অস্ট্রেলিয়ার অফব্রেক বোলার নাথান লিয়ন। বিশ্বের ১৪ নম্বর খেলোয়ার হিসেবে লিয়ন এই কৃতিত্ব অর্জন করেন। লিয়ন গালে শ্রীলঙ্কার বিরুদ্ধে তাঁর অভিষেক টেস্টের প্রথম বলে আউট করে দিয়েছেন কুমার সাঙ্গাকারাকে। এই কৃতিত্ব অস্ট্রেলিয়ার বোলারদের মধ্যে প্রথম অর্জন করেছিলেন আর্থার কনিংহোম। ইংল্যান্ডের বিরুদ্ধে ১৮৯৪ সালে।

## চাঁদের ফুল গাঁদা

কথাটা ঠিক বলা হল না। গাঁদা ঠিক চাঁদের ফুল নয়। তবে ইউরোপীয়ান স্পেস এজেন্সি (**ESA**)-র বিজ্ঞানীরা জানিয়েছেন চাঁদের মাটিতে গাঁদাগাছ জন্মাতে পারবে। সেজন্য কোনো পরিপোষক (নিউট্রিয়েন্টস) পৃথিবী থেকে চাঁদে নিয়ে যেতে হবে না। আসলে চাঁদে মানুষের বসতি স্থাপন করার প্রথম ধাপ হিসেবে সেখানে কিছু উদ্ভিদ জন্মানোর ব্যবস্থা করা হচ্ছে। নাসার বিজ্ঞানীরা এনথ্রোসাইট গুঁড়োর মধ্যে বিভিন্ন উদ্ভিদ লাগিয়ে পরীক্ষা-নিরীক্ষা করতে করতে দেখেছেন এযাবৎ লাগানো কোনো গাছই বাঁচেনি, গাঁদাগাছ ব্যতিক্রম। কেবল বেঁচে থাকায় নয় সেটি সবল ও পুষ্ট গাছ—ফুলও ফুটেছে। এনথ্রোসাইট শিলা চাঁদের উপরভাগে প্রাপ্ত শিলাচূর্ণের সঙ্গে গঠনগতভাবে একই রকম হওয়ার জন্যই গাঁদাগাছকে নাসার বিজ্ঞানীরা চাঁদের জন্য উপযুক্ত ভাবছেন।



## কীট থেকে গয়না

কীটপতঙ্গ থেকে সকলে দূরে থাকতে ভালোবাসে। কিন্তু সেগুলি থেকেও যে অলংকার তৈরি হয় তা ক'জন জানে? যেগুলির সৌন্দর্য এবং দাম রত্নালংকারের চেয়ে কোনো অংশেই কম নয়। অ্যামাজোনিয়াম ইন্ডিয়ানসরা বিউপ্রিসটিড বীটল, যার বিজ্ঞানসম্মত নাম ইউকরমা জাইগানটিয়ান, কীটের দেহ দিয়ে যে অলংকার তৈরি করে তা এখন সবচেয়ে দামি এবং সুন্দর। দেখ তোমরাও এরকম কোনো পোকা দিয়ে গয়না তৈরি করতে পারো কিনা।

## আবেদন

বালকাশ্রম (অনাথ আশ্রম) সম্প্রসারণ, শিশু শিক্ষা বিস্তারে বিদ্যালয় ভবন নির্মাণ, বৃদ্ধাশ্রম ইত্যাদি প্রকল্পের রূপায়নে প্রচুর অর্থের প্রয়োজন। স্বামীজীর আদর্শে অনুপ্রাণিত হয়ে বিগত বছরগুলি ধরে গড়ে উঠছে আমাদের এই সেবা প্রকল্প।

মানব সেবার মাধ্যমে ঈশ্বর সেবা ও ব্যাপক শিক্ষার মাধ্যমে মানুষ তৈরী করাই আমাদের প্রেরণা। সেজন্য জাতি-ধর্ম-বর্ণ-নির্বিশেষে সকল সহৃদয়বান ব্যক্তির কাছে আমরা সাহায্যের আবেদন জানাচ্ছি।


যে কোন আর্থিক দান ৮০-জি ধারায় আয়করমুক্ত।

সব দানেরই সকৃতজ্ঞ প্রাপ্তি স্বীকার করা হবে।



'নেতা হতে যেয়ো না, সেবা কর।
নেতৃত্বের এই পাশব প্রবৃত্তি জীবন সমুদ্রে অনেক বড় বড় জাহাজ ডুবিয়েছে।
এই বিষয়ে বিশেষ সতর্ক হও
অর্থাৎ মৃত্যুকে অবধি তুচ্ছ করে নিঃস্বার্থ হও এবং কাজ কর।"

—স্বামী বিবেকানন্দ


আমরা কর্ণধার
রবীন্দ্র মঞ্চ
বারাসাত অন্বেষণ
হরপাড়া, মাধবপুর, কোলকাতা-৭০০১২১